চাঁদের পাহাড়

শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়



এম, সি, সরকার এগু সন্স লিঃ

১৪, কলেজ স্কোয়ার, কলিকাতা

দাম-এক টাকা আট আনা

টাদের পাহাড় কোনও ইংরিজি উপস্থাসের অমুবাদ নয় বা ঐ শ্রেণীর কোনও বিদেশী গল্পের ছায়াবলম্বনে লিখিত নয়। এই বই-এর গয় ও চরিত্রগুলি আমার কয়না-প্রস্তা। তবে আফ্রিকার বিভিন্ন অঞ্চলেব ভৌগলিক সংস্থান ও প্রাকৃতিক দৃশ্যের বর্ণনাকে প্রকৃত অবস্থার অমুযার্মি করবার জন্তে আমি স্থান এইচ্,এইচ্, জন্তন্ (Sir Harry Johnston) Rosita Forbes প্রভৃতি ক্ষেক্টি বিখ্যাত ভ্রমণকারীব পৃস্তকের সাহায় গ্রহণ করেছি।

প্রসঙ্গক্রমে বলা যেতে পারে যে, এই গল্পে উল্লিখিত রিখ্টাবস্ভেল্ড পর্বতমালা পশ্চিম মধ্য আফিকান অতি প্রসিদ্ধ পর্বতশ্রেণী এবং ডিঙ্গোনেক (Rhodesian monter) ও বৃদ্ধিবে প্রবাদ জুলুল্যাণ্ডেই বহু আরণ্য-অঞ্চলে আজও প্রচলিত।

সেণ্ট্ফ্র্যাঙ্কো সৌর স্তোত্তের অন্থবাদটী স্বর্গীন মোহন চট্টোপাধায় কৃত।

শিল্পী শ্রীষ্ক্ত বিনয় বস্ত্র এই পুস্তকের প্রচ্ছদপদ ও ছবিগুলি আঁকিয়া আমাকে ক্তজ্ঞতা পাশে আবদ্ধ করিয়াছেন।

বারাকপুর, যশোহর

শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

খুকুকে দিলাম

দাৰাকপুৰ, মণোহৰ } ত্ৰীবিভূতিভূমণ বনেয়াপাধ্যায় ১লা আঘিন, ১০৪৪ }



ডিলোনেক! ডিলোনেক !! পালাও, পালাও সাহেব!

চাঁদের পাহাড়

975

শঙ্কর একেবারে অজ পাড়াগাঁয়ের ছেলে। এইবার সে
সবে এফ্, এ পাশ দিয়ে এসে প্রামে বসেচে। কাজের মধ্যে
সকালে বন্ধুবান্ধবদের বাড়ীতে গিয়ে আড্ডা দেওয়া, তুপুরে
আহারাস্তে লম্বা ঘুম, বিকেলে পালঘাটের বাওড়ে মাছ ধরতে
যাওয়া। সারা বৈশাথ এভাবে কাটবার পরে একদিন তার
মা ডেকে বল্লেন—শোন্ একটা কথা বলি শঙ্কর। তোর
বাবার শরীর ভাল নয়। এ অবস্থায় আর তোর পড়াগুনো
হবে কি করে? কে খরচ দেবে ? এইবার একটা কিছু
কাজের চেষ্টা ভাখ।

মায়ের কথাটা শঙ্করকে ভাবিয়ে তুললে। সত্যিই তার বাবার শরীর আজ ক'মাস থেকে খুব খারাপ যাচেচ। কলকাতার খরচ দেওয়া তাঁর পক্ষে ক্রমেই অসম্ভব হয়ে উঠচে। অথচ করবেই বা কি শঙ্কর ? এখন কি তাকে কেউ চাকুরী দেবে ? চেনেই বা সে কাকে ?

আমরা যে সময়ের কথা বলচি, ইউরোপের মহাযুদ্ধ বাধতে তথনও পাঁচ বছর দেরী। ১৯০৯ সালের কথা। তথন চাকুরীর বাজার এতটা খারাপ ছিল না। শঙ্করদের গ্রামের এক ভব্রলোক শ্রামনগরে না নৈহাটীতে পাটের কলে চাকুরী করতেন। শহরের মা তাঁর স্ত্রীকে ছেলের চাকুরীর কথা বলে এলেন। যাতে তিনি স্বামীকে বলে শহরের জ্ঞান্তে পাটের কলে একটা কাজ যোগাড় করে দিতে পারেন। ভব্রলোক পরদিন বাড়ী বয়ে বলতে এলেন যে শহরের চাকুরীর জ্বান্তে তিনি সাধ্যমত চেষ্টা করবেন।

শকরে সাধারণ ধরণের ছেলে নয়। স্কুলে পড়বার সময় সেবরাবর খেলাধূলোতে প্রথম হয়ে এসেচে। সেবার মহকুমার এক্জিবিসনের সময় হাইজাম্পে সে প্রথম স্থান অধিকার ক'রে মেডেল পায়। ফুটবলে অমন সেণ্টার ফরওয়ার্ড ও অঞ্চলে তখন কেউ ছিল না। সাঁতার দিতে তার জুড়ি খুঁজে মেলা ভার। গাছে উঠতে, ঘোড়ায় চড়তে, বক্সিংএ সে অভ্যন্ত নিপুণ। কলকাতায় পড়বার সয়য় ওয়াই, এম, সি, এ'তে সে রীতিমত বক্সিং অভ্যাস করেচে। এই সব কারণে পরীক্ষায় সে তত ভাল করতে পারে নি, দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছিল।

কিন্তু তার একটা বিষয়ে অন্তুত জ্ঞান ছিল। তার বাতিক ছিল যত রাজ্যের ম্যাপ ঘাঁটা ও বড় বড় ভূগোলের বই পড়া। ভূগোলের অঙ্ক কসতে সে খুব মজবুত। আমাদের দেশের আকাশে যে সব নক্ষত্র মগুল ওঠে, তা সে প্রায় সবই চেনে—ওটা কালপুরুষ, ওটা সপ্তর্ষি, ওটা ক্যাসিওপিয়া, ওটা বৃশ্চিক, কোন মাসে কোনটা ওঠে, কোনদিকে ওঠে—ওর সব নখ-

দর্পণে। আকাশের দিকে চেয়ে তখনি বলে দেবে। আমাদের দেশের বেশী ছেলে যে এসব জানে না, এ কথা নিঃসন্দেহে বলা যেতে পারে।

এবার পরীক্ষা দিয়ে কলকাতা থেকে আসবার সময়ে সে একরাশ ওই সব বই কিনে এনেছে, নির্জ্জনে বসে প্রায়ই পড়ে আর কি ভাবে ওই জানে। তারপর এল তার বাবার অত্থ্য, সংসারের দারিজ্য এবং সঙ্গে সঙ্গে মায়ের মুখে পাটকলে চাকুরী নেওয়ার জন্মে অমুরোধ। কি করবে সে ? সে নিতান্ত নিরুপায়। মা-বাপের মলিন মুখ সে দেখতে পারবে না। অগত্যা তাকে পাটের কলেই চাকুরী নিতে হবে। কিন্তু জীবনের স্বপ্ন তাহোলে ভেঙ্গে যাবে, তাও সে যে না বোঝে এমন নয়। ফুটবলের নাম করা দেণ্টার ফরওয়ার্ড, জেলার হাই জাম্প চ্যাম্পিয়ন, নাম-জাদা সাঁতারু শঙ্কর হবে কিনা শেষে পাটের কলের বাবু ? নিকেলের বইয়ের আকারের কোটোতে খাবার কি পান নিয়ে ঝাড়ন পকেটে ক'রে তাকে সকালের ভোঁ বাজতেই ছটতে হবে কলে—আবার বারোটার সময় এসে তুটো খেয়ে নিয়েই আবার রওনা—ওদিকে সেই ছ'টার ভোঁ বাজুলে ছুটী। তার তরুণ তাজা মন এর কথা ভাবতেই পারে না যে! ভাবতে গেলেই তার সারা দেহ মন বিদ্রোহী হয়ে ওঠে—রেসের ঘোড়া শেষ কালে ছ্যাকড়া গাড়ী টানতে যাবে ? সন্ধ্যার বেশী দেরী নেই। নদীর ধারে নির্জ্ঞান বসে বসে শঙ্কর এই সব কথাই ভাব্ছিল। তার মন ` উড়ে যেতে চায় পৃথিবীর দূর, দূর দেশে শত হঃসাহসিক কাজের মাঝখানে। লিভিংগ্রোন, প্রানলির মত, ছারি জন্ইন, মার্কো পোলো, রবিনসন ক্রুদোর মত। এর জত্যে ছেলেবেলা থেকে সে নিজেকে তৈরী করেচে—যদিও এ কথা ভেবে দেখেনি অন্তদেশের ছেলেদের পক্ষে যা ঘটতে পারে, বাঙ্গালীর ছেলেব পাক্ষে তা ঘটা এক রকম অসম্ভব। তারা তৈরী হয়েচে কেরানী, স্কুলমাপ্রার, ডাক্তার বা উকিল হবার জত্যে। অজ্ঞাত অঞ্চলের অজ্ঞাতপথে পাড়ি দেওয়ার আশা তাদের পক্ষে নিতান্তই ত্রাশা।

সে রাত্রে বড় অন্তৃত একটা স্বপ্ন দেখলে সে।......

চারধারে ঘন বাঁশের জঙ্গল। বুনো হাতীর দল মড়্ মড়্ করে বাঁশ ভাওচে। সে আর একজন কে তার সঙ্গে, তৃজনে একটা প্রকাণ্ড পর্বতে উঠেচে; চারি ধারের দৃশ্য ঠিক হাউপটমানের লেখা মাউন্টেন্ অফ্ দি মুনের দৃশ্যের মত। সেই ঘন বাঁশ বন, সেই পরগাছা ঝোলানো বড় বড় গাছ, নীচে পচাপাতার রাশ, মাঝে মাঝে পাহাড়ের খালি গা—আব দরে গাছপালার ফাঁকে জ্যোৎস্নায় ধোয়া সাদা ধব্ধবে চিরত্যারে ঢাকা পর্বত শিখরটী—এক এক বার দেখা যাচ্ছে, এক একবার বনের আড়ালে চাপা বড়চে। পরিজ্ঞার আকাশে ছ একটা তারা এখানে ওখানে। একবার সভ্যিই সে ঘেন বুনো হাতীর গর্জন শুনতে পোলে শসমস্ত বনটা কেঁপে উঠল এত বাস্তব বলে মনে হোল সেটা, যেন সেই ডাকেই তার ঘুম ভেঙে গেল। বিছানার উপর উঠে বস্ল, ভোর হয়ে গিয়েচে, জানালার ফাঁক দিয়ে দিনের আলো ঘরের মধ্যে এসেচে।

উঃ, কি স্বপ্নটাই দেখেচে যে! ভোরের স্বপ্ন নাকি সতি। হয়! বলে তো অনেকে।

অনেকদিনের আগেকাব একটা ভাঙ্গা পুনোনো মন্দির আছে তাদের গাঁয়ে। বারভূঁইয়ার এক ভূঁইয়ার জামাই মদন বায় নাকি প্রাচীন দিনে এই মন্দির তৈরী করেন। এখন মদন রায়ের বংশে কেউ নেই। মন্দির ভেঙ্গে চুরে গিয়েচে, অশথ গাছ, বট গাছ গজিয়েচে কার্ণিসে—কিন্তু যেখানে ঠাকুরের বেদী, তার ওপরের খিলেনটা এখনও ঠিক আছে। কোনো মৃত্তি নেই, তবুও শনি মঙ্গল বারে পূজো হয়, মেয়েরা বেদীতে সিঁত্র চন্দন মাথিয়ে রেখে যায়, সবাই বলে ঠাকুর বড জাগ্রত

—যে যা মানত করে তাই হয়। শঙ্কর সেদিন স্নান করে উঠে মন্দিরের একটা বটের ঝুরির গায়ে একটা ঢিল ঝুলিয়ে কি প্রার্থনা জানিয়ে এল।

বিকেলে সে গিয়ে অনেকক্ষণ মন্দিরের সাম্নে ছর্বাঘাসের বনে বসে রইল। ক্লুজায়গাটা পাড়ার মধ্যে হোলেও বনে ঘেরা, কাজেই একটা পোড়ো বাড়ী; এদের বাড়ীতে একটা খুন হয়ে গিয়েছিল শঙ্করের শিশুকালে—সেই থেকে বাড়ীর মালিক এ গ্রাম ছেড়ে অক্সত্র বাস করচেন। স্বাই বলে জায়গাটায় ভূতের ভয়। একা বড় কেউ এদিকে আসেনা। শঙ্করের কিন্তু এই নির্জ্জন মন্দির প্রাঙ্গণের নিরালা বনে চুপ করে বসে থাকতে বড় ভাল লাগে।

ওর মনে আজ ভোরের স্বপ্নটা দাগ কেটে বসে গিয়েচে।
এই বনের মধ্যে বসে শঙ্করের আবার সেই ছবিটা মনে পড়ল

ন্সেই মড়, মড়, করে বাঁশঝাড় ভাঙ্চে বুনোহাতীর দল,

শ্বাহাড়ের অধিত্যকার নিবিড় বনে পাতালতার কাঁকে কাঁকে
আনক উচুতে পর্বতের জ্যোৎস্লাপাণ্ড্র তুষারবৃত শিখর দেশটা
থেন কোন স্বপ্নরাজ্যের সীমা নির্দেশ করচে। কত স্বপ্ন তো
সে দেখেচে জীবনে—এত সুস্পন্ন ছবি স্নপ্নে সে দেখেনি
কখনো—এমন গভীর রেখাপাত করেনি কোনো স্বপ্ন তার
মনে।……

সব মিথ্যে। তাকে যেতে হবে পাটের কলে চাকুরী করতে। তাই তার ললাট-লিপি নয় কি ?



কিন্তু মানুষের জীবনে এমন সব অদ্ভূত ঘটনা ঘটে তা উপস্থাসে ঘটাতে গেলে পাঠকেরা বিশ্বাস করতে চাইবে না, হেসেই উডিয়ে দেবে।

শঙ্করের জীবনেও এমন একটা ঘটনা সম্পূর্ণ অপ্রত্যাশিত ভাবে ঘটে গেল।

সকালবেলা সে একটু নদীর ধারে বেড়িয়ে এসে সবে বাড়ীতে পা দিয়েচে, এমন সময়ে ওপাড়ার রামেশ্বর মুখুয়োব স্থী একটুক্রো কাগজ নিয়ে এসে তার হাতে দিয়ে বল্লেন—বাবা শক্ষর, আমার জামায়ের খোজ পাওয়া গেছে অনেক দিন পবে। ভদ্রেশ্বরে ওদের বাড়ীতে চিঠি দিয়েচে, কাল পিণ্টু সেখান থেকে এসেচে এই ঠিকানা তারা লিখে দিয়েচে। পড়তো বাবা ?

শঙ্কর বল্লে—উঃ প্রায় ত্বছরের পর থোঁজ মিল্ল। বাড়ী থেকে পালিয়ে গিয়ে কি ভয়টাই দেখালেন! এর আগেও তো একবার পালিয়ে গেছলেন—না? তারপর সে কাগজটা থুললে। লেখা আছে—প্রসাদদাস বন্দ্যোপাধ্যায়, ইউগাণ্ডা রেলওয়ে তেড্ অফিস, কন্ট্রাকসন ডিপার্টমেন্ট, মোম্বাসা, পূর্বব্ আফ্রিকা।

শয়রের হাত থেকে কাগজের টুকুরোটা পড়ে গেল। পূর্বব আফ্রিকা! পালিয়ে মান্তবে এতদূর যায়? তবে সে জানে ননীবালা দিদির এই স্বামী সত্যন্ত একরোকা ডানপিটে ও ভবঘুরে ধরণের। একবার এই গ্রামেই তার সঙ্গে শঙ্করেব আলাপও হয়েছিল—শঙ্কর তখন এন্ট্রান্স ক্লাসে সবে উঠেচে। লোকটা খুব উদার প্রকৃতির, লেখাপড়া ভালই জানে, তবে কোন একটা চাকুরীতে বেশীদিন টিকে থাকতে পারে না, উড়ে বেড়ানো স্বভাব। আর একবার পালিয়ে বর্মা না কোচীন কোথায় যেন গিয়েছিল। এবারও বড় দাদার সঙ্গে কি নিয়ে মনোমালিক্য হওয়ার দরুণ বাড়ী থেকে পালিয়েছিল—এ খবর শঙ্কর আগেই শুনেছিল। সেই প্রসাদ বাবু পালিয়ে গিয়ে ঠেলে উঠেছে একেবারে পূর্ব্ব আফ্রিকায়।

রামেশ্বর মুখুয্যের স্ত্রী ভালো বুঝতে পারলেন না তাঁর জামাই কতদূরে গিয়েছে। অতটা দূরছের তাঁর ধারণা ছিল না। তিনি চলে গেলে শঙ্কর ঠিকানাট। নিজের নোট বইয়ে লিখে রাখলে এবং সেই সপ্তাতের মধ্যেই প্রসাদ শাবকে একখানা চিঠি দিলে। শঙ্কবকে তাঁর মনে আছে কি ? তাঁর শগুর বাড়ীব গায়ের ছেলে সে। এবার এফ. এ, পাশ দিয়ে বাড়ীতে বসে আছে। ভতিনি কি একটা চাকুরী করে দিতে পারেন ভাদের বেলের মধ্যে হৈ বতদূরে হয় সে যাবে।

দেড়মাস পরে, যখন শহর প্রায় হতার হয়ে পড়েচে চিঠির উত্তর প্রাপ্তি সম্বন্ধে—তথন একগানা খামের চিঠি এল শহ্বরের নামে। তাতে লেখা আছে :—

> মোথাসা ২৭ং পোট খ্রীট

প্রিয় শঙ্কর,

তোমার পত্র পেয়েচি। তোমাকে আমার খুব মনে আছে। কব্জির জোরে তোমার কাছে সেবার হেরে গিয়েছিলুম, সে কথা ভূলিনি। তুমি আসবে এখানে ? চলে এসো। তোমার মত ছেলে যদি বাইরে না বেরুবে তবে কে আর বেরুবে ? এখানে নতুন রেল তৈরী হচ্ছে, আরও লোক নেবে। যত তাড়াতাড়ি পারো, এসো। তোমার কাজ জুটিয়ে দেবার ভার আমি নিচিচ। তোমাদের—প্রসাদদাস বন্দ্যোপাধ্যায়

শঙ্করের বাবা চিঠি দেখে খুব খুসি। যৌবনে তিনিও নিজে ছিলেন ডানপিটে ধরণের লোক। ছেলে পাটের কলে চাকুরী কারতে যাবে তার এতে মত ছিল না, শুধু সংসারের অভাব অনটনের দরুণ শঙ্করের মায়ের মতেই সায় নিতে বাধ্য হয়েছিলেন।

এর শাস খানেক পরে শঙ্করের নামে এক টেলিগ্রাম এল দিন্দ্রপ্রর থেকে সেই জামাইটা দেশে এসেচেন সম্প্রতি। শঙ্কর যেন গিয়ে তাঁর সঙ্গে দেখা কবে টেলিগ্রাম পেয়েই। তিনি আবাব মোম্বাসায় ফিরবেন দিন কুড়ির মধ্যে। শঙ্কবকে তাহোলে সঙ্গে করে তিনি নিয়ে যেতে পারেন।

ছুই

চার মাস পরের ঘটনা। মার্চ্চ মাসের শেষ।

মোস্বাসা থেকে যে রেলপথ গিয়েচে কিমুমু-ভিক্টোরিয়া নায়ান্জা হ্রদের ধারে—তারই একটা শাখা লাইন তথন তৈরী হচ্চিল। জায়গাটা মোস্বাসা থেকে সাড়ে তিন শো মাইল পশ্চিমে। ইউগাণ্ডা রেলওয়ের হুড্স্বার্গ ষ্টেশন থেকে বাহাত্তর মাইল দক্ষিণ পশ্চিম কোণে। এখানে শঙ্কর কনষ্ট্রাক্সন ক্যাম্পের কেরাণী ও সরকারী ষ্টোর্কিপার হয়ে এসেচে। থাকে ছোট একটা তাঁবুতে। তার আশে পাশে অনেক তাঁবু। এখানে এখনও বাড়ীঘর তৈরী হয় নি বলে তাঁবুতেই সবাই থাকে। তাঁবুওলো একটা খোলা জায়গায় চক্রাকারে সাজানো—তাদের চারিধার ঘিরে বহু দূরব্যাপী মুক্ত প্রান্তর, দীর্ঘ দীর্ঘ ঘাসে ভরা, মাঝে মাঝে গাছ। তাঁবুগুলোর ঠিক গায়েই খোলা জায়গার শেষ সীমায় একটা বড় বাওবাব্ গাছ। আফ্রিকার বিখ্যাত গাছ, শঙ্কর কতবার ছবিতে দেখেছে, এবার সত্যিকার বাওবাব্ দেখে শঙ্করের যেন আশা মেটে না।

নতুন দেশ, শঙ্করের তরুণ তাজা মন—সে ইউগাণ্ডার এই নির্জ্জন মাঠ ও বনে নিজের স্বপ্নের সার্থকতাকে যেন খুঁজে পেলে। কাজ শেষ হয়ে যেতেই সে তাবু থেকে রোজ বেরিয়ে পড়তো—যেদিকে তু'চোখ যায় সেদিকে বেড়াতে বের হ'ত—পূবে, পশ্চিমে, দক্ষিণে, উত্তরে। সব দিকেই লম্বা লম্বা ঘাস, কোথাও মান্তবের মাথা সমান উচু, কোথাও তার চেয়েও উচু।

কন্ট্রাক্সন তাঁবুর ভারপ্রাপ্ত এঞ্জিনিয়ার সাহেব একদিন শঙ্করকে ডেকে বল্লেন—শোনো রায়, ওরকম এখানে বেড়িও না। বিনা বন্দুকে এখানে এক পাও যেও না। প্রথম, এই ঘাসের জনিতে পথ হারাতে পারো। পথ হারিয়ে লোকে এসব জায়গায় মারাও গিয়েচে জলের অভাবে। দ্বিতীয়,

ইউগাণ্ডা সিংহের দেশ। এখানে আমাদের সাড়াশব্দ আর হাতুড়ী ঠোকার আওয়াজে সিংহ হয়তো একটু দূরে চলে গিয়েচে—কিন্তু ওদের বিশ্বাস নেই। খুব সাবধান। এ সব অঞ্চল মোটেই নিরাপদ নয়।

একদিন তুপুরের পবে কাজকর্ম বেশ পুবোদমে চলচে, হঠাৎ তাব্ থেকে কিছুদূরে লক্ষা ঘাসেব জমিব মধ্যে মন্ত্য্যকণ্ঠের আর্ত্তনাদ শোনা গেল। সবাই সেদিকে ছুটে গেল ব্যাপাব কি দেখতে। শাহরও ছুট্ল—ঘাসের জমি পাতি পাতি কবে থোঁজা তোল—কিছুই নেই সেখানে

কিসের চীৎকাব তবে গ

এঞ্জিনিয়াব সাহেব এলেন। কুলীদেব নাম-ডাক গোল, দেখা গেল একজন কুলী অনুপতিত। অনুসন্ধানে জানা গেল সে একটু আগে ঘাসের বনের দিকে কি কাজে গিয়েছিল, তাকে ফিরে আসতে কেউ দেশে নি।

খোজাথুঁজি করতে করতে ঘাসের বনেব বাইবে কটা বালিব ওপরে সিংহেব পায়ের দাগ পাওয়া গেল। সাহেব বন্দুক নিয়ে লোকজন সঙ্গে পায়ের দাগ দেখে অনেক দূর গিয়ে একটা বড় পাথরের আড়ালে ১৩ভাগ্য কুলীর বক্তাক্ত দেহ বার করলেন।

ভাকে ভাবতে ধরাধরি কবে নিযে আসা গোল। কিন্তু সিংহেব কোনো চিহ্ন মিল্ল না। লোকজনের চীৎকারে সে শিকার ফেলে পালিয়েচে। সন্ধ্যাব পূর্কেই কুলীটা মারা গেল।

তাঁবুৰ চাৰিপাশেৰ লম্বা ঘাস অনেকদূৰ পৰ্য্যন্ত কেটে সাফ্ কৰে দেওয়া গেল প্ৰদিনহ। দিনকতক সিংহেৰ কথা ছাড়া ভাৰুতে আৰ কোনো গল্পই নেই। তাৰপৰ মাস্থানেক প্ৰে ঘটনাটা পুৰাণো হয়ে গেল, সে কথা সকলেৰ মনে চাপা পড়ে গেল। কাজকৰ্ম আবাৰ বেশ চলল।

সেদিন দিনে থ্র গ্রম। সন্ধ্যার একটু পরেই কিন্তু ঠাণ্ডা পড়ল। কুলীদের তাবুর সামনে অনেক কাঠকুটো জালিয়ে আগুন করা হয়েছে। সেখানে তাবুর স্বাই গোল হয়ে বসে গল্পগুলর কর্চে। শন্ত্রও সেখানে আছে, সে ওদের গল্প শুনচে এর অল্পকণ্ডের আলোতে 'কেনিয়া মর্ণিং নিউজ্' পড়চে। খবরের বাগজখানা পাচ্চিনের পুরোণো। কিন্তু প এ জনহীন প্রাক্তে ব্যু এখানেতে বাইবের ছনিয়ার যা কিছু একট খবর পাও্য হায়।

তিরুমল ম র' বলে একজন মান্তাজী কেরাণীর সঙ্গে শাইবেব খুব বস্তুত্ত হ'ব ছিল। তিকমল্ ভরুণ যুবক, বেশ ইবাজি জানে, মনেত খুব উৎসাহ! সে বাড়ী থেকে পালিয়ে এসেচে অ্যাড্ভেক্তবেব নেশায়। শাহবেব পাশে বসে সে আজ সন্ধ্যা থেকে কুমাগত দেশেব কথা, তাব বাপ মাথের কথা, তাব ছোট বোনেব কথা বলচে। ছোট বোনকে সে বড় ভালবাসে। বাড়ী ক্রেড এসে তার কথাই তিরুমলেব বড় মনে



অগ্নিকুণ্ডের আ্লোকে শঙ্কর 'কেনিয়া মর্ণিং নিউজ্ব' পড়ছে…

ছয়। 'একবার সে দেশের দিকে যাবে সেপ্টেম্বর মাসের শেষে। মাস তুই ছুটী মঞ্জুর করবে না সাহেব ?

ক্রেমে রাত বেশী হোল। মাঝে মাঝে আগুন নিভে যাচ্ছে, আবার কুলীরা তাতে কাঠ কুটো কেলে দিচ্ছে। আরও অনেকে উঠে শুতে গেল। কৃষ্ণপক্ষের ভাঙ্গা চাঁদ ধীরে ধীরে দূর দিগস্তে দেখা দিল—সমগ্র প্রান্তর জুড়ে আলো আধারের লুকোচুরি আর বুনো গাভের দীর্ঘ দীর্ঘ ছায়া।

শক্ষরেব ভারী অদ্ভূত মনে হচ্চিল বহুদূর বিদেশের এই শুর রাত্রির সৌন্দর্যা। কুলীদের ঘরের একটা খুঁটীতে হেলান দিয়ে একদৃষ্টে সে সম্মুখের বিশাল জনহীন তৃণভূমির আলো-আধারমাখা রূপেব দিকে চেয়ে চেয়ে কত কি ভাব্ছিল। ওই বাওবাব্ গাছটার ওদিকে অজানা দেশের সীমা কেপটাউন পর্যান্ত বিস্তৃত—মধ্যে পড়বে কত পর্বত, অরণ্য, প্রাগৈতিহাসিক যুগের নগর জিম্বারী—বিশাল ও বিভীষিকাময় কালাহারি মরুভূমি, হীরকের দেশ, সোনার খনির দেশ!

একজন বড় স্বর্ণাদেয়ী পর্যাটক যেতে যেতে হোঁচট খেয়ে পড়ে গেলেন। যে পাথরটাতে লেগে হোঁচট খেলেন—সেটা হাতে তুলে ভাল করে পরীক্ষা করে দেখলেন, তার সঙ্গে সোনা মেশানো রয়েচে। সে যায়গায় বড় একটা সোনার খনি বেরিয়ে পড়ল। এ ধবণের কত গল্প সে পড়েচে দেশে থাকৃতে।

এই সেই আফ্রিকা, সেই রহস্থময় মহাদেশে, সোনার দেশ, হীরের দেশ—কত অঞ্জানা জাতি, অজানা দৃখ্যাবলী, অঞ্জানা

জীবজন্তু এর সীমাহীন উপিক্যাল অরণ্যে আত্মগোপন্স করে আছে, কে তার হিসাব রেখেচে গ

কত কি ভাবতে ভাবতে শক্ষর কখন ঘুমিয়ে পড়েচে। হঠাৎ কিসের শব্দে তার ঘুম ভাঙ্ল। সে ধড়মড় করে জেগে উঠে বসল। চাঁদ আকাশে অনেকটা উঠেচে। ধব্ধবে সাদা জ্যোৎস্না দিনের মত পরিষ্কার। অগ্নিকুণ্ডের আগুন গিয়েচে নিবে। কুলীরা সব কুণ্ডলী পাকিয়ে আগুনের ওপবে শুয়ে আছে। কোনোদিকে কোনো শব্দ নেই।

হঠাৎ শঙ্করের দৃষ্টি পড়ল তার পাশে—এখানে তো তিরুমল আপ্লা বসে তার সঙ্গে গল্প করছিল। সে কোথায় ? তাহোলে হয়তো সে তাবুব মধ্যে ঘুমুতে গিয়ে থাক্বে।

শন্ধবও নিজে উঠে শুতে যাবার উল্যোগ করচে, এমন সময়ে অল্পদূরেই পশ্চিম কোণে মাঠের মধ্যে ভীষণ সিংহগর্জন শুন্তে পাওয়। গেল। রাত্রির অম্পষ্ট জ্যোংস্মালোক যেন কেঁপে উঠল সে রবে। কুলীরা ধড়মড় করে জেগে উঠল। এঞ্জিনিয়ার সাহেব বন্দুক নিয়ে তাঁবুব বাইরে এলেন। শন্ধর জীবনে এই প্রথম শুন্লে সিংহের গর্জন—সেই দিক্দিশাহীন তৃণভূমির মধ্যে শেষ রাত্রের জ্যোৎস্লায় সে গর্জন যে কি এক অনির্দেশ্য অন্থভূতি তার মনে জাগালে!—তা ভয় নয়, সে এক রহস্তময় ও জটিল মনোভাব। একজন বৃদ্ধ মাসাই কুলী ছিল তাঁবুতে। সে বললে, সিংহ লোক নেবেচে। লোক না মারলে এমন গর্জন করবে না।

তাঁবুর ভেতর থেকে তিরুমলের সঙ্গী এসে হঠাৎ জানালে তিরুমলের বিছানা শুন্ম। সে তাঁবুর মধ্যে কোথাও নেই।

কথাটা শুনে সবাই চমকে উঠল। শঙ্কর নিঞ্চে তাঁবুর মধ্যে চুকে দেখে এল সত্যিই সেখানে কেউ নেই। তথনি কুলীরা আলো জ্বেলে লাঠি নিয়ে বেরিয়ে পড়ল। সব তাঁবু-গুলোতে খোঁজ করা হোল, নাম ধরে চীৎকার করে ডাকাডাকি করলে সবাই মিলে—ভিরুমলের কোনো সাডা মিলল না।

তিরুমল যেথানটাতে শুয়ে ছিল, সেথানটাতে ভাল করে দেখা গেল তথন। একটা কোনো ভারী জিনিসকে টেনে নিয়ে যাওয়ার দাগ মাটার ওপর সুস্পষ্ট। ব্যাপারটা বুকতে কাবো দেরী হোল না। বাওবাব্ গাছের কাছে তিরুমলের জামার হাতার খানিকটা টুক্বো পাওয়া গেল। এঞ্জিনিয়ার সাহেব বন্দুক নিয়ে আগে আগে চললেন, শঙ্কর তাঁর সঙ্গে চলল। কুলীরা তাঁদের অন্তুসরণ কবতে লাগল। সেই গভীর রাত্রে তাঁব্ থেকে দুবে মাঠের চারিদিকে অনেক জায়গা খোঁজা হোল, তিরুমলেব দেহেব কোনো সন্ধান মিলল না। এবার আবার সিংহ গর্জন শোনা গেল—কিন্তু দূরে। যেন এই নির্জ্জন প্রান্তরের অধিষ্ঠারী কোনো রহস্তময়ী রাক্ষমীর বিকট চীৎকার।

মাসাই কুলীটা বল্লে — সিংহ দেহ নিয়ে চলে যাচে। কিন্তু প্রকে নিয়ে আমাদের ভূগতে হবে। আরও অনেকগুলো মামুষ ও ঘাল না করে ছাড়বে না। সবাই সাবধান। যে সিংহ একবার মান্ত্র থেতে স্থক করে, সে অত্যন্ত ধূর্ত্ত হয়ে ওঠে।

রাত্র যথন তিনটে, তথন সবাই ফিরল তাঁবুতে। বেশ ফুট্ফুটে জ্যোৎসায় সারা মাঠ আলো হয়ে উঠেচে। আফ্রিকার এই
অংশে পাথী বড় একটা দেখা যায় না দিনমানে, কিন্তু এক ধরণের
য়াত্রিচর পাথীর ডাক্ শুন্তে পাওয়া যায় রাত্রে—দে সুর
অপার্থিব ধরণের মিষ্ট। এইমাত্র সেই পাখী কোন্ গাছের মাথায়
বহুদূরে ডেকে উঠল। মনটা এক মুহূর্ত্তে উদাস করে দেয়।
শক্ষর ঘুমুতে গেল না। আর সবাই তাঁবুর মধ্যে শুতে গেল—
কারণ পরিশ্রম কারো কম হয়নি। তাঁবুর সাম্নে কাঠকুটো
ভ্রালিয়ে প্রকাণ্ড অগ্লিকুণ্ড করা গেল। শঙ্কর সাহস করে বাইরে
বসতে অবিশ্রি পারলে না—এ রকম জঃসাহসের কোনো অর্থ হয়
না। তবে সে নিজের খড়ের ঘরে শুয়ে জানালা দিয়ে বিস্তৃত
জ্যোৎস্লালাকিত হাজানা প্রান্থরের দিকে চেয়ে রইল।

মনে কি এক সদ্ভূত ভাব। তিকমলের অদৃষ্টলিপি এই জ্বপ্টেই বোধ-হয় তাকে আফ্রিকায় টেনে এনেছিল। তাকেই বা কি জ্বস্থে এখানে এনেচে তার অদৃষ্ট, কে জ্বানে তার খবর গ

আফ্রিকা অন্ত স্থন্দর দেখতে—কিন্তু আফ্রিকা ভয়ঙ্কর! দেখতে বাব্লা বনে ভর্ত্তি বাংলাদেশের মাঠের মত দেখালে কি হবে, আফ্রিকা অন্ধানা মৃত্যুসঙ্কুল! যেখানে সেখানে অতর্কিত নিষ্ঠুর মৃত্যুর ফাঁদ পাতা পার মৃহূর্ত্তে কি ঘটবে, এ মৃহূর্ত্তে তা কেউ বলতে পারে না।

আফ্রিকা প্রথম বলি গ্রহণ করেচে—তরুণ হিন্দুযুবক তিরুমলকে। সে বলি চায়।

তিরুমল তো গেল. সঙ্গে সংস্ক ক্যাম্পে পর্যদিন থেকে এমন অবস্থা হয়ে উঠ্ল যে আর দেখানে সিংহের উপদ্রবে থাকা যায় না। মানুষ-থেকো সিংহ অতি ভয়ানক জানোয়ার! যেমন দে ধূর্ত, তেমনি সাহদী। সন্ধ্যা তো দূরের কথা, ভাবুর মাঠে নানা জায়গায় বড় বড় আগুনের কুণ্ড করা হয়, কুলীরা আগুনের কাছে ঘেঁদে বদে গল্প করে, রামা করে, সেখানে বসেই খাওয়া দাওয়া করে। এঞ্জিনিয়ার সাহেব বন্দুক হাতে রাত্রে তিন চার বার তাবুর চারিদিকে ঘুরে পাহাবা দেন, ফাকা ছাওড় করেন—এত সতর্কতার মধ্যেও একটা কুলীকে সিংহে নিয়ে পালালো তিরুমলকে মারবার ঠিক তুদিন পরে সন্ধ্যা রাত্রে। তারপর দিন একটা সোমালি কুলী তুপুরে তাঁবু থেকে তিনশো গজের মধ্যে পাথরের টিবিতে পাথর ভাঙ তে গেল—সন্ধ্যায় সে আর ফিরে এল না।

সেই রাত্রেই, রাত দশটার পরে, শব্ধর এঞ্জিনিয়ার সাহেবের তাবুথেকে ফিরচে, লোকজন কেউ বড় একটা বাইরে নেই, সকাল সকাল যে যার ঘরে শুয়ে পড়েচে, কেবল এখানে ওখানে তু একটা নির্বাপিত প্রায় অগ্নিকুণ্ড। দূরে শেয়াল ডাকচে—শেয়ালের ডাক শুনলেই শহুরের মনে ক্যাকে বাংলাদেশের পাড়াগাঁয়ে আছে — চোখ বুঁজে সে নিজের গ্রামটা ভাববার চেষ্টা করে, তাদের ঘরের কোণের সেই বিলিতি আমড়া গাছটা ভাববার চেষ্টা করে—আজও সে একবার থম্কে দাঁড়িয়ে তাড়াতাড়ি চোখ বুঁজলে।

কি চমৎকার লাগে! কোথায় সে? সেই তাদের গাঁয়ের বাড়ীতে জানালার কাছে তক্তপোষে শুয়ে? বিলিতি আমড়া গাছটার ডালপালা চোথ খুললেই চোথে পড়বে? ঠিক? দেখবে সে চোথ খুলে?

শঙ্কর ধীরে ধীরে চোখ খুললে।

অন্ধকার প্রান্তর। দূরে সেই বড় বাওবাব গাছটা অস্পষ্ঠ অন্ধকারে দৈত্যের মত দাঁড়িয়ে আছে। হঠাৎ তার মনে হোল সাম্নের একটা ছাতার মত গোল খড়ের নীচু চালের ওপর একটা কি যেন নড়চে। পরক্ষণেই সে ভয়েও বিস্ময়ে কাঠ হয়ে গেল।

প্রকাণ্ড একটা সিংহ খড়ের চাল থাবা দিয়ে খুঁচিয়ে গর্ত্ত করবার চেষ্টা করচে ও মাঝে মাঝে নাকটা চালের গর্ত্তের কাছে নিয়ে গিয়ে কিসের যেন আণ নিচ্চে!

তার কাছে থেকে চালাটার দূরত্ব বড় জোর বিশ হাত।

শঙ্কর ব্ঝলে সে ভয়ানক বিপদগ্রস্ত। সিংহ চালার খড় খুঁচিয়ে গর্ত করতে ব্যস্ত, সেখান দিয়ে ঢুকে সে মান্তুষ নেবে —শঙ্করকে সে এখনও দেখতে পায়নি। তাঁবুর বাইকে কোপান লোক নেই, সিংখেল ভয়ে বেশী রাত্রে কেউ বাইকে থাকে না। নিজে সে সম্পূর্ণ নিরস্ত্র, একগাছ লাঠি পর্য্যন্ত নেই হাতে।

শঙ্কর নিঃশব্দে পিছু হঠতে লাগল এঞ্জিনিয়ারের তাঁবুর দিকে সিংহের দিকে চোথ রেখে। এক মিনিট দ্ মিনিট দিকের স্নায়ুমগুলীর ওপর যে তার এত কর্তৃত্ব ছিল, তা এর আগে শঙ্কর জানতো না। একটা ভীতিসূচক শব্দ তার মুখ দিয়ে বেরুল না



বা সে হঠাৎ পিছু ফিরে দৌড় দেবার চেষ্টাও করলে না।

এঞ্জিনিয়ারের তাঁবুব পর্দা উঠিয়ে সে চুকে দেখলে সাহেব টেবিলে বসে তথনও কাজ করচে। সাহেব ওর রকম সকম দেখে বিস্মিত হয়ে কিছু জিজ্ঞাসা করবার আগেই ও বল্লে—সাহেব, সিংহ!…

সাহেব লাফিয়ে উঠ্ল—কৈ ? কোথায় ?

বন্দুকের র্যাকে একটা '৩৭৫ ম্যানলিকার রাইফ্ল ছিল—
সাহেব সেটা নামিয়ে নিলে। শঙ্করকে আর একটা রাইফ্ল
দিলে। তৃজনে তাবুর পর্দ্দা তুলে আস্তে আস্তে বাইরে এল।
একটু দূরেই কুলী লাইনের সেই গোল চালা। কিন্তু চালার
ওপর কোথায় সিংহ ? শঙ্কর আঙুল দিয়ে দেখিয়ে বল্লে—
এই মাত্র দেখে গেলাম শুর্। এ চালার ওপর সিংহ থাবা দিয়ে
খড খোঁচাচেচ।

সাহেব বল্লে-পালিয়েচে। জাগাও সবাইকে।

একট্ট পরে তাঁবুতে মহা সোরগোল পড়ে গেল। লাঠি, मড়िक, गाँछि, पूछत निरम कूनीत मन इल्ला करत বেরিয়ে পড়न —থোঁজ থোঁজ চারিদিকে খড়ের চাল স্ত্রিট ফুটো দেখা গেল। সিংহের পায়ের দাগও পাওয়া গেল। কিন্তু সিংহ উধাও হয়েচে। আগুনেব কুণ্ডে বেশী করে কাঠিও শুক্রনো খড় ফেলে আগুন আবার জ্বালানো হোল। সে রাত্রে অনেকেরই ভাল ঘুম হোল না, কিন্তু তাঁবুর বাইরেও বড় একটা কেউ রইল না। শেষ রাত্রেব দিকে শঙ্কর নিজের তাঁবুতে শুতে একটু ঘুমিয়ে পড়েছিল —একটা মহা সোরগোলের শব্দে তার ঘুম ভেঙ্গে গেল। মাসাই কুলীরা 'দিম্বা' 'সিম্বা' বলে চীৎকার করচে। ছবার বন্দুকের আওয়াজ হোল। শঙ্কর তাঁবুর বাইরে এসে ব্যাপার জিজ্ঞাসা করে জানলে সিংহ এসে আস্তাবলের একটা ভারবাহী অশ্বতরকে জখম কবে গিয়েচে—এই মাত্র! সবাই শেষ রাত্রে একট ঝিমিয়ে পড়েচে আর সেই সময়ে এই কাও।

পরদিন সন্ধ্যার ঝোঁকে একটা ছোক্রা কুলীকে তাঁবু থেকে একশো হাতের মধ্যে সিংহে নিয়ে গেল। দিন চারেক পরে আর একটা কুলীকে নিলে বাওবাব গাছটার তলা থেকে।

কুলীরা আর কেহ কাজ করতে চায় না। লম্বা লাইনে গাঁতিওয়ালা কুলীদের অনেক সময়ে খুব ছোট দলে ভাগ হয়ে কাল্প করতে হয়—তারা তাঁবু ছেড়ে দিনের বেলাতেও বেশীদূর যেতে চায় না। তাঁবুর মধ্যে থাকাও রাত্রে নিরাপদ নয়। সকলেরই মনে ভয়—প্রত্যেকেই ভাবে এবার তার পালা। কাকে কখন নেবে কিছ্ স্থিরতা নেই। এই অবস্থায় কাজ হয় না। কেবল মাসাই কুলীরা অবিচলিত রইল— তারা যমকেও ভয় করে না। তাঁবু থেকে ছু'মাইল দূরে গাঁতির কাজ তারাই করে, সাহেব বন্দুক নিয়ে দিনের মধ্যে চার পাঁচবার তাদের দেখাশুনা করে আসেও।

কত নতুন ব্যবস্থা করা হোল, কিছুতেই সিংহের উপদ্রব কম্ল না। কত চেষ্টা করেও সিংহ শিকার করা গেল না। অনেকে বল্লে সিংহ একটা নয়, অনেকগুলো—ক'টা মেরে ফেলা যাবে ? সাহেব বল্লে—মান্ত্রয-খেকো সিংহ বেশী থাকে না। এ একটা সিংহেরই কাজ।

একদিন সাহেব শঙ্করকে ডেকে বল্লে বন্দুকটা নিয়ে গাঁতিদার কুলীদের একবার দেখে আস্তে। শঙ্কর বল্লে— সাহেব তোমার ম্যান্লিকারটা দাও।

সাহেব রাজী হোল। শঙ্কর বন্দুক নিয়ে একটা অশ্বতরে

চড়ে রওনা হোল—তাবু থেকে মাইল দ্রে একজায়গায় একটা ছোট জলা। শহুর দূর থেকে জলাটা যথন দেখতে পেয়েচে, তথন বেলা প্রায় তিনটে। কেউ কোনো দিকে নেই, রোদের বাঁজ মাঠের মধ্যে তাপ-ভরক্ষের সৃষ্টি করেচে।

হঠাৎ অশ্বতর থম্কে দাঁড়িয়ে গেল। আর কিছুতেই সেটা এগিয়ে যেতে চায় না। শঙ্করেব মনে হোল জ্ঞায়গাটার দিকে যেতে অশ্বতরটা ভয় পাচ্চে। একটু পরে পাশের ঝোপে কি যেন একটা নড়ল। কিন্তু দেদিকে চেয়ে সে কিছু দেখতে পোলে না। সে অশ্বতর থেকে নামল। তবুও অশ্বতর নড়তে চায় না।

হঠাৎ শঙ্করের শরীরে যেন বিহ্যুৎ থেলে গেল। ঝোপেব মধ্যে সিংহ তার জন্মে ওং পেতে বদে নেই তো ? অনেক সময়ে এ রকম হয় সে জানে, সিংহ পথের পাশে ঝোপ্ঝাপেব মধ্যে লুকিয়ে অনেক দূব পর্যান্ত নিঃশন্দে তার শিকাবেব অনুসবণ করে। নির্জন স্থানে স্থবিধা বুঝে তার ঘাড়েব ওপব লাফিয়ে পড়ে। যদি তাই হয় ? শঙ্কর অশ্বতব নিয়ে আব এগিয়ে যাওয়া উচিত বিবেচনা করলে না। ভাবলে তাবুতে ফিরেই যাই। সবে সে তাবুর দিকে অশ্বতরের মুখটা ফিরিয়েছে, এমন সময় আবার ঝোপেব মধ্যে কি একটা নড়ল। সঙ্গে সংশ্বত ভ্য়ানক সিংহ গর্জন এবং একটা ধুসব বর্ণের বিবাট দেহ সশব্দে অশ্বতরের ওপর এসে পড়ল। শঙ্কর তখন হাত চারেক এগিয়ে আছে। সে তখনি ফিরে দাঁড়িয়ে বন্দুক উচিয়ে উপরি উপরি ছ'বার গুলি করলে। গুলি লেগেচে কি না বোঝা গেল না, কিন্তু তথন অশ্বতর মাটীতে লুটিয়ে পড়েচে— ধূসর বর্ণের জানোয়ারটা পলাতক। শহ্বর পরীক্ষা করে দেখলে অশ্বতরের কাঁধের কাছে অনেকটা মাংস ছিন্ন ভিন্ন, রক্তে মাটী ভেসে যাচেচ। যন্ত্রনায় সেটা ছট্ফট্ করচে। শহ্বর এক গুলিতে তার যন্ত্রনার অবসান করলে।

তারপর সে তাঁবুতে ফিরে এল। সাহেব বল্লে সিংহ নিশ্চয়ই জখম হয়েচে। বন্দুকের গুলি যদি গায়ে লাগে তবে দস্তর মত জখম তাকে হতেই হবে। কিন্তু গুলি লেগেছিল তো? শঙ্কর বল্লে গুলি লাগালাগির কথা সে বলতে পারে না। বন্দুক ছুঁড়েছিল, এইমাত্র কথা। লোকজন নিয়ে খোঁজাখুঁজি করে ছ তিন দিনেও কোন আহত বা মৃত সিংহের সন্ধান কোথাও পাওয়া গেল না।

জুন মাসের প্রথম থেকে বর্যা নাম্ল। কতকটা সিংহের উপদ্রবের জন্মে, কতকটা বা জলাভূমির সান্নিধ্যেব জন্মে অস্বাস্থ্যকর হাওয়ায় তাঁবু ওখান থেকে উঠে গেল।

শঙ্করকে আর কনষ্ট্রাক্সন তাবুতে থাকতে হোল না।
কিন্তুমুথেকে প্রায় ত্রিশ মাইল দূরে একটা ছোট ষ্টেশনে সে
ষ্টেশন মাষ্টারের কাজ পেয়ে জিনিয় পত্র নিয়ে সেইখানেই চলে
গেল।

ত্তিন

নতুন পদ পেয়ে উৎফুল্ল মনে শহ্বর যখন ষ্টেশনটাতে একে নাম্ল, তথন বেলা তিনটে হবে। ষ্টেশন স্বরটা খুব ছোট। মাটীর প্ল্যাটকর্ম, প্ল্যাটকর্ম আর ষ্টেশন ঘরের আশ পাশ কাঁটা তারের বেড়া দিয়ে ঘেবা। ষ্টেশন ঘরের পেছনে তার থাক্বার কোয়াটার। পায়রার খোপের মত ছোট। যে ট্রেনখানা তাকে বহন কবে এনেছিল, সেখানা কিমুমূর দিকে চলে গেল। শহ্বর যেন অকুল সমুদ্রে পড়ল। এত নির্জ্জন স্থান সে জীবনে কখনো কল্পনা করে নি।

এই ষ্টেশনে সেই একমাত্র কর্ম্মচারী। একটা কুলী পর্য্যন্ত নেই। সেই কুলী, সে-ই পয়েণ্টস্ম্যান, সেই সব।

এ রকম ব্যবস্থাব কারণ হচ্চে এই যে এ সব টেশন এখনও মোটেই আয়কর নয়। এর অস্তিত্ব এখনও পরীক্ষা সাপেক্ষ। এদের পেছনে রেল-কোম্পানী বেশী খরচ করতে রাজী নয়। একখানি ট্রেন সকালে, একখানি এই গেল— আর সারাদিন রাভ ট্রেন নেই।

সুতরাং তার হাতে প্রচুর অবসর আছে। চার্জ বুঝে
নিতে হবে এই যা একটু কাজ। আগের ষ্টেশন মাষ্টারটী
গুজুরাটা, বেশ ইংরেজী জানে। সে নিজের হাতে চা করে
নিয়ে এল। চার্জ বোঝাবার বেশী কিছু নেই। গুজুরাটী
ষ্টেশন মাষ্টার তাকে পেয়ে খুব খুসি। ভাবে বোধ হোল সে

কথা বলবার সঙ্গী পায় নি অনেকদিন। তুজনে প্ল্যাট্ফর্ম্মের এদিক ওদিক পায়চারী করলে।

শঙ্কর বল্লে —কাটাতারের বেড়া দিয়ে ঘেরা কেন ?

গুজরাটী ভদ্রলোকটা বল্লে—ও কিছু নয়। নির্জন জায়গা —তাই।

শঙ্করের মনে হোল কি একটা কথা লোকটা গোপন করে গেল। শঙ্করও আর পীড়াপীড়ি করলে না। রাত্রে ভন্তলোক রুটী গড়ে শঙ্করকে খাবার নিমন্ত্রণ করলে। খেতে বসে হঠাৎ লোকটী চেঁচিয়ে উঠল—এ যাঃ ভূলে গিয়েছি।

- কি হোল ?
- —খাবার জল নেই মোটে, ট্রেণ থেকে নিতে একদম ভুলে গিয়েটি।
- —কোথাও না। একটা কুয়ো আছে, তার জল বেজায় তেতো আর কসা। সে জলে বাসন মাজা ছাড়া কোনো কাজ হয় না। খাবার জল ট্রেণ থেকে দিয়ে যায়।

বেশ জায়গা বটে। খাবার জ্বল নেই, মানুষ-জন নেই। এখানে প্রেশন কবেছে কেন তা শঙ্কর বুঝতে পারলে না।

পরদিন সকালে ভূতপূর্ব্ব টেশন মাষ্টার চলে গেল। শঙ্কর পড়ল একা। নিজের কাজ করে, রাঁধে খায়, ট্রেণের সময় প্ল্যাটফর্ম্মে গিয়ে দাড়ায়। ত্বপুরে বই পড়ে কি বড় টেবিলটাতে শুয়ে ঘুমোয়। বিকেলের দিকে ছায়া পড়লে প্ল্যাটফর্মে পায়চারী করে।

ষ্টেশনের চারিধার ঘিরে ধৃ ধৃ দীমাহীন প্রান্তর, দীর্ঘ ঘাসের বন, মাঝে ইউকা, বাব্লা গাছ—দূরে পাহাড়ের সারি সারা চক্রবাল জুড়ে। ভারী স্কুলর দৃশ্য।

গুজরাটী লোকটী ওকে বারণ করে থিয়েছিল—একা যেন এই সব মাঠে সে না বেড়াতে বার হয়।

শঙ্কর বলেছিল—কেন ?

সে প্রশ্নের সম্ভোষজনক উত্তর গুজরাটী ভদ্রলোকটীর কাছ থেকে পাওয়া যায় নি! কিন্তু তার উত্তর অহ্য দিক থেকে সে রাত্রেই মিল্ল।

সকাল রাতেই আহারাদি দেরে শহ্বর প্রেশন ঘরে বাতি জ্বালিয়ে বসে ডায়েরী লিখ চে—প্রেশনঘরেই সে শোবে—সাম্নের কাচ-বসানো দরজাটী বন্ধ আছে—কিন্তু আগল দেওয়া নেই—কিসের শব্দ শুনে সে দরজার দিকে চেয়ে দেখে—দরজার ঠিক বাইরে কাচে নাক লাগিয়ে প্রকাণ্ড শিংহ! শহ্বর কাঠের মত বসে রইল। দরজা একটু জাের করে ঠেললেই খুলে যাবে। সেও সম্পূর্ণ নিরস্ত্র। টেবিলের ওপর কেবল কাঠের রুলটা মাত্র আছে।

সিংহট। কিন্তু কোতৃহলের সঙ্গে শঙ্কর ও টেবিলের কেরোসিন বাভিটার দিকে চেয়ে চুপ করে দাঁড়িয়ে রইল। খুব বেশীক্ষণ ছিল না, হয়তো মিনিট হুই—কিন্তু শঙ্করৈর মনে হোল সে আব সিংহটা কতকাল ধরে পরস্পরে পরস্পরের দিকে চেয়ে দাঁড়িয়ে আছে। তারপর সিংহ ধীরে ধীরে অনাসক্ত ভাবে দবজা থেকে সরে গেল। শঙ্কব হঠাৎ যেন চেতনা ফিরে পেল। সে তাড়াতাড়ি গিয়ে দরজার আগলটা ভূলে দিলে।

এতক্ষণে সে বৃকতে পারলে ষ্টেশনের চারিদিকে কাটা।
তারের বেড়া কেন আছে। কিন্তু শঙ্কর একটু ভুল করেছিল—
সে আংশিক ভাবে ব্রেডিল মাত্র, বাকী উত্তবটা পেতে ছএকদিন।
বিলম্ব ছিল।

সেটা এল অন্য দিক থেকে।

পরদিন সকালেব ট্রেণের গার্ডকে সে রাত্রেব ঘটনা বল্লে। গার্ড লোকটী ভাল, সব শুনে বল্লে—এ সব অঞ্চলে সর্বব্রই এমন অবস্থা। এখান থেকে বাবো মাইল দূবে আব একটা তোমার মত ছোট প্রেশন আছে—সেথানেও এই দশা। এখানে তো যে কাণ্ড—

সে কি একটা কথা বলতে যাচ্ছিল, কিন্তু হঠাৎ কথা বন্ধ করে ট্রেণে উঠে পড়ল। যাবার সময় চলস্ত ট্রেণ থেকে বলে গেল, বেশ সাবধানে থেকো সর্বাদা—

শঙ্কর চিন্তিত হয়ে পড়ল—এরা কি কথাটা চাপা দিতে চায় ? সিংহ ছাড়া আবও কিছু আছে নাকি ? যাহোক্, সেদিন থেকে শঙ্কব প্ল্যাটফর্ম্মে ষ্টেশন ঘবেব সামনে রোজ আগুন জালিয়ে রাখে। সন্ধ্যার আগেই দরজা বন্ধ করে:

ত্তেশন ঘরে ঢোকে—অনেক রাত পর্যান্ত বদে পড়াশুনো করে বা ডায়েরী লেখে। রাত্রের অভিজ্ঞতা অদ্ভূত। বিস্তৃত প্রান্তরে ঘন অন্ধকার নামে, প্ল্যাটফর্মের ইউকা গাছটার ডাল-পালার মধ্যে দিয়ে রাত্রির বাতাস বেধে কেমন একটা শব্দ হয়, মাঠের মধ্যে প্রহরে প্রহরে শেয়াল ডাকে, এক এক দিন গভীর রাতে দ্রে কোথায় সিংহের গর্জন শুনতে পাওয়া যায় – অদ্ভূত জীবন।

ঠিক এই জীবনই দে চেয়েছিল। এ তার রক্তে আছে। এই জনহীন প্রান্তর, এই রহস্তময়ী রাত্রি অচেনা নক্ষত্রে ভরা আকাশ, এই বিপদের আশঙ্কা—এই তো জীবন। শাস্ত নিরাপদ জীবন নিরীহ কেবাণীর জীবন হতে পারে— তার নয়।

দেদিন বিকেলের ট্রেণ রওনা করে দিয়ে সে নিজের কোয়ার্টারের রায়াঘরে ঢুক্তে যাচে এমন সময়ে খুঁটির গায়ে কি একটা দেখে সে তিন হাত লাফ দিয়ে পিছিয়ে এল—প্রকাণ্ড একটা হল্দে খড়িশ গোখুরা তাকে দেখে ফণা উন্নত করে খুঁটি থেকে প্রায় একহাত বাইরে মুখ বাড়িয়েছে! আর ছ সেকেণ্ড পরে যদি শঙ্করের চোখ সেদিকে পড়ত— তাহোলে—না, এমন সাপটাকে মারবার কি করা যায় ৽ কিন্তু সাপটা পরমূহর্তে খুঁটি বেয়ে ওপোরে খড়ের চালের মধ্যে লুকিয়ে পড়ল। বেশ কাণ্ড বটে। ঐ ঘরে গিয়ে শঙ্করেক এখন ভাত রাঁধতে বসতে হবে। এ সিংহ নয় যে দরজা বন্ধ করে

আগুন জেলে রাখবে। খানিকটা ইতস্ততঃ করে শঙ্কর অগত্যা রান্নাঘবে চুকল এবং কোনোরকমে ভাড়াভাড়ি রান্না সেরে সন্ধ্যা হবার আগেই খাওয়াদাওয়া সাঙ্গ করে সেখানে থেকে বেরিয়ে প্রেশনঘরে এল। কিন্তু প্রেশন ঘবেট বা বিশ্বাস কি ? সাপ কখন কোন কাঁক দিয়ে ঘরে চুকবে, ভাকে কি আর ঠেকিয়ে রাখা যাবে ?

পরদিনের সকালের ট্রেণে গার্ডের গাড়ী থেকে একটা নতুন কুলী তার রসদের বস্তা নামিয়ে দিতে এল। সপ্তাহে ছদিন মোস্বাসা থেকে চাল আর আলু বেলকোম্পানী এই সব নির্জ্জন ষ্টেশনের কর্ম্মচারীদের পাঠিয়ে দেয়—মাসিক বেতন থেকে এর দাম কেটে নেওয়া হয়।

যে কুলীটা রসদের বস্তা নামিয়ে দিতে এল সে ইণ্ডিয়ান, গুজরাট অঞ্চলে বাড়ী। সে বস্তাটা নামিয়ে কেমন যেন অন্তুত ভাবে চাইলে শঙ্করের দিকে, এবং পাছে শঙ্কব তাকে কিছু জিগ্যেদ্ করে, এই ভয়েই যেন তাডাতাড়ি গাড়ীতে গিয়ে উঠে পড়্ল।

কুলার সে দৃষ্টি শঙ্করের চোখ এড়ায় নি। কি রহস্ত জড়িত আছে যেন এই জায়গাটার সঙ্গে, কেউ তা ওর কাছে প্রকাশ করতে চায় না—প্রকাশ করা যেন বারণ আছে। ব্যাপার কি ?

দিন ছাই পরে ট্রেণ পাশ করে সে নিজেব কোয়ার্টারে চুকতে যাচ্ছে—আর একটু হোলে সাপের ঘাডে পা দিয়েছিল আর কি! সেই খড়িশ গোথুরা সাপ। পূর্ব্রদৃষ্ট সাপটাও হোভে পারে, নতুন একটা যে নয় তার কোনো প্রমাণ নেই।

শহর সেই দিন প্রেশনঘর, নিজের কোয়ার্টার ও চারি-ধারের জমি ভাল করে পরীকা করে দেখলে। সারাজায়গা মাটীতে বড় বড় গত্ত, কোয়ার্টারের উঠানে, রান্নাঘ্রের দেওয়ালে, কাঁচা প্ল্যাটফর্মের মাঝে মাঝে সর্বত্র গর্ত্ত ও ফাটল আর ইছরের মাটী। তবুও সে কিছু বুঝতে পারলে না।

এক দিন সে স্টেশন ঘরে ঘুমিয়ে আছে, রাত অনেক।
ঘর অন্ধকার—হঠাৎ শঙ্করের ঘুম ভেঙ্গে গেল। পাঁচটা
ইন্দ্রিয়ের বাইরে আর একটা কোন্ ইন্দ্রিয় যেন মুহূর্ত্তের জন্মে
জাগরিত হয়ে উঠে তাকে জানিয়ে দিলে যে সে ভয়ানক
বিপদে পড়বে। ঘোর অন্ধকার, শঙ্করের সমস্ত শরীর যেন
শিউরে উঠ্ল। উর্চেট। হাত্ড়ে পাওয়া যায় না কেন ? অন্ধকারের মধ্যে যেন একটা কিসের অম্পত্ত শব্দ হচ্চে ঘরের
মধ্যে। হঠাৎ উর্চেটী ভার হাতে ঠেক্ল, এবং কলের পুতুলের
মত সে সাম্নের দিকে ঘুরিয়ে উর্চেটী জাল্লে।

সঙ্গে সঙ্গে সে ভয়ে বিশ্বায়ে কাঠ হয়ে টর্চচটা ধরে বিছানার ওপরই বদে রইল।

দেওয়াল ও তার বিছানার মাঝামাঝি জায়গায় মাথা উচু করে তুলে ও টর্চের আলো পড়ার দরুণ সাময়িক ভাবে আলো-আঁধারি লেগে থ' থেয়ে আছে আফ্রিকার ক্রুর ও হিংস্রতম সর্প—কালো মাস্বা! ঘরের মেজে থেকে সাপটা প্রায় আড়াই হাত উচু হয়ে উঠেচে—সেটা এমন কিছু আশ্চর্য্য নয় যথন ব্র্যাক মাস্বা সাধারণতঃ মানুষকে তাড়া করে তার ঘাড়ে ছোবল মারে! ব্র্যাক মাস্বার হাত থেকে রেহাই পাওয়া এক প্রকার পুনর্জন্ম তাও শঙ্কর শুনেছে।



শঙ্গবেব একটা গুণ বাল্যকাল থেকেই আছে বিপদে তাব্ সহজে বুদ্ধি ভ্রংশ হয় না—আব তাব স্নায়্মণ্ডলীব উপর সে ঘোব বিপদেও কর্ত্বর বজায় বাখতে পারে।

শঙ্কব বুঝলে হাত যদি ভাব একটু কেঁপে যায়—তবে যে মুহূর্ত্তে সাপটার চোথ থেকে আলো দবে যাবে—দেই মুহূর্ত্তে ওর আলো-গাধাবি কেটে যাবে এবং তথুনি সে করবে আক্রমণ।

সে ব্রুলে তার আয়ু নির্ভর করচে এখন দৃঢ় ও অবিকম্পিত হাতে টর্চটো সাপের চোখের দিকে ধরে থাকার ওপর। যতক্ষণ সে এ রকম ধরে থাকতে পারবে ততক্ষণ সে নিরাপদ। কিন্তু যদি টর্চটো একটুও এদিক ওদ্যিক সরে যায়— ?

শঙ্কর টর্চ্চ ধরেই রইল। সাপের চোখ ছটো জ্বল্চে যেন ছটো আলোর দানার মত। কি ভীষণ সক্তি ও রাগ প্রকাশ পাচ্চে চাবুকের মত খাড়া উন্নত তার কালো, মিশমিশে, সরু দেহটাতে।…

শঙ্কর ভুলে গেল চারিপাশের সব আসবাব পত্র, আফ্রিকা দেশটা, তার রেলের চাক্রী, মোস্বাসা থেকে কিস্থম লাইনটা, তার দেশ, তার বাবা মা—সমস্ত জগৎটা শৃন্ম হয়ে গিয়ে সাম্নের ওই গুটো জল্জলে আলোর দানায় পরিণত হয়েচে— তার বাইরে শৃন্ম! অন্ধকার! মৃত্যুর মত শৃন্ম, প্রলয়ের ক্রীরীর বিশ্বের মত অন্ধকার!

সত্য কৈৰুল ওই মহাহিংস্ৰ উন্নত-ফণা সৰ্প, যেটা প্ৰত্যেক ছোবলে ১৫০০ মিলিগ্ৰাম তীব্ৰ বিষ ক্ষতস্থানে ঢুকিয়ে দিতে পাৱে এবং দেবার জন্মে ওৎ পেতে রয়েছে।…

শহরের হাত ঝিম্ঝিম্ করচে, আফুল অবশ হয়ে আস্চে, কছুই থেকে বগল পর্যন্ত হাতের যেন সাড় নেই। কতক্ষণ সে আর টর্চ্চ ধরে থাক্বে ? আলোর দানা ছটো হয়তো সাপের গোখ নয়···জোনাকী পোকা কিংবা নক্ষত্র···কিংবা··· টার্চের ব্যাটারির তেঞ্জ কমে আস্চে নাং সাদ। আলো যেন হল্দে ও নিস্তেজ হয়ে আসচে নাং কন্ত জোনাকী পোকা কিংবা নক্ষত্র ছটো তেমনি জ্ল্চে। রাভ না দিনং ভোর হবে না সন্ধ্যা হবেং

শক্ষর নিজেকে সাম্লে নিলে। ওই চোথ ছুটোর জ্ঞালাময়ী
দৃষ্টি তাকে যেন মোহগ্রস্ত করে তুলচে। সে সজাগ থাক্রে।
এ তেপান্থরের মাঠে চেঁচালেও কেট কোথাও নেই সে জানে
— তাব নিজের স্নায়ুমগুলীর দূঢ়তার ওপর নির্ভর করচে তার
জীবন। কিন্তু সে পারচে না যে, হাত যেন টন্টন্ করে অবশ
হয়ে আস্চে, আর কতক্ষণ সে টর্চ্চ ধরে থাকবে? সাপে না
হয় ছোবল দিক্ কিন্তু হাতথানা একটু নামিয়ে নিলে সে আরাম
বোধ করবে এখন।

তা'র পরেই ঘড়িতে টং টং করে তিনটে বাজলো। ঠিক রাত তিনটে পর্য্যন্তই বোধ হয় শঙ্করের আয়ু ছিল, কারণ তিনটে বাজ্বাব সঙ্গে সঙ্গে তার হাত কেঁপে উঠে নড়ে গেল—সামনের আলোর দানা ছটো গেল নিভে। কিন্তু সাপ কৈ গ তাড়া করে এলো না কেন গ

পরক্ষণেই শঙ্কর ব্কতে পারলে সাপটাও সাময়িক মোহগ্রস্ত হয়েচে তার মত। এই অবসব···বিত্যুতের চেয়েও বেগে সে টেবিল থেকে এক লাফ মেরে অন্ধকারের মধ্যে দরজার আগল খুলে ফেলে ঘরের বাইবে গিয়ে দরজাটা বাইরে থেকে বন্ধ করে দিলে। সকালের ট্রেণ এল। শঙ্কর বাকী রাতটা প্ল্যাট্ফর্শ্বেই কাটিয়েছে। ট্রেণের গার্ডকে বল্লে সব ব্যাপার। গার্ড বল্লে —চলো দেখি স্টেশন ঘরের মধ্যে। ঘরের মধ্যে কোথাও সাপের চিহ্নও পাওয়া গেল না। গার্ড লোকটা ভালো—বল্লে, বলি তবে শোনো। খুব বেঁচে গিয়েচ কাল রাত্রে। এতদিন কথাটা তোমার বলিনি, পাছে ভয় পাও। তোমার আগে যিনি স্টেশন মাষ্টার এখানে ছিলেন—তিনিও সাপের উপজবেই এখান থেকে পালান। তাব আগে ছ'জন ষ্টেশন মাষ্টার এই স্টেশনের কোয়ার্টাবে সাপের কামড়ে মরেচে! আফ্রিকাব ক্ল্যাক্ মাস্থা যেখানে থাকে, তার ত্রিসীমানায় লোক আসে না। বন্ধু ভাবে কথাটা বল্লাম, ওপরওয়ালাদেব বলো না যেন, যে আমার কাছ থেকে এ কথা শুনেচ। ট্রাক্সফারের দ্বথাস্থ কব।

শঙ্কর বল্লে—দরখাস্তের উত্তব আসতেও তো দেরী হবে, তুমি একটা উপকার কবো। আমি এখানে একেবাবে নিবস্ত্র. আমাকে একটা বন্দুক কি রিভলভার যাবাব পথে দিয়ে যাও। আর কিছু কার্ব্বলিক এ্যাসিড। ফিরবার পথেই কার্ব্বলিক এ্যাসিডটা আমায় দিয়ে যেও।

ট্রেণ থেকে দে একট। কুলীকে নামিয়ে নিলে এবং তৃজনে মিলে সারাদিন সর্বত্ত গর্ভ বুঁজিয়ে বেড়ালে। পরীক্ষা করে দেখে মনে হোল কাল রাত্তে প্রেশন ঘরের পশ্চিমের দেওয়ালের কোণে একটা গর্ভ থেকে সাপটা বেরিয়ে ছিল। গর্ভগুলো

ইত্বের, বাইরের সাপ দিনমানে ইত্র থাবার লোভে গর্প্তে চুকেছিল হয়তো। গর্তটা বেশ ভাল করে বুঁজিয়ে দিলে। ডাউন ট্রেণের গার্ডের কাছ থেকে এক বোতল কার্ব্বলিক এ্যাসিড্ পাওয়া গেল—ঘরের সর্বত্র ও াশে পাশে সে এ্যাসিড্ ছড়িয়ে দিলে। কুলীটা তাকে একটা বড় লাঠি দিয়ে গেল। ছু'তিন দিনের মথ্যে রেল কোম্পানী থেকে ওকে একটা বন্দুক দিলে।



চার

ষ্টেশনে জলের বড় কষ্ট। ট্রেণ থেকে যা জল দেয়, তাতে রাল্লা খাওয়া কোনো রকমে চলে—স্থান আর হয় না। এথানকার কুয়োর জলও শুকিয়ে গিয়েচে। এক দিন সে শুন্লে ষ্টেশন থেকে মাইল তিনেক দূরে একটা জলাশয় আছে. সেথানে ভাল জল পাওয়া'যায়, মাছও আছে।

স্নান ও মাছ ধরার আকর্ষণে এক দিন সে সকালের ট্রেণ রওনা করে দিয়ে সেণানে মাছ ধরতে চল্ল—সঙ্গে একজন সোমালি কুলী, সে পথ দেখিয়ে নিয়ে গেল। মাছ ধরাব সাজসরজ্ঞাম মোস্বাসা থেকে আনিয়ে নিয়ে ছিল। জলাশয়টা মাঝারি গোছের, চারি ধারে উচু ঘাসের বন, ইউকা গাছ, নিকটেই একটা অনুচ্চ পাহাড়! জলে সে স্নান সেরে উঠে ঘন্টা-ছুই ছিপ্ ফেলে ট্যাংরা জাতীয় ছোট ছোট মাছ অনেকগুলি পেলে। মাছ অদৃষ্টে জোটেনি অনেক দিন কিন্তু আর বেশী দেরী করা চলবে না—কারণ আবার বিকেল চারটের মধ্যে ষ্টেশনে পৌছুনো চাই—বিকেলের ট্রেণ পাশ করবার

প্রায়ই সে মাঝে মাঝে মাছ ধরতে যায়। কোনোদিন সঙ্গে লোক খাকে—প্রায়ই একা যায়। স্নানের কষ্টও ঘুচেছে।

গ্রীষ্মকাল ক্রেমেই প্রথর হয়ে উঠ্ল। আফ্রিকার দারুণ গ্রীষ্ম—বেলা ন'টার পর থেকে আর রোক্তে যাওয়া যায় না l এগারোটার পর থেকে শঙ্করের মনে হয় যেন দিক্বিদিক্ দাউ দাউ করে জ্বল্টে। তবুও সে ট্রেণের লোকের মুখে শুন্লে মধ্য আফ্রিকা ও দক্ষিণ আফ্রিকার গরমের কাছে এ নাকি কিছুই নয়।

শীন্তই এমন একটা ঘটনা ঘট্ল যা থেকে শহুরের জীবনের গতি মোড় ঘুরে অন্ত পথে চলে গেল। একদিন সকালের দিকে শহুর মাছ ধরতে গিয়েছিল। যখন ফিরচে তখন বেলা তিনটে। ষ্টেশন যখন আর মাইলটাক আছে, তখন শহুরের কাণে গেল সেই রৌজদগ্ধ প্রান্তরের মধ্যে কে যেন কোথার অক্ট আর্ত্রস্তরে কি বলচে। কোন্ দিক থেকে স্বর্টা আস্চে, লক্ষ্য করে কিছুদূর যেতেই দেখলে একটা ইউকাগাছের নীচে সল্প মাত্র ছায়াটুকুতে কে একজন বসে আছে।

শঙ্কর দ্রুতপদে তার নিকটে গেল। লোকটা ইউরোপীয়ান

পরণে তালি দেওয়া ছিন্ন ও মলিন কোট্প্যান্ট। একমৃথ
লাল দাড়ি, বড় বড় চোথ, মুখের গড়ন বেশ স্থান্তী, দেহও বেশ
বলিষ্ঠ ছিল বোঝা যায়, কিন্তু সম্ভবতঃ রোগে, কপ্তেও অনাহারে
বর্ত্তমানে শীর্ণ। লোকটা গাছের গুঁড়ি হেলান দিয়ে অবসম্ম্
ভাবে পড়ে আছে। তার মাথায় মলিন সোলার টুপিটা এক
দিকে গড়িয়ে পড়েচে মাথা থেকে—পাশে একটা থাকি কাপড়ের
বড় বোলা।

শঙ্কর ইংরিজিতে জিগ্যেদ্ করলে—তুমি কোথা থেকে আস্চো ? লোকটা কথার উত্তর না দিয়ে মুখের কাছে হাত নিয়ে গিয়ে জ্বল পানের ভঙ্গি করে বল্লে—একটু জল! জল!

শঙ্কর বল্লে এখানে তো জল নেই ? আমার ওপর ভর দিয়ে ষ্টেশন পশ্ব্যস্ত আসতে পারবে ?

অতি কটে খানিকটা ভর দিয়ে এবং শেষের দিকে এক রকম শঙ্করের কাঁধে চেপে লোকটা প্লাটফর্মে পৌছুলো। ওকে আনতে গিয়ে দেরী হয়ে গেল; বিকেলের ট্রেণ ওর অনুপস্থিভিতেই চলে গিয়েচে। ও লোকটাকে ষ্টেশন ঘরে বিছানা পেতে শোয়ালে, জল খাইয়ে সুস্থ করলে, কিছু খাছাও এনে দিলে। সে খানিকটা চাঙ্গা হয়ে উঠল বটে, কিন্তু শহর দেখলে লোকটার ভাবী জ্বর হয়েচে। অনেক দিনের অনিয়মে পরিশ্রমে, অনাহাবে তার শরীর একেবারে ভেঙে গিয়েচে—ছ চাব দিনে সেস্তু হবে না।

লোকটা একটু পরে পবিচয় দিলে। তার নাম ডিয়েগো আলভারেজ—জাতে পটু গিজ, তবে আফ্রিকার সূর্য্য তাব বর্ণ তামাটে করে দিয়েচে।

রাত্রে ওকে ষ্টেশনে রাখলে শঙ্কর। কিন্তু ওর অস্থ্য দেখে সে পড়ে গেল বিপদে—এখানে ওযুধ নেই, ডাক্তার নেই—সকালের ট্রেণ মোম্বাসার দিকে যায় না, বিকেলের ট্রেণ গার্ড রোগীকে তুলে নীয়ে যেতে পারে। কিন্তু রাত কাট্তে এখনো অনেক দেরী। বিকেলের গাড়ীখানা ষ্টেশনে এসে যদি পাওয়া যেত, তবে তো কোনো কথাই ছিল না।

শঙ্কর রোগীর পাশে রাত জেগে বসে রইল। লোকটীর শরীরে কিছু নেই। খুব সম্ভবতঃ কট্ট ও অনাহার ওর অস্থথের কারণ। এই দূর বিদেশে ওর কেউ নেই—শঙ্কর না দেখলে ওকে দেখবে কে ?···বাল্যকাল থেকেই পরের তঃখ সহ্য করতে পারে না সে—শঙ্কর যে ভাবে সারা রাত তার সেবা করলে, তার কোনো আপনার লোক ওর চেয়ে বেশী কিছু করতে পারতো না।

উত্তর পূর্ব কোণের অনুচ্চ পাহাড়শ্রেণীর পেছন থেকে চাঁদ উঠচে যখন সে রাত্রে—ঝম্ ঝম্ করচে নিস্তর নিশীথ রাত্রি—তথন হঠাৎ প্রান্তবেব মধ্যে ভীষণ সিংহ-গর্জন শোনা গেল। বোগী তন্দ্রাচ্চন্ন ছিল—সিংহের ডাকে সে ধড়মড় কবে বিছানায় উঠে বসল। শঙ্কর বল্লে—ভয় নেই—শুয়ে থাকো। বাইরে সিংহ ডাক্চে দরজা বন্ধ আছে।

তারপব শহ্বর আন্তে আন্তে দরজা খুলে প্লাটফর্মে এসে

দাঁড়ালো। দাঁড়িয়ে চারিধারে চেয়ে দেখ্বা মাত্রই যেন সে

রাত্রির অপূর্বে দৃশ্য তাকে মুগ্ধ করে ফেললে। চাঁদ উঠ্চে দূরের

আকাশপ্রান্তে—ইউকা গাছেব লম্বা লম্বা ছায়া পড়েচে পূব
থেকে পশ্চিমে, ঘাদের বন মেন রহস্তময়, নিস্পন্দ। সিংহ

ডাক্চে প্রেশনের কোয়াটারের পেছনে প্রায় পাঁচশো গজ্বের

মধ্যে। কিন্তু সিংহের ডাক আজকাল গা-সওয়া হয়ে উঠেচে

—ওতে আর আগের মত ভয় পায় না। রাত্রির সৌন্দর্য্য এত

আকৃষ্ট করেচে ওকে, যে ও সিংহের সায়িধ্য যেন ভুলে গেল।

ফিরে ও ষ্টেশন ঘরে চুক্ল। টং টং করে ঘড়িতে ছটো বেজে গেল। ও ঘরে চ্কে দেখলে রোগী বিছানায় উঠেই বঙ্গে আছে। বল্লে—একটু জল দাও থাবো।

লোকটা বেশ ভাল ইংরিজি বলতে পারে। শঙ্কর টিন থেকে জল নিয়ে ওকে খাওয়ালে।

লোকটার জ্বর তথন যেন কমেচে। সে বল্লে—তুমি কি বলছিলে ? আমাব ভয় করেচে ভাব ছিলে ? ডিয়েগো আল্ভারেজ্ ভয় কববে ? ইয়াং ম্যান, তুমি ডিয়েগো আল্ভারেজকে জানো না। লোকটার ওঠপ্রাস্তে একটা হতাশা, বিষাদ ও ব্যঙ্গ মিশানো অন্ত্ত ধরণের হাসি দেখা দিলে। সে অবসমভাবে বালিসেব গায়ে ঢলে পড়ল। ওই হাসিতে শহ্বরের মনে হোল এ লোক সাধারণ লোক নয়। তথন ওর হাতেব দিকে নজর পড়ল শহ্বরেব। বেঁটে বেঁটে মোটা মোটা আঙ্গল—দড়ির মত শিরাবহুল হাত, তাম্রাভ দাড়িব নীচে চিবুকের ভাব, শক্ত মানুষের পরিচয় দিচেচ। এতক্ষণ পরে থানিকটা জ্বব কমে যাওয়াতে আসল মানুষটা বেবিয়ে আসচে যেন ধীরে ধীরে।

লোকটা বল্লে—সরে এসো কাছে। তুমি আমার যথেষ্ট উপকার করেচ। আমার নিজের ছেলে থাকলে এর বেশী করতে পারতো না। তবে একটা কথা বলি—আমি বাঁচবো না। আমার মন বলচে আমার দিন ফুরিয়ে এসেচে। তোমার উপকার করে থেতে চাই। তুমি ইণ্ডিয়ান ? এখানে

কত মাইনে পাও ? এই সামান্ত মাইনের জন্তে দেশ ছেড়ে এত দূরে এসে আছ যথন, তথন তোমার সাহস আছে, কপ্ত সহ্ত করবার শক্তি আছে। আমার কথা মন দিয়ে শোনো, কিন্তু প্রতিজ্ঞা করো আজ তোমাকে যে সব কথা বলবো—আমার মৃত্যুর পূর্বে তা তুমি কাবো কাছে প্রকাশ করবে না ?

শঙ্কর সেই আশ্বাসই দিলে। তারপর সেই অন্তৃত রাত্রি ক্রেমশঃ কেটে যাওয়াব সঙ্গে সঙ্গে সে এমন এক আশ্চর্য্য, অবিশ্বাস্থ্য ধরণের আশ্চর্য্য কাহিনী শুনে গেল—যা সাধারণতঃ উপক্যাসেই পড়া যায়।

ডিয়েগো আলভারেজেব কথা

ইয়াং ম্যান, ভোমার বয়েস কত হবে ? বাইশ १ · · · তুমি যখন মায়েব কোলে শিশু—আজ বাইশ বছৰ আগের কথা, ১৮৮৮-৮৯ সালেব দিকে আমি কেপ কলোনির উত্তরে পাহাড় জঙ্গলেব মধ্যে সোনাব খনি সন্ধান কবে বেড়াচ্ছিলাম। তখন বয়েস ছিল কম, ছনিয়াব কোনো বিপদই বিপদ বলে গ্রাহ্য করতাম না।

বুলাওয়েও সহর থেকে জিনিষপত্র কিনে একাই রওনা হলাম, সঙ্গে কেবল ছটী গাধা, জিনিষপত্র বইবার জন্মে! জান্মেজী নদী পার হয়ে চলেচি, পথ ও দেশ সম্পূর্ণ অজ্ঞাত, শুধু ছোট খাটে। পাহাড়, ঘাস, মাঝে মাঝে কাফিরদের বস্তি। ক্রেমে যেন মান্তুসের বাস কমে এল, এমন এক জায়গায় উপস্থিত এদে পৌছানো গেল, যেখানে এর আগে কখনো কোনো ইউরোপীয়ান আদে নি।

যেখানেই নদী বা খাল দেখি—কিংবা পাহাড় দেখি—
শকলের আগে সোনার স্তরের সন্ধান করি। লোকে কত কি
পেয়ে বড় মানুষ হয়ে গিয়েচে দ কিণ আফ্রিকায়, এ সম্বন্ধে
বাল্যকাল থেকে কত কাহিনীই শুনে এসেছিলুম—সেই সব
গল্পের মোহই আমায় আফ্রিকায় নিয়ে এসে ফেলেছিল। কিন্তু
রথাই হ' বৎসর ধরে নানাস্থানে ঘুরে বেড়ালুম। কত অসহা
কই সহা করলুম এই হ' বছরে। একবার তো সন্ধান পেয়েও
হারালুম।

সেদিন একটা হরিণ শিকার করেছি সকালের দিকে।
তাঁব্ থাটিয়ে মাংস রান্না করে গুইে পড়লুম ছপুর বেলা—কারণ
ছপুরের রোদে পথ চলা সে সব জায়গায় একরকম অসম্ভব—
১১৫° ডিগ্রী থেকে ১০০° ডিগ্রী পর্যান্ত উত্তাপ হয় গ্রীম্মকালে।
বিশ্রামের পরে বন্দুক পরিষ্কার করতে গিয়ে দেখি বন্দুকের
নলের মাছিটা, কোথায় হারিয়ে গিয়েচে। মাছি না থাকলে
রাইফেলের তাগ্ ঠিক হয় না। কত এদিক ওদিক খুঁজেও
মাছিটা পাওয়া গেল না। কাছেই একটা পাথরের টিবি, তার
গায়ে সাদা দাদা কি একটা কঠিন পদার্থ চোখে পড়ল। টিবিটার গায়ে সেই জিনিষটা নানা স্থানে আছে। বেছে বেছে
ভারই একটা দানা সংগ্রহ করে ঘদে মেজে নিয়ে আপাততঃ
সেটাকেই মাছি করে রাইফেলের নলের আগায় বসিয়ে নিলাম।

তারপর বৈকালে সেখান থেকে আবার উত্তর মুখে রওনা হয়েচি, কোথায় তাঁবু ফেলেছিলাম, সে কথা ক্রমেই ভূলে গিয়েচি।

দিন পনেরো পরে একজন ইংরেজের সঙ্গে দাক্ষাৎ হোল, সেও আমার মত সোনা খুঁজে বেড়াচে। তার সঙ্গে ত্ব'জন माটाবেল कुली छिल। পরস্পরকে পেয়ে আমরা খুসি হলাম, তার নাম জিম্ কাটার, আমারই মত ভবঘুরে, তবে তার বয়স আমার চেয়ে বেশী। জিম্ একদিন আমার বন্দুকটা নিয়ে পরীক্ষ। করতে গিয়ে হঠাৎ কি দেখে আশ্চর্যা হয়ে গেল। আমায় বল্লে—বন্দুকের মাছি ভোমার এ রকম কেন? তাবপব আমার গল্প শুনে সে উত্তেজিত হয়ে উঠ্ল। বল্লে— তুমি বুঝতে পাবে। নি এ জিনিসটা খাঁটী রূপো, খনিজ রূপো। এ বেখানে পাওয়া বায়, সাধাবণতঃ সেখানে রূপোর খনি থাকে। আমাৰ আন্দাল হচ্চে এক টন পাথৰ থেকে দেখানে অন্ততঃ ন'হাজাব আউন্স রূপো পাওয়া যাবে। সে জায়গাতে এক্ষণি চলে। আমবা যাই। এবার আমরা লক্ষপতি হয়ে যাবো '

সংক্ষেপে বলি। তাবপব কাটারকে সঙ্গে নিয়ে আমি যে পথে এসেছিলান, সেই পথে আবাব এলাম। কিন্তু চার মাস ধরে কত চেষ্টা কবে, কত অসহ্য কষ্ট পেয়ে, কতবার বিবাট দিক্ দিশাহীন মকভূমিবৎ ভেল্ডেব মধ্যে পথ হাবিয়ে, মৃত্যুর দ্বার পর্যান্ত পৌছেও, কিছুতেই আমি সে স্থান নির্ণয় করতেই পারলাম না। যখন সেখান থেকে সেবার তাঁবু উঠিয়ে

দিয়েছিলাম, অত লক্ষ্য করিনি জায়গাটা। আফ্রিকার ভেল্ডে কোনো চিহ্ন বড় একটা থাকে না, যার সাহায্যে পুরোণো জায়গা খুঁজে বার করা যায়—সবই যেন একরকম। অনেক বার হয়রাণ হয়ে শেযে আমরা রূপোর খনির আশা ত্যাগ করে গুয়াই নদীর দিকে চললাম। জিম্ কাটার আমাকে আর ছাড়লে না, তার মৃত্যু পর্যান্ত আমার সঙ্গেই ছিল। তার সে শোচনীয় মৃত্যুর কথা ভাবলে এখনও আমার কষ্ট হয়।

ভৃষ্ণার কট্টই এই ভ্রমণের সময় সব কট্টের চেয়ে বেশী বলে মনে হয়েছে আমাদের কাছে। তাই এখন থেকে আমরা নদীপথ ধরে চলবো, এই স্থির করা গেল। বনের জন্তু শিকার করে খাই আর মাঝে মাঝে কাফির বস্তি যদি পাই, সেখান থেকে মিষ্টি আলু, মুবগী প্রভা হ সংগ্রহ করি।

একবার অরেঞ্জ নদা পার হয়ে প্রায় পঞ্চাশ মাইল দূরবর্ত্তী একটা কাফির বস্তীতে আশ্রয় নিয়েছি, সেই দিন তুপুরের পরে কাফির বস্তীর মোড়লের মেয়ে হঠাৎ ভয়ানক মসুস্থ হয়ে পড়ল। আমরা দেখতে গেলাম—পাঁচ ছ' বছরের একটা ছোট্ট উলঙ্গ মেয়ে মাটীতে পড়ে গড়াগড়ি দিচ্ছে—ভার পেটে নাকি ভয়ানক ব্যাথা। সবাই কাঁদচে ও দাপাদাপি করচে। মেয়েটার ঘাড়ে নিশ্চয়ই দানো চেপেচে—ওকে মেরে না ফেলে ছাড়বে না। তাকে ও ভার বাপ মাকে জিজ্ঞাসা করে এইটুকু জানা গেল, সে বনের ধারে গিয়েছিল—ভারপর থেকে ভাকে ভূতে পেয়েছে। আমি ওর অবস্থা দেখে বুঝলাম কোনো বনের



পাঁচ ছ' বছরের একটা উলঙ্গ মেয়ে মাটীতে পড়ে গড়াগড়ি দিচ্ছে।

ফল বেশী পরিমাণে থেয়ে ওর পেট কামড়াচ্চে। তাকে জিজ্ঞাসা করা হোল, কোনো বনের ফল সে থেয়েছিল কিনা ? সে বল্লে— হাা, থেয়েছিল। কাঁচা ফল ? মেয়েটা বল্লে—ফল নয়, ফলের বীজ। সে ফলের বীজই খাদা।

একভোজ হোমিওপ্যাথিক ওষুধে তার ভূত ছেড়ে গেল।
আমাদের সঙ্গে ওষুধের বাক্স ছিল। গ্রামে আমাদের খাতির
হয়ে গেল খুব। পনেরো দিন আমরা সে গ্রামের সর্দারের
অতিথি হয়ে রইলাম। ইলাও হরিণ শি্কার করি আর রাত্রে
কাফিরদের মাংস থেতে নিমন্ত্রণ করি। বিদায় নেবার সময়
কাফির সর্দার বয়ে—তোমরা সাদা পাথর খুব ভালবাস—না ?
বেশ খেল্বার জিনিস! নেবে সাদা পাথর দু দাড়াও দেখাচি।
একটু পরে সে একটা ডুমুর ফলের মত বড় সাদা পাথর আমাদের
হাতে এনে দিলে। জিম ও আমি বিশ্বয়ে চম্কে উঠলাম—
জিনিসটা হীরক! শেশেখনি বা খনির ওপরকার উপলাকীর্ণ
মৃত্তিকান্তর থেকে প্রাপ্ত পালিশ-না-করা হীরক খণ্ড!

কাফির সর্দান বল্লে—এটা তোমরা নিয়ে যাও। এ যে দূরের বড় পাহাড় দেখচো, ধোঁয়া দোঁয়া —এখান থেকে হেঁটে গেলে একটা চাঁদের মধ্যে ওখানে পৌছে যাবে। এ পাহাড়েব মধ্যে এ রকম সাদা পাথর অনেক আছে বলে শুনেচি। আমবা কখনো যাইনি, জায়গা ভাল নয়, ওখানে বুনিপ বলে উপদেবতা খাকে। অনেক চাঁদ আগেকার কথা, আমাদের গ্রামের তিনজন সাহসী লোক কারো বারণ না শুনে এ পাহাড়ে গিয়েছিল,

আর ফেরে নি। আর একবার একজন তোমাদের মত সাদা মানুষ এসেছিল, সেও অনেক, অনেক চাঁদ আগে। আমরা দেখিনি, আমাদেক বাপ ঠাকুরদাদাদের আমলের কথা। সে গিয়েও আর ফেরেনি।

কাফির গ্রাম থেকে বার হয়েই পথে আমরা ম্যাপ মিলিয়ে দেখলাম—দূরের ধোঁয়া ধোঁয়া অস্পষ্ট ব্যাপারটা হচ্চে বিখ টারস্ভেল্ড পর্ববিশ্রেণী—দক্ষিণ আফ্রিকায় সর্ব্বাপেক্ষা বহু, অজ্ঞাত, বিশাল ও বিপদসঙ্গুল অঞ্চল। কোনো সভ্য মানুষ সে অঞ্চলে পদার্পণ করে নি—ছু' একজন ছুর্দ্ধ দেশ-আবিষ্কারক বা ভৌগোলিক বিশেষজ্ঞ ছাড়া। ঐ বিস্তীর্ণ বনপর্ববতের অধিকাংশ স্থানই সম্পূর্ণ অজ্ঞানা, তার ম্যাপ নেই, তার কোথায় কি আছে কেউ বলতে পারে না।

জিম্ কার্টার ও আমার রক্ত চঞ্চল হয়ে উঠল—আমবা হ'জনেই তথনি স্থির করলাম। এই অরণ্য ও পর্ববিতমালা আমাদেরই আগমন প্রতিক্ষায় তার বিপুল রত্নভাণ্ডার লোকচক্ষর আচালে গোপন করে রেখেচে। আমরা এখানে যাবোই।

কাফির গ্রাম থেকে রওনা হবার প্রায় সতেরো দিন পরে আমবা পর্ববতশ্রেণীর পাদদেশের নিবিড বনে প্রবেশ করলাম।

পূর্ব্বেই বলেচি দক্ষিণ আফ্রিকার অত্যস্ত কুর্গম প্রদেশে এই পর্ব্বতশ্রেণী অবস্থিত। জঙ্গলের কাছাকাছি কোনো কাফির . বস্তি পর্য্যস্ত আমাদের চোখে পড়ল না। জঙ্গল দেখে মনে হোল কাঠুরিয়ার কুঠার আজ্ব পর্যাস্ত এখানে প্রবেশ করে নি। সন্ধ্যার কিছু পূর্বের আমরা জঙ্গলের ধারে এসে পৌছে-ছিলাম। দ্বিম্ কার্টারের পরামর্শ মত সেখানেই আমরা রাত্তের বিশ্রামের জন্ম তাঁবু খাটালাম। দ্বিম্ জঙ্গলেব কাঠ কুড়িয়ে আগুন জাললে—আমি লাগলুম বান্নাব কাজে। সকালের দিকে একজোড়া পাখী মেরেছিলাম, সেই পাখী ছাড়িয়ে তাব রোষ্ট্ কববো এই ছিল মতলব। পাখী ছাড়ানোর কাজে একট্ট ব্যস্ত আছি—এমন সময় দ্বিম্ বল্লে—পাখী বাখো। তু পেয়ালা কাফি কবো তো আগে।

আগুন জালাই ছিল। জল গবস কবতে দিয়ে আবাব পাথী ছাড়াতে বদেছি, এমন সময় সিংহেব গর্জন একেবাবে অতি নিকটে শোনা গেল। জিম্ বন্দুক নিয়ে বেকল, আমি বল্লাম—অন্ধকাব হয়ে আসচে, বেশী দুব যেও না। তাবপবে আমি পাখী ছাড়াচিচ - কিছু দুরে জঙ্গলেব বাইবেই ছুবার বন্দুকেব আওয়াজ উনলুম। একট্থানি থেমে আবাব আর একটা আওয়াজ। তারপরেই সব চুপ। মিনিট দশ কেটে গেল, জিম আসে না দেখে আমি নিজেব রাইফেল্টা নিয়ে যেদিক থেকে আওয়াজ এসেছিল, সেদিকে একটু যেতেই দেখি জিম্ আসচে - পেছনে কি একটা ভাবী মত টেনে আনচে। জামায় দেখে বল্লে —ভারী চমৎকাব ছাল খানা। জঙ্গলেব ধারে ফেলে রাথলে হায়নাতে সাবাড় কবে দেবে। তাবুর কাছে টেনে নিয়ে যাই চল!

ত্'জনে টেনে সিংহের প্রকাণ্ড দেহট। তাবুৰ আগুনের কাছে

নিয়ে এসে ফেললাম। তারপর ক্রেমে রাত ছোল। খাওয়া দাওয়া দেরে আমরা শুয়ে পড়লুম।

অনেক রাত্রে সিংহের গজানে ঘুম ভেডে গেল। তাবু থেকে মল্ল দূরেই সিংহ ডাক্চে। অন্ধকারে বোঝা গেল না ঠিক কতদূবে। আমি রাইফেল্ নিয়ে বিছানায় উঠে বস্লাম। জিম্ শুধু একবার বল্লে—সন্ধ্যাবেলার দেই সিংহটার জুড়ি।

বলেই সে নির্কিবকাব ভাবে পাশ ফিরে শুয়ে ঘুমিয়ে পড়ল।
আমি তাঁবুব বাইরে এসে দেখি আগুন নিবে গিয়েচে, পাশে
কাঠকুটো ছিল, তাই দিয়ে আবার জোর আগুন জাললাম।
ভারপরে আবার এসে শুয়ে পড়লাম।

প্রবিদন সকালে উঠে জঙ্গলের মধ্যে ঢুকে গেলাম। কিছুদূর গিয়ে জনকযেক কাফিরের সঙ্গে দেখা হোল। তারা
ক্রবিণ শিকাব কবতে এসেচে। আমরা তাদের তামাকের
লোভ দেখিয়ে কুলী ও পথপ্রদর্শক হিসেবে সঙ্গে নিতে
চাইলাম।

তারা বল্লে—তোমরা জানো না তাই ও কথা বলচ। এ জঙ্গলে মানুষ আদে না। যদি বাঁচতে চাও তো ফিরে যাও।
ঐ পাহাড়ের শ্রেণী অপেক্ষাকৃত নীচু, ওটা পার হয়ে মধ্যে
খানিকটা সমতল জায়গা আছে, ঘন বনে ঘেরা তার ওদিকে
আবার এর চেয়েও উচু পর্বভশ্রেণী। ঐ বনের মধ্যের সমতল
জায়গাটা বড় বিপজ্জনক, ওখানে বুনিপ্ থাকে। বুনিপের

হাতে পড়লে আর ফিরে আসতে হবে না। ওথানে কেউ যায় না। আমরা তামাকের লোভে ওখানে যাবো মরতে? ভালো চাও তো তোমরাও যেও না।

আমরা জিজ্ঞাসা করলাম—বুনিপ্ কি ?

তারা জানে না। তবে তারা স্পষ্ট বুঝিয়ে দিলে বুনিপ্ কি, না জানলেও সে কি অনিষ্ট করতে পারে সেটা তারা খুব ভাল রকমই জানে।

ভয় আমাদের ধাতে ছিল না, জিম্ কার্টারের তো একেবারেই না। সে আরও বিশেষ করে জেদ ধরে বস্ল। এই
বৃনিপের রহস্ত তাকে ভেদ করতেই হবে — হীরা পাই বা
না পাই। মৃত্যু যে তাকে অলক্ষিতে টান্চে, তথনও যদি
বৃঝতে পারতাম!

বৃদ্ধ এই পধ্যন্ত বলে একটু ইাপিয়ে পড়ল শঙ্করের মনে তথন অত্যন্ত কোতৃহল হয়েছে, এ ধরণের কথা সে কথনও আর শোনে নি। মুমূর্ ডিয়েগো আলভারেজের জীর্ণ পরিচ্ছদ ও শিরাবহুল হাতের দিকে চেয়ে, তার পাকা ভুক্ন জোড়াব নীচেকার ইম্পাতের মত নীল দীপ্তিশীল চোখ ছুটোর দিকে চেয়ে, শঙ্করের মন শ্রদ্ধায় ভালবাসায় ভরে উঠল।

সত্যিকার মান্ত্র্য বটে একজন ! আল্ভারেজ বল্লে—আর একগ্লাস জল— জ্বলপান করে বৃদ্ধ আবার বলতে স্থুক্ষ করলে:— হাঁ, তারপরে শোনো। ঘোর বনের মধ্যে আমরা প্রবেশ কবলাম। কত বড় বড় গাছ, বড় বড় ফার্ল, কত বিচিত্রবর্ণের অর্কিড্ ও লায়ানা, স্থানে স্থানে সে বন নিবিড় ও গুপ্পবেশু। বড় বড় গাছেব নীচেকার জঙ্গল এতই ঘন। বড়শিব মত কাঁটা গাছেব গায়ে, মাথাব ওপবকাব পাতায় পাতায় এমন জড়ান্ধাছি যে সুর্য্যেব আলো কোনো জন্ম সে জঙ্গলে প্রবেশ করে কিনা সন্দেহ। আকাশ দেখা যায় না। অত্যন্ত বেবুনের উৎপাত জঙ্গলেব সর্বত্র, বড় গাছেব ডালে দলে দলে শিশু, বালক, বৃদ্ধ, যুবা নানা বক্ষেব বেবুন বসে আছে—অনেক সময় দেখলাম মান্ধ্যবে আগমন তাবা গ্রাহ্য কবে না। দাঁত খিঁচিয়ে ভয় দেখায—ছ-একটা বুড়ো সন্দাব বেবুন সভিটুই হিংক্র প্রেকৃতিব, হাতে বন্দুক না থাক্লে তাবা অনায়াসেই আমাদেব আক্রমণ কবত। জিম্ কাটাব বল্লে—অন্ততঃ আমাদেব খাতেব ভালাব হবে না কখনো এ জঙ্গলে।

সাত আটদিন সেই নিবিড জঙ্গলে কাট্ল। জিম্কাটাব ঠিকই বলেছিল, প্রতিদিন একটা কবে বেবুন আমাদেব খাছা যোগান দিতে দেহপাত কবত। উচু পাহাড়টা থেকে জঙ্গলেব নানাস্থানে ছোট বড় ঝবণা নেমে এসেচে, স্বতবাং জলেব অভাবও ঘটল না। একবার কিন্তু এতে বিপদও ঘটেছিল। একটা ঝবণাব ধাবে ছপুরবেলা এসে আগুন জ্বেলে বেবুনের দাপ্না ঝল্সাবার ব্যবস্থা করিচি, জিম্ গিয়ে ভৃষ্ণাব ঝোকে ঝরণার জল পান করলে। তার একট্ব পবেই তার ক্রমাগত বিমি হতে সুরু করল। পেটে ভয়ানক ব্যথা। আমি একটা

বিজ্ঞান জ্ঞানতাম, আমার সন্দেহ হওয়াতে ঝরণার জ্ঞল পরীক্ষা করে দেখি, জ্ঞানে খনিজ আর্সেনিক মেশানো আছে। ওপর পাহাড়ের আর্সেনিকের স্তর ধুয়ে ঝরণা নেমে আসচে নিশ্চয়ই। হোমিওপ্যাথিক বাক্স থেকে প্রতিষেধক ওম্বুধ দিতে সন্ধ্যার দিকে জিম্ সুস্থ হয়ে উঠ্ল।

বনের মধ্যে ঢুকে কেবল এক বেবুন ও মাঝে মাঝে ছ একটা বিষধর সাপ ছাড়া অস্থ্য কোনো বহুজন্তর সঙ্গে আমাদের সাক্ষাৎ হয়নি! পাখীর কথা আর প্রজ্ঞাপতির কথা অবশ্য বিদ দিলাম। কারণ এই সব ট্রপিক্যাল জঙ্গল ছাড়া এত বিচিট বর্ণের ও শ্রেণীর পাখী ও প্রজ্ঞাপতি আর কোথাও দেখতে শাওয়া যাবে না। বিশেষ করে বহুজন্ত বলতে যা বোঝায়, ধারা সে পর্যায় পড়ে না।

প্রথমেই রিখ্টাস্ভেল্ড পর্বতশ্রেণীর একটা শাখা পর্বত আমাদের সাম্ন পড়ল, সেটা মূল ও প্রধান পর্বত্বের সঙ্গে সমান্তরালভাবে অবস্থিত বটে, কিন্তু অপেকাকৃত নীচু। সেটা পার ইয়ে আমরা একটা বিস্তীর্ণ বনময় উপত্যকায় নেমে তাঁব্ কেললাম। একটা ক্ষুদ্র নদী উপত্যকার মধ্য দিয়ে বয়ে গিয়েচে। নদী দেখে আমার ও জিমের আনন্দ হোল, এই সব নদীর তীর থেকেই অনেক সময় খনিজ্ঞব্যের সন্ধান পাওয়া যায়।

নদীর নানাদিকে আমরা বালি পরীক্ষা করে বেড়াই, কিছুই কোথাও পাওয়া যায় না। সোনার একটা রেণু পর্য্যস্ত নেই নদীর বালিতে। আমরা ক্রমে হতাশ হয়ে পড়লুম। তখন প্রায় কুড়ি বাইশ দিন কেটে গিয়েচে। সন্ধ্যার সময় কফি খেতে খেতে জ্বিম্ বল্লে, দেখ, আমার মন বলচে এখানে আমরা সোনার সন্ধান পাবো। থাকো এখানে আর কিছুদিন।

আরও কুডিদিন কাট্ল। বেবুনের মাংস অসহা ও অত্যন্ত অকটেকব হয়ে উঠেচে। জিমের মত লোকও হতাশ হয়ে পড়্ল। আমি বল্লাম—আর কেন জিম, চল ফিরি এবার। কাফির গ্রামে আমাদের ১কিয়েচে। এখানে কিছু নেই।

জিম্ বল্লে—এই পর্বতশ্রেণীব নানা শাখা আছে, সবগুলো না দেখে যাবো না।

একদিন পাগড়ী নদীটার খাতের ধাবে বসে বালি চাল্তে চাল্তে পাথরেব রুড়িব রাশিব মধ্যে অর্দ্ধপ্রোথিত একখানা হল্দে রঙের ভোট পাথব আমি ও জিম একসঙ্গেই দেখতে পেলাম। ত'জনেই তাড়াতাড়ি সেটা খুঁড়ে তুললাম। আমাদেব মুখ আনন্দে ও বিস্মায়ে উজ্জন হয়ে উঠ্ল। জিম্ বল্লে—
ডিয়েগো পরিশ্রম এতদিনে সার্থক হোল—চিনেচ তো ?

আমিও বুঝেছিলাম। বল্লাম—ই।। কিন্তু নদীক্রোতে ভেসে আসা জিনিষ্টা। খনিব অস্তিত্ব নেই এখানে।

পাথরখানা দক্ষিণ আফ্রিকাব বিখ্যাত হল্দে রংয়ের হীরকের জাত। অবশ্য খুব আনন্দের কোনো কাবণ ছিল না, কারণ এতে মাত্র এটাই প্রমাণ হয় যে, এই বিশাল পর্বত্তশোর কোনো অজ্ঞাত, তুর্গম অঞ্চল হলদে হীরকেব খনি আছে। নদীলোতে ভেদে এদেচে তা থেকে একটা স্থারের একটা টুক্রো। সে মূল খনি খুঁজে বার করা অমাত্মিক পরিশ্রম, ধৈর্য্য ও সাহস সাপেক।

সে পরিশ্রম, সাহস ও ধৈর্য্যের অভাব আমাদের ঘটত না, কিন্তু যে দৈত্য ঐ রহস্তময় বনপর্ব্বতের অমূল্য হীরক্থনির প্রহরী, সে সম্পূর্ণ অপ্রত্যাশিতভাবে আমাদের বাধা দিলে।

একদিন আমরা বনের মধ্যে একটা পরিষ্কার জায়গায় বসে
সন্ধ্যার দিকে বিশ্রাম করি, আমাদের সামনে পরিষ্কাব
জায়গাতে একটা তাল গাছ, তালগাছের তলায় গুঁড়িটা ঘিরে
খুব ঘন বন ঝোপ। হঠাৎ হা মরা দেখলাম কিসে যেন হাত
বড় তালগাছটা এমন নাড়া দিছে যে, তাব ওপরকারের শুকনো
ডালপালাগুলো খড় খড় করে নডে উঠ্ছে, যেমন নড়ে রড়
লাগলে। গাছটাও সেই সঙ্গে নড়চে।

আমরা আশ্চর্য্য হয়ে গেলাম। বাতাস নেই কোনোদিকে, অথচ তালগাছটা নড়চে কেন ? আমাদের মনে হোল কে যেন তালগাছের গুঁড়িটা ধরে ঝাঁকি দিচে। জ্বিম্ তথুনি ব্যাপারটা কি দেখতে গুঁড়ির তলায় সেই জঙ্গলটার মধ্যে চুক্লো।

সে ওর মধ্যে চুকবার অল্পক্ষণ পরেই আমি একটা আর্ত্তনাদ শুনতে পেয়ে রাইফেল্ নিয়ে ছুটে গেলুম—ঝোপের মধ্যে চুকে দেখি জিম্ রক্তাক্ত দেহে বনের মধ্যে পড়ে আছে—কোন ভীষণ বলবান জন্ততে তার মুখের সামনে থেকে বুক পর্য্যন্ত ধারালো নথ দিয়ে চিরে কেঁডে ফেলেচে—যেমন পুরাণো বালিশ ফেঁড়ে তুলো বার করে, তেম্নি। জিম্ শুধু বল্লে— সাক্ষাৎ সয়তান—মূর্ত্তিমান শয়তান—

হাত দিয়ে ইঙ্গিত করে বল্লে—পালাও—পালাও—

ভারপরেই জিম্ মারা গেল। তালগাছের গায়ে দেখি যেন কিসের মোটা ও শক্ত টোচ্ লেগে আছে। আমার মনে হোল কোন ভীষণ বলবান জানোয়োব তালগাছের গায়ে গা ঘদ্ছিল, গাছটা ও রকম নড়ছিল সেই জত্যেই। জন্তটার কোনো পাতা পেলাম না। জিমের দেহ ফাকা জায়গায় বার করে আমি রাইফেল্ হাতে ঝোপের ওপাবে গেলুম। সেখানে গিয়ে দেখি মাটার ওপরে কোনো অজ্ঞাত জন্তর পায়ের চিহ্ন, তার মোটে তিনটে আঙ্গুল পায়ে —কিছুদূর গেলুম পায়ের চিহ্ন অঞ্পরণ করে, জঙ্গলেব মধ্যে কিছুদূর গিয়ে একটা গুহার মুখে পদচিহ্নটা ঢুকে গেল। গুহার প্রবেশ পথের কাছে শুক্না বালিব ওপরে ওই অজ্ঞাত ভয়য়র জানোয়ারটার বড় বড় তিন-আঙ্গুলে থাবার দাগ রয়েচে।

তথন অন্ধকার হয়ে এসেচে। সেই জনহীন অরণ্যভূমি ও পর্ব্বত বেষ্টিত অজ্ঞাত উপত্যকায় একা দাঁড়িয়ে আমি এক অজ্ঞাততর ভীষণ বলবান জন্তুর অনুসরণ করিছি। ডাইনে চেয়ে দেখি প্রায়ান্ধকার সন্ধ্যায় স্থউচ্চ ব্যাসাল্টের দেওয়াল খাড়া উঠেচে প্রায় চার হাজার ফুট, বনে বনে নিবিড়, থুব উচুতে পর্ব্বতের বাঁশবনের মৃথিয় সামাশ্য যেন একটু রাঙা রোদ —কিম্বা হয়তো আমার চোথের ভুল, ঘনস্ত আকাশের আভা পড়ে থাকবে।

ভাব্লাম, এ সময় গুহার মধ্যে ঢোকা বা এখানে দাঁড়িয়ে থাকা বিবেচনার কাজ হবে না। জ্বিমের দেহ নিয়ে তাঁবুতে ফিরে এলুম। সারারাত তার মৃতদেহ নিয়ে আগুন জ্বেলে রাইফেল্ তৈরী রেখে বদে রইলুম।

পরদিন জিমকে সমাধিস্থ করে আবার ওই জানোয়ারটার থোঁজে বার হলাম। কিন্তু মুস্কিল এই যে, সে গুহা এবং সেই তালগাভটা পর্য্যন্ত অনেক থুঁজেও কিছুতেই বার করতে পারলুম না। ও রকম অনেক গুহা আছে পর্বতের নানা জায়গায়। সন্ধ্যার অন্ধকাবে কোন্ গুহা দেখেভিলাম কে জানে ?

সঙ্গীতীন অবস্থায় সেই মহাত্র্গম রিখটারস্ভেল্ড পর্বতশ্রেণীর বনের মধ্যে থাকা চলে না। পনেরো দিন হৈটে সেই কাফির্ বস্তিতে পৌছলাম। তারা চিনতে পারলে, খুব খাতির করলে। তাদের কাছে জিমের মৃত্যু-কাহিনী বল্লুম।

শুনে তাদের মুখ ভয়ে কেমন হয়ে গেল—ছোট ছোট চোখ ভয়ে বড় হয়ে উঠল। বল্লে—সর্বনাশ! বুনিপ্। এই ভয়েই ওখানে কেউ যায় না।

কাফির বস্তি থেকে আর পাঁচ দিন হেঁটে অরেঞ্জ নদীর ধাবে এসে একথানা ডাচ, লঞ্চ পেলাম। তাতে করে এসে সভ্য জগতে পৌছুলাম। আমি মার কখনো রিখ্টারস্ভেল্ড পর্ব্বতের দিকে যেতে পারিনি। চেষ্টা করেছিলাম অনেক। কিন্তু বুয়র যুদ্ধ এসে পড়ল। যুদ্ধে গেলাম। আহত হয়ে প্রিটোরিয়ার হাসপাতালে অনেকদিন রইলাম। তারপর সেরে উঠে একটা কমলালেবুর বাগানে কাজ পেয়ে সেখানেই এতদিন ছিলাম।

বছর চার পাঁচ শান্ত জীবন যাপন করবার পরে, ভালো লাগলো না তাই আবার বার হয়েছিলাম। কিন্তু বয়েস হয়ে গিয়েচে অনেক, ইয়্যাংম্যান, এবার আমার চলা বোধ হয় ফুরুবে।

এই ম্যাপখানা তুমি রাখো। এতে রিখ্টারস্ভেল্ড প্রবৃত্ত ও যে নদীতে আমরা হীবা পেয়েছিলাম, মোটামুটি ভাবে আঁকা আছে। সাহস থাকে, সেখানে যেও, বড় মানুষ হবে। বুয়র যুদ্ধের পর ওই অঞ্চলে ওয়াই নদীর ধারে ছ একটা ছোট বড় হীরার খনি বেরিয়েচে। কিন্তু আমরা যেখানে হীরা পেয়েছিলুম তার সন্ধান কেউ জানে না। যেও তুমি।

ডিয়েগো আল্ভারেজ গল্প শেষ করে আবাব অবসন্ধ ভাবে বালিশের গায়ে ভর দিয়ে শুয়ে পডল।

পাঁচ

শহরের সেবাশুশ্রুষার গুণে ডিয়েগো আলভাবেজ সে যাত্রা সেরে উঠ্ল এবং দিন পনেরো শহর তাকে নিজেব কাছেই রাখলে। কিন্তু চিরকাল যে পথে পথে বেড়িয়ে এসেচে, ঘবে তার মন বসে না। একদিন সে যাবার জন্মে ব্যক্ত হয়ে পড়ল, শহর নিজের কর্ত্তব্য ঠিক কবে ফেলেছিল। বল্লে চল, ভোমার অন্থথের সময় যে সব কথা বলেছিলে, মনে আছে । সেই হলদে হীবের খনি ?

সমুখের বোঁকে আলভারেজ যে সব কথা বলেছিল, এখন সে সম্বন্ধে বৃদ্ধ আর কোনো কথাটি বলে না। বেশীর ভাগ সময় চুপ করে কি যেন ভাবে। শঙ্করের কথার উত্তরে বৃদ্ধ বল্লে— আমিও কথাটা যে না ভেবে দেখেচি, তা মনে কোরো না! কিন্তু আলেয়ার পেছনে ছুটবাব সাহস আছে তোমাব ?

শঙ্কর বল্লে—আছে কি না দেখতে দোষ কি ? আজই বলো তো মাভো ষ্টেশনে তার কবে আমার বদলে অন্ত লোক পাঠাতে বলি। আলভারেজ কিছু ভেবেই বল্লে—কব তার। কিন্তু আগে বুঝে দেখো। যারা সোনা বা হীরা খুঁজে বেড়ায় তারা সব সময় তা পায় না। আমি আশী বছরের এক বুড়ো লোককে জানতাম, সে কখনো কিছু পায় নি—তবে প্রতিবারই বলতো, এইবার ঠিক সন্ধান পেয়েছি, এইবার পাবো! আজীবন অষ্ট্রেলিয়ার মক্ষভূমিতে আর আফ্রিকার ভেল্ডে প্রস্পেকটিং করে বেডিয়েচে।

আরও দিন দশেক পরে হ'জনে কিন্তুমু গিয়ে ভিক্টোরিয়। নায়াগ্রা হুদে স্তীমার চড়ে দক্ষিণ মুখে মোয়ান্জার দিকে যাবে ঠিক কবলে।

পথে এক জায়গায় বিস্তীর্ণ প্রান্তবে হাজার হাজার জেব্রা, জিরাফ, হবি চবতে দেখে শঙ্কব তো অবাক। এমন দৃশ্য সে আব কখনে দেখে নি। জিবাফগুলো মানুষকে আদৌ ভয় করে না, ৫০ গজ হফাতে দাঁড়িযে ওদের দিকে চেয়ে চেয়ে দেখতে লাগল।

আলভাবেজ বল্ল—আফ্রিকার জিরাফ মাববার জন্মে গবর্ণমেন্টের কাছ থেকে বিশেষ লাইসেন্স নিতে হয়। যে সে মাবতে পারে না। সেজন্যে মারুষকে ওদের তত ভয় নেই।

হবিশেব দল কিন্তু বছ ভীরু, এক এক দলে ছ তিন শো হরিণ চবচে, ওদেব দেখে ঘাস খাওয়া ফেলে মুখ তুলে একবার চাইলে, তাব প্রক্ষণ ই মাঠের দূব প্রান্তেব দিকে স্বাই চাব পা তুলে দৌড়।

কিন্দুন থেকে ষ্টীমাব ছাড়ল—এটা ব্রিটীশ ষ্টীমার, ওদের প্রসানেই বলে ডেকে যাচ্ছে। নিগ্রো মেয়েরা পিঠে ছেলে-মেয়ে বেধে মুবগী নিয়ে ষ্টীমাবে উঠেচে। মাসাই কুলীরা ছুটী নিয়ে দেশে যাচ্ছে—সঙ্গে নাইরোবি সহর থেকে কাঁচের পুঁডি, কম দামেব থেলো আয়না ছুরি প্রভৃতি নানা জিনিস। ষ্ঠীমার থেকে নেমে আবার ওরা পথ চলে। ভিক্টোরিয়া স্থুদের যে বন্দরে ওরা নাম্লে—তার নাম মোওয়ান্জা—এখান থেকে তিন শো মাইল দূরে ট্যাবোরা, সেথানে পৌছে কয়েক দিন বিশ্রাম করে ওরা যাবে টাঙ্গানিয়াকা হুদের তীরবর্ত্তী উজিজি বন্দরে।

এই পথে যাবার সময় আলভারেক্ত্ বল্লে—টাঙ্গানিয়াকার মধ্য দিয়ে যাওয়া বড় বিপজ্জনক ব্যাপার। এখানে এক রকম মাছি আছে, তা কামড়ালে স্লিপিং সিকনেস্ হয়। স্লিপিং সিকনেসের মড়কে টাঙ্গানিয়াকা জনশৃন্য হয়ে পড়েচে। মোওয়ান্জা থেকে ট্যাবোরার পথে সিংহের ভয়ও খ্ব বেশী। প্রাকৃত পক্ষে আফ্রিকার এই অঞ্চলও 'সিংহের রাজ্য' বলা চলে।

সহর থেকে দশ মাইল দূরে পথের ধারে একটা ছোট খড়ের বাংলো। সেখানে এক ইউরোপীয় শিকারী আশ্রয় নিয়েচে। আল্টারেজকে সে খুব খাতির করলে। শঙ্করকে দেখে বল্লে— একে পেলে কোথায় ? এ তো হিন্দু! তোমার কুলী ?

আলভারেজ বল্লে—আমার ছেলে।

সাহেব আশ্চর্য্য হয়ে বল্লে – কি রকম ?

আলভাবেজ আমুপূর্বিক সব বর্ণনা করলে, তার রোগের কথা, শঙ্করের সেবাশুশ্রুষার কথা। কেবল বল্লে না কোথায় যাচে ও কি উদ্দেশ্যে যাচে ।

সাহেব হেসে বল্লে—বেশ ভালো। ওর মুখ দেখে মনে হয় । ওর মনে সাহস ও দয়া তুইই আছে। ইষ্ট ইণ্ডিজের হিন্দুরা

লোক হিসেবে ভালোই বটে। একবার ইউগাণ্ডাতে একজন
শিথ আমার প্রতি এমন স্থন্দর আতিথ্য দেখিয়েছিল, তা
কথনো ভুলতে পারবো না। আজ তোমরা এসো, রাত সামনে,
আমার এথানেই রাত্রি যাপন করো। এটা গবর্ণমেন্টের
ডাকবাংলো আমিও তোমাদের মত সারাদিন পথ চলে বিকেলের
দিকে এসে উঠেচি।

সাহেবের একটা ছোট গ্রামোফোন আছে, সন্ধ্যার পরে টিনবন্দী বিলাতী টোমাটোর ঝোল ও সার্ভিন মাছ সহযোগে সান্ধ্যভোজন সমাপ্ত করার পরে সবাই বাংলোর বাইরে ক্যাম্প চেয়ারে শুয়ে রেকর্ডের পর রেকর্ড শুনে যাচ্চে, এমন সময় অল্প দূরে সিংহের গর্জন শোনা গেল! বোধ হোল, মাটীর কাছে মুখ নামিয়ে সিংহ গর্জন করচে—কারণ মাটী যেন কেঁপে কেঁপে উঠচে। সাহেব বল্লে—টাঙ্গানিয়াকায় বেজায় সিংহের উপত্রব। আর বড় হিংস্র এরা। প্রার অধিকাংশ সিংহই মামুষ্থেকো। মানুষের রক্তের আস্বাদ একবার পেয়েচে, এখন মানুষ ছাড়া আর কিছু চায় না।

শঙ্কর ভাবলে খুব স্মৃসংবাদ বটে। ইউগাণ্ডা রেলওয়ে তৈরী হবার সময়ে সে সিংহের উপদ্রব কাকে বলে খুব ভালই দেখেচে।

পরদিন সকালে ওরা আবার বওনা হোল, সাহেব বলে দিলে সূর্য্য উঠে গেলে খুব সাবধান থাক্ ব। সিনুপিং সিক্নেসের মাছি রোদ উঠলেই জাগে। গায়ে যেন না বসে। দীর্ঘ দীর্ঘ ঘাসের বনের মধ্যে দিয়ে স্থৃ ড়িপথ। আলভারেজ বল্লে —খুব সাবধান, এই সব ঘাসের বনেই সিংহের আড্ডা। বেশী পেছনে থেকে। না।

আলভারেজের বন্দুক আছে, এই একটা ভরসা। আর একটা ভরসা এই যে আলভারেজ, যাকে বলে 'ক্র্যাক্ শট্', ভাই। অর্থাৎ তাব গুলি বড় একটা ফস্কায় না। কিন্তু অত বড় অব্যর্থ-লক্ষ্য শিকারী সঙ্গে থেকেও শঙ্কব বিশেষ ভরসা পোলে না, কারণ ইউগাণ্ডার অভিজ্ঞতা থেকে সে জানে, সিংহ যখন যাকে নেবে, এমন সম্পূর্ণ অতর্কিতেই নেবে, যে পিঠের রাইফেলের চামড়ার ট্র্যাপ্ খুলবার অবকাশ পর্যান্ত দেবে না।

সেদিন সন্ধ্য। হবার ঘণ্টাখানেক আগে দূরবিস্তার্ণ প্রান্তরের মধ্যে, রাত্রের বিশ্রামেব জন্মে স্থান নির্ব্বাচন করে নিতে হোল। আলভাবেজ বল্লে—সামনে কোন গ্রাম নেই— অন্ধকারের পর এখানে পথ চলা ঠিক নয়।

একটা স্থবৃহৎ বাওবাব্ গাছের তলায় তু টুক্রো কেম্বিদ্ বুলিয়ে ছোট্ট একটু- তাব্ খাটানো হোল। কাঠকুটো কুড়িয়ে আগুন জ্বালিয়ে রাত্তের খাবার তৈরী করতে বস্ল শঙ্কর। ভারপর সমস্তদিন পরিশ্রমের পরে তুজনেই শুয়ে ঘুনিয়ে পড়ল।

অনেক রাত্রে আল্ভারেজ ডাকলে—শঙ্কর, ওঠো।
শঙ্কর ধড়মড় করে বিছানাফ উঠে বস্ল।
আলভাবেজ বলে—কি ৫ টো জানোমার জাঁবের চা

আল্ভারেজ্ বল্লে—কি এ ইটা জানোয়ার তাঁবুর চারিপাশে ঘুরচে—কন্দুক বাগিয়ে রাখো। সত্যিই একটা কোনো অজ্ঞাত বৃহৎ জন্তুর নিঃখাসের শব্দ তাঁবুর পাৎলা কেম্বিসের পর্দার বাইরেই শোনা যাচ্ছে বটে। তাঁবুর সামনে সন্ধ্যায় যে আগুন করা হয়েছিল—তার স্বল্লাবশিষ্ট আলোকে স্বৃহৎ বাওবাব্ গাছট। একটা ভীষণদর্শন দৈত্যের মত দেখাচেচ। শঙ্কর বন্দুক নিয়ে বিছানা থেকে নামবার চেষ্টা করতে বৃদ্ধ বারণ করলে।

পরক্ষণেই জ্ঞানোয়ারটা হুড়মুড় করে তাঁবুটা ঠেলে তাঁবুর মধ্যে চুকবার চেষ্টা করবার সঙ্গে সঙ্গে তাঁবুর পর্দার ভেতর থেকেই আলভারেজ পর পর হুবার রাইফেল ছুঁড়লে। শব্দটা লক্ষ্য করে শঙ্করও সেই মূহুর্ত্তে বন্দুক ওঠালে। কিন্তু শঙ্কর ঘোড়া টিপ্বার আগে আলভারেজের রাইফেল আর একবার আওয়াজ করে উঠল।

তার পরেই সব চুপ।

ওর। টর্চ্চ জেলে সন্তর্গণে তাঁবুব বাইরে এসে দেখলে তাঁবুর প্বদিকের পর্দ্ধার বাইরে পর্দ্ধাটা খানিকটা ঠেলে ভেতরে ঢুকেছে এক প্রকাণ্ড সিংহ।

সেটা তথনও মরেনি, কিন্তু সাংঘাতিক আহত হয়েচে। আরও ছবার গুলি থেয়ে সেটা শেষ নিঃশ্বাস ত্যাগ করলে।

আল্ভারেজ আকাশের নক্ষত্রের দিকে চেয়ে বল্লে—রাত এখনো অনেক। ওটা এখানে পড়ে থাক্। চলো আমর। আমাদের ঘুম শেষ করি।

তুজনেই এসে শুয়ে পড়ল-একটু পরে শঙ্কর বিশ্বয়ের সঙ্গে

লক্ষ্য করলে আলভারেজের নাসিকা গর্জন স্থুরু হয়েচে। শহুরের চোখে ঘুম এল না।

আধ্যণী পরে শঙ্করের মনে হোল, আলভাবেজের নাসিকা-গর্জনের সঙ্গে পাল্লা দেবার জন্মে টাঙ্গানিয়াকা অঞ্চলের সমস্ত সিংহ যেন এক যোগে ডেকে উঠল। সে কি ভয়ানক সিংহেব ডাক। এতাগেও শঙ্কব অনেকবার সিংহ-গর্জন শুনেচে, কিন্তু এ রাত্রের সে ভীষণ বিরাট গর্জন তার চিরকাল মনে ছিল। তা ছাড়া ডাক তাঁবু থেকে বিশ হাতের মধ্যে।

আল্ভারেজ আবাব জেগে উঠল। বল্লে—নাঃ, বাত্রে দেখচি একটু ঘুমুতে দিলে না। আগের সিংহটার জোড়া। সাবধান থাকো। বড় পাজী জানোয়ার।

কি তুর্য্যোগেব রাত্রি! তাঁবুর আগুনও তখন নিবু নিবু।
তায় বাইরে তো ঘুট্ঘুটে অন্ধকার। পাতলা কেম্বিদের চটের
মাত্র ব্যবধান—তাব ওদিকে সাথীহাবা পশু। বিবাট গর্জন
করতে করতে সেটা একবাব তাঁবু থেকে দূবে যায়, আবাব কাছে
আসে, কখনও তাঁবু প্রদক্ষিণ করে।

ভোর হবাব কিছু আগে সিংহটা সরে পড়ল। ওরাও তাঁবু তুলে আবার যাত্রা স্কুক্ত করলে।

চুয়

দিন পনেরো পরে শঙ্কর ও আলভারেজ্ উজিজি বন্দর থেকে ষ্টামারে টাঙ্গানিয়াকা হুদের বক্ষে ভাস্ল। হুদ পার হয়ে আলবার্টভিল্ বলে একটা ছোট সহরে কিছু আবশ্যকীয় জিনিষ কিনে নিল। এই সহর থেকে কাবালো পর্যান্ত বেলজিয়ম গ্রবর্ণমেণ্টের রেলপথ আছে। সেখান থেকে কঙ্গো নদীতে ষ্টামারে চড়ে তিনদিনের পথ সান্কিনি যেতে হবে, সান্কিনি নেমে কঙ্গোনদীর পথ ছেড়ে, দক্ষিণ মুখে অজ্ঞাত বনজঙ্গল ও নক্ষভূমির দেশে প্রবেশ করতে হবে।

কাবালো অতি অপরিষ্<mark>ধার স্থান, কতকগুলো বর্ণসঙ্কর</mark> পট্বগিজ ও বেলজিয়ানের আড্ডা।

ষ্টেশনের বাইরে প। দিয়েচে এমন সময় একজন পটু গিজ ওর কাছে এসে বল্লে—ভালো, কোথায় যাবে ? দেখচি নতুন লোক, আমায় চেন না নিশ্চয়ই। আমার নাম আলবুকার্ক।

শঙ্কর চেয়ে দেখলে আল্ভারেজ তথনও ষ্টেশনের মধ্যে। লোকটার চেগারা যেমন কর্কশ, তেমনি কদাকার। কিন্তু দে ভীষণ জোয়ান, প্রায় সাতফুটের কাছাকাছি লম্বা, শরীরের প্রত্যেকটা মাংসপেশী গুণে নেওয়া যায়, এমনি স্থুণ্ট ও সুগঠিত

শঙ্কর বল্লে—তোমার সঙ্গে পরিচিত হয়ে সুখী হলাম।
লোকটা বল্লে—তুমি দেখচি কালা আদমি, বোধহয় ইষ্ট ইণ্ডিজের। আমার সঙ্গে পোকার খেলবে চলো। শঙ্কর ওর কথা শুনে চটেছিল, বল্লে—তোমার সঙ্গে পোকার থেলবার আমার আগ্রহ নেই। সঙ্গে সঙ্গে সে এটাও বুঝলে, লোকটা পোকার থেলবার ছলে তাদের সর্বস্ব অপহরণ করতে চায়। পোকার একরকম তাসের জুয়াথেলা—শঙ্কর নাম জানলেও সে থেলা কখনো জীবনে দেখেও নি, নাইরোবিতে সে জানতো বদমাইস জুয়াড়ীরা পোকার খেলার ছল করে নতুন লোকের সর্ববনাশ করে। এটা এক ধরণের ডাকাতি।

শঙ্করের উত্তর শুনে পটু গিজ বদ্মাইসটা রেগে লাল হয়ে উঠ্ল। তার চোথ দিয়ে যেন আগুন ঠিকরে বেরুতে চাইল। সে আরও কাছে খেঁদে এদে, দাতে দাত চেপে, অতি বিকৃত সুবে বল্লে—কি? নিগার, কি বল্লি? ইপ্ত ইণ্ডিজের তুলনায় তুই অত্যস্ত ফাজিল দেখচি! তোর ভবিন্তুতের মঙ্গলের জন্মে তোকে জানিয়ে দিই যে, তোর মত কালা আদমিকে আল্বুকার্ক এই রিভল্ভারের গুলিতে কাঁদাথোঁচা পাথীর মত ডজনে ডজনে মেরেচে। আমার নিয়ম হচ্চে এই শোন্। কাবালোতে যারা নতুন লোক নাম্বে, তারা হয় আমার সঙ্গে পোকার খেলবে, নয়তো আমার সঙ্গে রিভল্ভারে দ্বস্থদ্ধ করবে।

শঙ্কর দেখলে এই বদমাইস লোকটার সঙ্গে রিভলভারের লড়াইরে নামলে মৃত্যু অনিবার্য্য। বদ্মাইসটা হচ্ছে একজন ক্রোক্-শট্ গুণ্ডা, আর সে কি ? কাল পর্যান্ত রেলের নিরীহ কেরাণী ছিল। কিন্তু যুদ্ধ না করে যদি পোকারই খেলে তকে সর্ববিধ যাবে।

হয়তো আধমিনিট কাল শঙ্করের দেরী হয়েচে উত্তর দিতে, লোকটা কোমরের চামড়ার হোলপ্টার্ থেকে নিমেষের মধ্যে রিভলভার বার করে শঙ্করের পেটের কাছে উচিয়ে বল্লে—যুদ্ধ না পোকার ?

শঙ্করের মাধায় রক্ত উঠে গেল। ভীরুর মত সে পাশবিক শক্তির কাছে মাথা নীচু করবে না, হোক্ মৃত্যু।

সে বলতে যাচেচ—যুদ্ধ, এমন সময়ে পেছন থেকে ভয়ানক বাঁজখাই স্থারে কে বল্লে—এই! সাম্লাও, গুলিতে মাথার চাঁদি উড়ল! ছজনেই চমকে উঠে পেছনে চাইলে। আলভারেজ ভার উইন্টেষ্টার রিপিটারটা বাগিয়ে উচিয়ে পটু গিজ বদ্মাইসটার মাথা লক্ষ্য করে দৃঢ়ভাবে দাঁড়িয়ে। শক্ষর স্থাোগ বুঝে চট্ করে পিস্তলের নলের উল্টোদিকে ঘুরে গেল। আলভারেজ বল্লে—বালকের সঙ্গে রিভলভার ভুয়েল? ভোঃ, তিন বলতে পিস্তল ফেলে দিবি—এক,—ছই,—তিন—আল্বুকার্কেব শিথিল গত থেকে পিস্তলটা মাটীতে পড়ে গেল।

আল্ভারেজ বল্লে—বালককে একা পেয়ে খুব বীরত্ব জাহির করছিলি-না ? শঙ্কর ততক্ষণ পিস্তলটা মাটী থেকে কুড়িয়ে নিয়েচে। আলবুকার্ক একটু বিশ্মিত হোল, আল্ভারেজ যে শঙ্করের দলের লোক, তা সে ভাবেও নি। সে হেসে বল্লে—আচ্ছা, মেট্, কিছু মনে কোরো না, আমারই হার। দাও, আমার পিস্তলটা দাও ছোক্রা। কোনো ভয় নেই, দাও।

এসো হাতে হাত দাও। তুমিও মেট্। আলব্কার্ক রাগ পুষে রাখে না। এসো, কাছেই আমার কেবিন, এক এক গ্লাস বিয়ার খেয়ে যাও।

আল্ভারেজ নিজের জাতের লোকের রক্ত চেনে। ও নিমন্ত্রণ গ্রহণ করে শঙ্করকে সঙ্গে নিয়ে আল্বুকার্কের কেবিনে গেল। শঙ্কর বিয়ার খায় না শুনে তাকে কফি করে দিলে। প্রাণ খোলা হাসি হেসে কত গল্প করলে, যেন কিছুই হয় নি।

শঙ্কর বাস্তবিকই লোকটার দিকে আকৃষ্ট হোল। কিছুক্ষণ আগের অপমান ও শক্ততা যে এমন বেমালুম ভুলে গিয়ে, যাদের হাতে অপমান হয়েচে, তাদেরই সঙ্গে এমনি ধারা দিল-খোলা হেসে খোসগল্প করতে পারে, পৃথিবীতে সে ধরণের লোক বেশী নেই।

পরদিন ওরা কাবালো থেকে ষ্টিমারে উঠল কঙ্গোনদী বেয়ে দক্ষিণ মুখে যাবার জন্মে। নদীর ত্ই তীরের দৃষ্ট্যে শঙ্কবের মন আনন্দে উৎফুল্ল হয়ে উঠল।

এ রকম অন্তূত বনজঙ্গলের দৃশ্য জীবনে কখনো সে দেখেনি।
এতদিন সে যেখানে ছিল, আফ্রিকার সে অঞ্চলে এমন বন নেই
— সে শুধু বিস্তীর্ণ প্রান্তর, প্রধানতঃ ঘাসের বন, মাঝে মাঝে
বাব্লা ও ইউকা গাছ। কিন্তু কঙ্গোনদী বেয়ে প্রীমার যত
অগ্রসর হয়, তুধারে নিবিভূ বনানী, কত ধরণের মোটা মোটা

লতা, বনের ফুল, বক্তপ্রকৃতি এখানে আত্মহারা, লীলাময়ী, আপনার সৌন্দর্য্য ও নিবিড় প্রাচুর্য্যে আপনি মুগ্ধ।

শঙ্করের মধ্যে যে সৌন্দর্য্যপ্রিয় ভাবুক মনটা ছিল, (হাজার হোক্ সে বাংলার মাটার ছেলে, ডিয়েগো আল্ভারেজের মত শুধু কঠিন প্রাণ স্বর্ণান্থেয়ী প্রস্পেক্টর নয়) এই রূপের মেলায় সে মুদ্ধ ও বিস্মিত হয়ে রাঙা অপরাক্তে ও তৃপুর রোদে আপন মনে , কত কি স্বপ্নজাল রচনা করে।

অনেক রাত্রে সবাই ঘুমিয়ে পড়ে, গচেনা তারাভরা বিদেশের আকাশের তলায় রহস্তময়ী বল্য প্রকৃতি তখন যেন জেগে উঠেচে—জঙ্গলের দিক থেকে কত বল্যজন্তর ডাক কানে আসে, শঙ্করের চোখে ঘুম নেই, এই সৌন্দর্য্যস্বপ্নে ভোর হয়ে, মধ্য আফ্রিকার নৈশ শীতলতাকে তুচ্ছ করেও জেগে বদে থাকে।

ঐ জলজলে সপ্তর্ষিমণ্ডল—আকাশে অনেকদূরে তার ছোট্ট গ্রামের মাথায়ও আজ এমনি সপ্তর্ষিমণ্ডল উঠেচে, ওই রকম এক ফালি কৃষ্ণপক্ষের গভীর রাত্রির চাঁদও। সে সব পরিচিত আকাশ হেড়ে কতদূরে এসে সে পড়েচে, আরও কতদূরে তাকে যেতে হবে, কি এর পরিণতি কে জানে ?

ছদিন পরে বোট এসে সান্কিনি পৌছুলো। সেথান থেকে ওরা আবার পদত্রজে রওনা হোল—জঙ্গল এদিকে বেশী নেই, কিন্তু দিগন্তপ্রসারী জনমানবহীন প্রান্তর ও অসংখ্য ছোট বড় পাহাড়, অধিকাংশ পাহাড় রুক্ষ ও বৃক্ষশৃন্তা, কোনো কোনো পাহাড়ে ইউফোর্বিয়া জাতীয় গাছের ঝোপ। কিন্তু শক্ষরের মনে হোল, আফ্রিকার এই অঞ্চলের দৃশ্য বড় অপরূপ। এডটা ফাঁকা জায়গা পেয়ে মন যেন হাফ ছেড়ে বাঁচে, স্থ্যাস্তের রঙ, জ্যোৎস্লারাত্রির মায়া, এই দেশকে রাত্রে, অপরাক্তে রূপ-কথার পরীরাজ্য করে তোলে।

আলভারেজ্ বল্লে—এই ভেল্ড্ অঞ্চলে সব জায়গা দেখতে একরকম বলে পথ হারাবার সম্ভাবনা কিন্তু খুব বেশী।

কথাটা যেদিন বলা হোল, সেদিনই এক কাণ্ড ঘট্ল।
জনহীন ভেল্ডে সূর্য্য অস্ত গেলে ওরা একটা ছোট পাহাড়ের
আড়ালে তাঁব্ থাটিয়ে আগুন জাল্লে—শঙ্কর জল থুঁজতে
বেরুল। সঙ্গে আল্ভারেজেব বন্দুকটা নিয়ে গেল, কিন্তু মাত্র
ছটী টোটা। আধঘণ্টা এদিক ওদিক ঘুরে বেলাটুকু গেল, পাৎলা
অন্ধকারে সমস্ত প্রান্তরকে ধীরে ধীরে আর্ত করে দিলে। শঙ্কর
শপথ করে বলতে পারে, দে আধঘণ্টার বেশী হাঁটেনি। হঠাৎ
চারিধারে চেয়ে শঙ্করের কেমন একটা অস্বস্তি বোধ হোল, যেন
কি একটা বিপদ আসচে, তাঁবুতে ফেরা ভালো। দূরে দূরে ছোট
বড় পাহাড়, একই রকম দেখতে সব দিক, কোনো চিহ্ন নেই.
সব একাকার!

মিনিট পাঁচ ছয় হাঁটবার পরই শহ্বরের মনে হোল সে পথ হারিয়েচে। তথন আল্ভারেজের কথা তার মনে পড়ল। কিন্তু তথনও সে অনভিজ্ঞতার দরুণ বিপদের গুরুত্বটা বুঝতে পারলে না। হেঁটেই যাচেচ, হেঁটেই যাচেচ—একবার মনে হয় সামনে, একবার মনে হয় বাঁরে, একবার মনে হয় ডাইনে। তাঁবুর আগুনের কুণ্ডটা দেখা যায় না কেন ? কোথায় সেই ছোট পাহাড়টা ?

হ'ঘণী হাঁটবার পরে শঙ্কদের খুব ভয় হোল। ততক্ষণে সে বুঝেচে যে, সে সম্পূর্ণরূপে পথ হারিয়েচে এবং ভয়ানক বিপদগ্রস্থ। একা তাকে রোডেসিয়ার এই জনমানবশৃন্ত, সিংহসক্ষ্ল অজ্ঞানা প্রান্তরে রাত কাটাতে হবে,—অনাহারে এবং এই কন্কনে শীতে বিনা কম্বলে ও বিনা আগুনে। সঙ্গে একটা দেশলাই পর্যান্ত নেই।

ব্যাপারটা সংক্ষেপে এই দাঁড়ালো যে, পরদিন সন্ধ্যার পূর্বে অর্থাৎ পথ হারানোর চবিবশ ঘণ্টা পরে উদ্ভ্রান্ত ভৃষ্ণায় মুমূর্ম শঙ্করকে, ওদের তাঁবু থেকে প্রায় সাত মাইল দূরে, একটা ইউফোর্বিয়া গাছের তলা থেকে আল্ভারেজ উদ্ধার করে তাঁবুতে নিয়ে এল।

মাল্ভারেজ বল্লে—তুমি যে পথ ধরেছিলে শঙ্কর, ভৌমাকে আজ খুঁজে বার করতে না পারলে তুমি গভীর থেকে গভীরতর মক্ষপ্রান্তরের মধ্যে গিয়ে পড়ে, কাল হুপুর নাগাদ তৃষ্ণায় প্রাণ হারাতে। এর আগে তোমার মত অনেকেই রোডেসিয়ার ভেল্ডে এ ভাবে মারা গিয়েচে। এ সব ভয়ানক জায়গা। তুমি আর কখনও তাঁবু থেকে ও রকম বেরিও না, কারণ তুমি আনাড়ি। মক্ষভূমিতে ভ্রমণের কৌশল তোমার জানা নেই। ভাঁহা মারা পড়বে।

শঙ্কর বল্লে—আলভারেজ, তুমি হু'বার আমার প্রাণ রক্ষা করলে, এ আমি ভুলবো না।

আল্ভারেজ বল্লে—ইয়াং ম্যান, ভুলে যাচ্চ যে তার আগে তুমি আমার প্রাণ বাঁচিয়েছ। তুমি না থাকলে ইউগাণ্ডার তুণভূমিতে আমার হাড়গুলো শাদা হয়ে আসতো এতদিন।

মাস তৃই ধরে রোডেসিয়া ও এক্ষোলার মধ্যবর্তী বিস্তীর্ণ তেল্ড অতিক্রম করে, অবশেষে দূরে মেঘেব মত পর্বতশ্রেণী দেখা গেল। আলভারেজ ম্যাপ মিলিয়ে বল্ল—ওই হচ্চে আমাদের গস্তব্যস্থান, রিখটারস্ভেল্ড পর্বত, এখনও এখান থেকে চল্লিশ মাইল হবে। আফ্রিকাব এই সব খোলা জায়গায় অনেক দূর থেকে জিনিস দেখা যায়।

এ অঞ্চলে অনেক বাওবাব্ গাছ। শঙ্করেব এ গাছট। বড় ভাল লাগে—দূর থেকে যেন মনে হয় বট কি অশ্বথ গাছেব মত কিন্তু কাছে গেলে দেখ। যায়, বাওবাব গাছ ছায়াবিবল অথচ বিশাল, আকা বাঁকা, সারা গায়ে যেন বড় বড় আচিল কি আব্ বেরিয়েচে, যেন আববা উপত্যাসেব একটা বেঁটে, কুদর্শন, কুজু দৈত্য। বিস্তীর্ণ প্রান্থরে এখানে ওখানে প্রায় সর্বব্রই দূরে নিকটে বড় বড় বাওবাব্ গাছ দাঁড়িয়ে।

একদিন সন্ধ্যাবেলার ছুর্জিয় শীতে তাঁবুর সামনে আগুন করে বসে আল্ভারেজ বল্লে—এই যে দেখ্চ রোডেসিয়াব ভেল্ড অঞ্চল, এখানে হীরে ছড়ানো আছে সর্বতি, এটা হাঁরের খনির দেশ। কিম্বার্লি খনির নাম নিশ্চয়ই শুনেচ। আরও অনেক ছোট খাটো খনি আছে, এখানে ওখানে ছোট বড় হীরের টুক্রো কভ লোকে পেয়েচে, এখনও পায়।

কথা শেষ করেই বলে উঠ্ল—ও কারা ?
শঙ্কর সামনে বসে ওর কথা শুন্ছিল ! বল্লে, কোথায় কে ?

কিন্তু আল্ভারেজের
তীক্ষ্ণৃষ্টি তার হাতের বন্দুকেব গুলিব মতই অব্যর্থ,
একটু পাবে তাবু থেকে
দূবে অন্ধকারে কয়েকটা
অস্পৃষ্ট মূর্ত্তি এদিকে এগিয়ে
আসচে, শহরেব ঢোখে
পড়ল। আন্ভাবেজ বল্লে
—শহরেব, বন্দুক নিয়ে এসো,
চট্ করে যাও, টোটা
ভরে—

বন্দুক হাতে শঙ্কব বাইরে এসে দেখলে,



আলভাবেজ নিশ্চিন্ত মনে ধ্মপান করচে, কিছুদূবে অজ্ঞানা মূৰ্ভি কয়টী এখনও অন্ধকারেব মধ্যে দিয়ে আসচে। একটু পরে তারা এসে তাব্ব অগ্নিকুণ্ডের বাইরে দাড়ালো। শঙ্কর চেয়ে দেখলে আগন্তুক কয়েকটী কৃষ্ণবর্ণ, দীর্ঘকায়,—তাদের হাতে কিছু নেই, পরণে লেংটি, গলায় সিংহের লোম, মাথায় পালক— স্থগঠিত চেহারা, তাঁবুর আলোয় মনে হচ্ছিল, যেন কয়েকটা ব্রোঞ্জের মৃতি।

আলভারেজ জুলু ভাষায় বল্লে — কি চাও তোমরা গু

ওদের মধ্যে কি কথাবার্ত্ত। চল্ল, তার পরে ওরা সব মাটীর ওপর বঙ্গে পড়ল; আল্ভারেজ বল্লে—শঙ্কর ওদের খেতে দাও— তারপক্ষে অমুচ্চস্বরে বল্লে—বড় বিপদ। খুব হুঁসিয়ার, শক্ষর।

টিনের থাৰার থোলা হোল। সকলের সামনেই থাবার রাখলে শঙ্কষ। আলভারেক্সও ওই সঙ্গে আবার থেতে বস্লো, যদিও সে ও শঙ্কর সন্ধ্যার সময়েই তাদের নৈশ আহার শেষ করেচে। শঙ্কর বুঝলে আলভাবেজের কোন মতলব আছে, কিংবা এদেশের রীতি অতিথির সঙ্গে থেতে হয়।

আলভারেজ খেতে খেতে জুলু ভাষায় আগন্তকদের সঙ্গে গল্প করচে, অনেকক্ষণ পরে খাওয়া শেষ করে ওরা চলে গেল। চলে যাবার আগে সবাইকে একটা করে সিগারেট দেওয়া হোল।

ওরা চলে গেলে আল্ভারেজ বল্লে—ওরা মাটাবেল্ জাতির লোক। ভয়ানক হর্দান্ত, ব্রিটিশ গবর্ণমেন্টের সঙ্গে অনেকবার লড়েচে। সয়তানকেও ভয় করে না। ওরা সন্দেহ করেচে আমরা ওদের দেশে এসেচি হীরের খনির সন্ধানে। আমরা যে জায়গাটায় আছি, এটা ওদের একজন সন্দারের রাজ্য। কোনো সভ্য গবর্ণমেন্টের আইন এধানে খাট্বে না। ধরবে আর নিয়ে গিয়ে পুড়িয়ে মারবে। চলো আমরা তাব্ তুলে , রওনা হই।

শঙ্কর বল্লে—তবে তুমি বন্দুক আনতে বল্লে কেন ?

আলভারেজ হেসে বল্লে—, দথো, ভেবেছিলুম যদি ওরা থেয়েও না ভোলে, কিংবা কথাবার্ত্তায় বুঝতে পারি যে, ওদের মতলব থারাপ, ভোজনরত অবস্থাতেই ওদের গুলি করবো। এই ভাথো রিভলভার পেছনে রেথে তবে থেতে বসেছিলাম। এ কটাকে সাবাড় করে দিতাম। আমার নাম আল্ভারেজ্ অমিও একসময়ে সয়তানকেও ভয় করতুম না, এখনও করিনে। ওদের হাতের মাছ মুথে পৌছোবার আগেই আমার পিস্তলের গুলি ওদের মাথাব থুলি উভিয়ে দিত।

আরও পাঁচ ছ'দিন পথ চলবার পরে একটা খুব বড় পর্বেতের পাদমূলের নিবিড় ট্রপিকাাল অরণ্যানীর মধ্যে ওবা প্রবেশ করলে। স্থানটা যেমন নির্জ্জন, তেমনি বিশাল। সেবন দেখে শঙ্করের মনে হোল, একবার যদি সে এর মধ্যে পথ হারায়, সারাজীবন ঘুবলেও বার হয়ে আসবার সাধ্য তার হবে না। আলভারেজও তাকে সাবধান করে দিয়ে বল্লে—খুব হুঁসিয়ার শঙ্কর, বনে চলাফেরা যার অভ্যাস নেই, সেপদে পদে এই সব বনে পথ হারাবে। অনেক লোক বেঘারে পড়ে বনের মধ্যে মারা পড়ে। মরুভূমির মধ্যে যেমন পথ হারিয়ে ঘুরেছিলে, এর মধ্যেও ঠিক তেমনিই পথ হারতে পারো। কারণ এখানে সবই একরকম, এক জায়ণা থেকে আর

এক জায়গাকে পৃথক করে চিনে নেবার কোনো চিহ্ন নেই। ভাল বৃশ্ম্যান না হোলে পদে পদে বিপদে পড়তে হবে। বন্দুক না নিয়ে এক পা কোথাও যাবে না, এটাও যেন মনে থাকে। মধ্য আফ্রিকার বন সোধীন ভ্রমণের পার্ক নয়।

শক্ষরকে তা না বল্লেও চলতো, কারণ এ সব অঞ্চল যে সথেব পার্ক নয়, তা এর চেহারা দেখেই সে বুঝতে পেরেচে। সে জিজ্জেদ্ করলে—তোমার সেই হলদে হীরের খনি কতদূরে ? এই তো রিখ্টারদ্ভেল্ড্ পর্বত্যালা, ম্যাপে যতদূর বোঝা যাচ্ছে।

আলভারেজ হেসে বল্লে—তোমার ধারণা নেই বল্লাম যে।
আসল রিখ্টারস্ভেল্ডের এটা বাইবের থাক্। এ রকম
আরও অনেক থাক্ আছে। সমস্ত অঞ্চলটা এত বিশাল যে
পূবে সত্তর মাইল ও পশ্চিনদিকে একশো থেকে দেড়শো
মাইল পর্যান্ত গেলেও এ বন ও পাছাড় শেষ হবে না। সর্বর্বা প্রস্ত চল্লিশ মাইল। সমস্ত জড়িয়ে আট ন' হাজার বর্গ
মাইল সমস্ত রিখ্টারস্ভেল্ড্ পার্ববিত্য অঞ্চল ও অবণ্য। এই
বিশাল অজানী অঞ্চলের কোন্ খানটাতে এসেছিলুম আজ্ব
সাত আট বছর আগে, ঠিক সে জায়গাটা খুঁজে বার করা কি
ছেলেখেলা, ইয়্যাং ম্যান্?

শঙ্কর বললে—এদিকে খাবার ফুরিয়েচে, শিকাবের ব্যবস্থা দেখতে হয়, নইলে কাল থেকে বায়ুভক্ষণ ছাড়া উপায় নেই।

আলভারেজ বল্লে—কিছু ভেবো না। দেখচো না গাছে

গাছে বেবুনের মেলা ? কিছু না মেলে বেবুনের দাপ্না ভাজা আর কফি দিয়ে দিব্যি ব্রেকফাষ্ট খাবো কাল থেকে। আজ আর নয়, তাঁবু ফেল, বিশ্রাম করা যাক।

একটা বড় গাছের নীচে তাঁবু খাটিয়ে ওরা আগুন জ্বালালে। শঙ্কব রান্না করলে, আহারাদি শেষ করে যখন হুজনে আগুনের সামনে বসেচে, তখনও বেলা আছে।

আলভারেজ কড়া তামাকের পাইপ টানতে টানতে বল্লে—
জানো, শঙ্কব, আফ্রিকার এই সব অজানা অরণ্যে এখনও কত
জানোয়ার আছে, যার খবর বিজ্ঞানশাস্ত্র রাখে না ? খুব কম
সভ্য মান্ত্র্য এখানে এসেচে। ওকাপি বলে যে জানোয়ার
সে তো প্রথম দেখা গেল ১৯০০ সালে। এক ধরণের বুনো
শূওর আছে, যা সাধারণ বুনো শূওরের প্রায় তিনগুণ বড়
আকাবে। ১৮৮৮ সালে মোজেস্ কাউলে, পৃথিবী পর্য্যুটক ও
বড় শিকারী, সর্ব্বপ্রথম ওই বুনো শূওরের সন্ধান পান
বেলজিয়াম কঙ্গোর লুয়ালাবু অরণ্যের মধ্যে। তিনি বত্ত কপ্তে
একটা শিকাবও কবেন এবং নিউইয়র্ক, প্রাণীবিত্যা সংক্রোম্ত
মিউজিয়মে উপহার দেন। বিখ্যাত রোডেসিরাশ্ মন্ষ্টারের
নাম শুনেচ ?

শঙ্কর বল্লে—না, কি সেটা ?

—শোনো তবে। রোডেসিয়ার উত্তর সীমায় প্রকাণ্ড জলাভূমি আছে। ওদেশের অসভ্য জুলুদের মধ্যে অনেকেই এক অদ্ভূত ধরণের জানোয়ারকে এই জলাভূমিতে মাঝে মাঝে দেখেচে। ওরা বলে তার মাথা কুমীরের মত, গণ্ডারের মত তার শিং আছে, গলাটা অজগর সাপের মত লম্বা ও আঁসওয়ালা দেহটা জল হস্তীর মত, লেজটা কুমীরের মত। বিরাটদেহ এই জানোয়ারের প্রকৃতিও খুব হিংস্রে। জল ছাড়া কখনো ডাঙায় এ জানোয়ারকে দেখা যায় নি। তবে এই সব অসভা দেশী লোকের অতিরঞ্জিত বিবরণ বিশ্বাস করা শক্ত।

কিন্তু ১৮৮০ সালে জেম্স মার্টিন বলে একজন প্রস্পেক্টর রোডেসিয়ার এই অঞ্চলে বহুদিন ঘুরেছিলেন সোণার সন্ধানে। মিঃ মার্টিন আগে জেনারেল ম্যাথিউসের এডিকং ছিলেন, নিজে একজন ভ'লো ভূতহ ও প্রাণীতহবিদও ছিলেন। ইনি তাঁর ডায়েরীর মধ্যে রোডেসিয়ার এই অজ্ঞাত জানোয়ার দূর থেকে দেশেচেন বলে উল্লেখ কবে গিয়েচেন। ডিনিও বলেন, জানোয়ারটা আকৃতিতে প্রাগৈতিহাসিক যুগের ডাইনোসর জাতীয় স্বীস্পের মত ও বেজায় বড। কিন্তু তিনি জোর করে কিছু বলতে পারেন নি, কারণ খুব ভোরের কুয়াসার মধ্যে কোভিরাণ্ডে। হুদের সীমানায় জলাভূমিতে আবছায়া ভাবে তিনি জানেছারটাকে দেখেছিলেন। জানোয়ারটার ঘোডার চি হ ডাকের মত ডাক শুনেই তার সঙ্গের জুলু চাকরগুলো উদ্ধিশাসে পালাতে পালাতে বল্লে—সাহেব পালাও, পালাও, ডিঙ্গোনেক্! ডিঙ্গোনেক্! ডিঙ্গোনেক্ ঐ জানোয়ারটার জুলু নাম। তু'তিন বছরে এক আধবার দেখা দেয় কি না দেয়, কিন্ত সেটা এতই হিংস্র যে, তার আবির্ভাব সে দেশের লোকের পক্ষে

ভীষণ ভয়ের ব্যাপার। মিঃ মার্টিন বলেন, তিনি তাঁর ৩০৩ টোটা গোটা তৃই উপরি উপরি ছুঁড়েছিলেন জ্ঞানোয়ারটার দিকে। অতদূর থেকে তাক হোল না, রাইফেলের আওয়াজে সেটা সম্ভবতঃ জলে ডুব দিলে।

শঙ্কর বল্লে—তুমি কি করে জানলে এ সব ? মার্টিনের ডায়েরী ছাপানো হয়েছিল নাকি ?

—না, অনেকদিন আগে বুলাওয়েও ক্রণিক্ল কাগজে মিঃ
মার্টিনের এই ঘটনাটা বেরিয়েছিল। আমি তখন সবে এদেশে
এসেচি। রোডেসিয়া অঞ্চলে আমিও প্রস্পেক্টিং করে
বেড়াতুম বলে জানোয়ারটার বিবরণ আমাকে খুব আকৃষ্ট
করে। কাগজখানা অনেকদিন আমার কাছে রেখেও
দিয়েছিলুম। তারপর কোথায় হারিয়ে গেল। ওরাই নাম
দিয়েছিল জানোয়ারটার রোডেসিয়ান মনষ্টার।

শঙ্কর বল্লে, তুমি কোনো কিছু অদ্ভূত জানোয়ার দেখোনি ? প্রশ্নটার সঞ্চে মঙ্গে একট। আশ্চধ্য ব্যাপার ঘটন।

তথন সন্ধ্যার অন্ধকার ঘন হয়ে নেমে এসেচে। সেই আবছায়া আলো অন্ধকারের মধ্যে শঙ্করের মনে হোল—হয়তো শঙ্করের ভুল হতে পারে —কিন্তু শঙ্করের মনে হয় সে দেখলে আল্ভারেজ, তুর্ন্ধ ও নিভীক আল্ভারেজ, তুঁদে ও অব্যর্থলক্ষ্য আলভারেজ, ওর প্রশ্ন শুনে চমকে উঠ্লো—এবং—এবং সেইটাই সকলের চেয়ে আশ্চর্য্য—যেন পরক্ষণেই শিউরে উঠ্ল।

দঙ্গে সঙ্গে আল্ভারেজ যেন নিজের অজ্ঞাতসারেই চারি

পাশের জনমানবহীন ঘন জঙ্গল ও রহস্তভরা ত্রারোহ পর্বত-মালার দিকে একবার চেয়ে দেখলে কোন কথা বল্লে না। যেন এই পর্ববিজ্ঞান্সলে বছকাল পরে এসে অতীতের কোনো বিভীষিকাময়ী পুরাতন ঘটনা ওর স্মৃতিতে ভেসে উঠেচে— যে স্মৃতিটা ওর পক্ষে খুব গ্রীতিকর নয়।

আশৃভারেজ ভয় পেয়েচে!

অবাক্! আল্ভারেজের ভয়! শঙ্কর ভাবতেও পারে না!
কিন্তু সেই ভয়টা অলক্ষিতে এসে শঙ্করের মনেও চেপে বসলো।
এই সম্পূর্ণ অজানা বিচিত্র রহস্তময়ী বনানী, এই বিরাট পর্বত
প্রাচীর যেন এক গভীর রহস্তকে য়ৢগ য়ৢগ ধরে গোপন করে
আস্চে—যে বীর হও, যে নিভীক হও, এগিয়ে এসো সে—কিন্তু
মৃত্যুপণে ক্রেয় করতে হবে সে গহন রহস্তের সন্ধান। রিখ্টারস্তিক্ত
পর্বতমালা ভারতবর্ষের দেবাত্মা নাগাধিরাজ হিমালয়
নয়—এদেশের মাসাই জুলু, মাটাবেল প্রভৃতি আদিম জাতির
মন্তই ওর আত্মা নিষ্ঠুর, বর্ষর, নরমাংসোলুপ। সে কাউকে
রেহাই দেবে না।

সাত

তারপর দিন হুই কেটে গেল। ওরা ক্রমশঃ গভীর থেকে গভীরতর জঙ্গলের মধ্যে প্রবেশ করলে। পথ কোথাও সমতল नग्न, (कवन ठ्यांटे आंत्र छेरतांटे, मात्या मात्या कर्कम ও मीर्घ টুসক্ ঘাসের বন, জল প্রায় তুষ্প্রাপ্য, ঝরণা এক আধটা যদিও বা দেখা যায়, আল্ভারেজ ভাদের জল ছুঁতেও দেয় না। দিব্যি স্ফটিকের মত নির্মান জল পড়চে ঝরণা বেয়ে, সুশীতল ও লোভনীয়, তৃঞার্ত্ত লোকের পক্ষে সে লোভ সম্বরণ করা বড়ই কঠিন—কিন্তু আল্ভারেজ জলের বদলে ঠাণ্ডা চা খাওয়াবে তবুও জল থেতে দেবে না। জলের তৃষ্ণা ঠাণ্ডা চায়ে দূর হয় না, তৃষ্ণার কপ্তই সব চেয়ে বেশী কপ্ত বলে মনে হচ্ছিল শঙ্কবের। একস্থানে টুদক্ ঘাদের বন বেঞ্চায় ঘন। তার ভপবে ওদেব চাবিধাব ঘিবে সেদিন কুয়াসাও খুব গভীর। হঠাৎ বেলা উঠ্লে নীচের কুয়াসা সরে গেল-সামনে চেয়ে শঙ্করের মনে হোল, খুব বড় একটা চড়াই তাদের পথ আগ্লে দাঁড়িয়ে, কত উচু সেটা তা জানা সন্তব নয়, কারণ নিবিভূ কুয়াসা কিংবা মেঘে তাব ওপরের দিকটা সম্পূর্ণরূপে আরত। আলভারেজ বল্লে—রিথ্টারস্ভেল্ডের আসল রেঞ্।

শঙ্কর বল্লে—এটা পার হওয়া কি দরকার ?

আল্ভারেজ বল্লে—এইজন্মে দরকার যে দেবার আমি আর জিম দক্ষিণ দিক থেকে এসেছিলুম এই পর্ব্বভশ্রেণীর পাদমূলে কিন্তু আসল রেঞ্জ পার হইনি। যে নদীর ধারে ফুলদে হীরে পাওয়া গিয়েছিল, তার্ম্ম গতি পূব থেকে পশ্চিমে। এবার আমরা যাচ্ছি উত্তর থেকে দক্ষিণে স্থৃতরাং পর্ববন্ত পার হোয়ে ওপারে না গেলে কি করে সেই নদীটার ঠিকানা করতে পারি।

শঙ্কর বল্লে—আজ যে রকম কুয়াসা হয়েছে দেখতে পাচ্চি, তাতে একটু অপেক্ষা করা যাক্ না কেন? আর একটু বেলা বাড়ুক।

তাবু ফেলে আহারাদি সম্পন্ন করা হোল। বেলা বাড়লেও কুয়াসা তেমন কাট্ল না। শঙ্কর ঘুমিয়ে পড়ল তাবুর মধ্যে। ঘুম যখন ভাঙল, বেলা তখন নেই। চোখ মুছতে মুছতে তাবুর বাইরে এসে সে দেখলে আল্ভারেজ চিন্তিত-মুখে ম্যাপ খুলে বসে আছে। শঙ্কবকে দেখে বল্লে—শঙ্কর, আমাদের এখনও অনেক ভুগতে হবে। সামনে চেয়ে দেখ।

আল্ভারেজের কথার সঙ্গে সঙ্গে সামনের দিকে চাইতেই এক গন্তীর দৃশ্য শঙ্করের চোথে পড়ল। কুয়াসা কথন কেটে গেছে, তার সামনে বিশাল রিখ্টারস্ভেল্ড পর্বতের প্রধান থাক্ ধাপে ধাপে উঠে মনে হয় যেন আকাশে গিয়ে ঠেকেচে। পাহাড়ের কটিদেশ নিবিড় বিত্যুৎগৃভ মেঘপুঞ্জে আবৃত কিন্তু উচ্চতম শিথররাজি অন্তমান সূর্য্যের রাঙা আলোয় দেবালোকের কনকদেউলের মত বহুদূর নীল শৃত্যে মাথা তুলে দাঁড়িয়ে।

কিন্তু সামনেব পর্বতাংশ সম্পূর্ণ ছরারোহ—শুধুই খাড়া খাড়া উত্ত্বস্থ শৃঙ্গ—কোথাও একটু ঢালু নেই। আল্ভারেজ বল্লে—এখান থেকে পাহাড়ে ওঠা সম্ভব নয়, শহর। দেখেই ব্যেচ নিশ্চয়। পাহাড়ের কোলে কোলে পশ্চিম দিকে চল। যেথানে ঢালু এবং নীচু পাবো, সেথান দিয়েই পাহাড় পার হতে হবে। কিন্তু এই দেড়শো মাইল লম্বা পর্বতশ্রেণীর মধ্যে কোথায় সে রকম জায়গা আছে, এ খুঁজতেই তো এক মাসের ওপর যাবে দেখ্চি।

কিন্তু দিন পাঁচ ছয় পশ্চিম দিকে যাওয়াব পবে এমন একটা জায়গা পাওয়া গেল, যেখানে পর্ব্বতের গা বেশ ঢালু, সেথান দিয়ে পর্ব্বতে ওঠা চলতে পারে।

প্রদিন খুব সকাল থেকে পর্বেতাবোহণ স্থক হোল।
শঙ্কবের ঘড়িতে তথন বেলা সাড়ে ছ'টা। সাড়ে আটটা
বাজতে আব না বাজ তেশঙ্কর আর চলতে পারে না। যে যায়গাটা
দিয়ে তারা উঠ চে—দেখানে পর্বেতের খাড়াই চাব মাইলের
মধ্যে উঠেচে ছ'হাজার ফুট, স্থতরাং পথটা চালু হোলেও কি
ভীষণ ত্রারোহ ত। সহজেই বোঝা যাবে। তা ছাড়া যতই
ওপরে উঠ চে, অরণ্য ততই নিবিভূতর, ঘন অন্ধকাব চারিদিক,
বেলা হয়েচে, রোদ উঠেচে, অথচ স্থ্যের আলো ঢোকে নি
জঙ্গলের মধ্যে—আকাশই চোখে পড়ে না তায় স্থ্যার
আলো।

পথ বলে কোনো জিনিস নেই। চোথেব সামনে শুধুই গাছের গুঁড়ি যেন ধাপে ধাপে আকাশের দিকে উঠে চলেচে। কোথা থেকে জল পড়েচে কে জানে, পায়ের নীচের প্রস্তর আর্জ্র ও পিচ্ছিল, প্রায় সর্ব্বত্রই পাথরের ওপর শেওলা-ধরা। পা পিছলে গেলে গড়িয়ে নীচের দিকে বহুদূর চলে গিয়ে তাক্ষ্ণ শিলাখণ্ডে আহত হতে হবে।

শঙ্কর বা আলভারেজ কারো মুখে কথা নেই। এই উন্তুক্ত পথে উঠ্বার কপ্তে হ'জনেই অবসন্ধ, তু'জনেরই ঘন ঘন নিঃশাদ পড়চে। শঙ্করের কণ্ট আরও বেশী, বাংলার সমতল ভূমিতে আজন্ম মানুষ হয়েচে, পাহাড়ে ওঠার অভ্যাদই নেই কথনো।

শঙ্কর ভাব্চে, আল্ভারেজ কখন বিশ্রাম করতে বলবে ? দে আর উঠতে পারচে না, কিন্তু যদি সে মরেও যায়, একথা আল্ভারেজকে সে কখনই বলবে না, যে সে আর পারচে না। হয়তো তাতে আল্ভারেজ ভাব্বে, ইট্ইণ্ডিজের মানুষগুলো দেখ্চি নিতান্ত অপদার্থ। এই মহাত্র্গম পর্বত ও অরণ্যে দে ভারতের প্রতিনিধি—এমন কোনো কাজ সে করতে পারে না যাতে তার মাতৃভূমির মুখ ছোট হয়ে যায়।

বড় চমৎকার বন, যেন পরীর রাজ্য, মাঝে মাঝে ছোটখাটো ঝরণা বনের মধ্যে দিয়ে খুব ওপর থেকে নীচে নেমে যাচে। গাছের ডালে ডালে নানা রঙের টিয়াপাখী চোথ ঝলসে দিয়ে উড়ে বেড়াচে। বড় বড় ঘাসের মাথায় শাদা শাদা ফুল, অর্কিডের ফুল ঝুলচে গাছের ডালের গায়ে, গুঁড়ি গায়ে।

হঠাৎ শঙ্করের চোথ পড়ল, গাছের ডালে মাঝে মাঝে লম্বা দাড়ি গোঁপওয়ালা বালখিল্য মুনিদের মত ও কারা বসে গ্রন্থেচে। তারা সবাই চুপচাপ বসে, মুনিজনোচিত গান্তীর্য্যে জ্বা। ব্যাপার কি ?

্র আল্ভারেঞ্চ বল্লে—ও কলোবাদ্ জাতীয় মাদী বানর।
পুরুষ জাতীয় কলোবাদ্ বানরের দাড়ী গোঁফ নেই, স্ত্রী জাতীয়
কলোবাদ্ বানবের হাতথানেক াস্বা দাড়ী গোঁফ গজায় এবং
তারা বড় গন্তীর, দেখেই বুঝতে পাচ্চ।

ওদের কাণ্ড দেখে শঙ্কর হেসেই খুন।

পায়ের তলায় মাটীও নেই, পাথবও নেই—তাদের বদলে আছে শুধু পচা পাতা ও শুক্নো গাছের গুঁ ড়ির স্তুপ। এই সব বনে শতাব্দীর পর শতাব্দী ধরে পাতার রাশি ঝরচে, পচে যাচে, তার ওপরে শেওলা পুরু হয়ে উঠ্চে, ছাতা গজাচে, তার ওপরে আবার নতুন-ঝরা পাতার রাশি, আবার পড়চে গাছের ডাল-পালা, গুঁ ড়ি। জায়গায় জায়গায় ষাট সত্তর ফুট গভীর হয়ে জমে রয়েচে এই পত্র স্তুপ।

আল্ভারেজ ওকে শিথিয়ে দিলে, এ সব স্থায়গায় খুব সাবধানে পা ফেলে চলতে হবে। এমন জায়গা আছে, যেখানে মানুষে চলতে চলতে ওই ঝবা পাতার বাশির মধ্যে ভুস্ করে চুকে ভূবে যেতে পারে, যেমন অতর্কিতে পথ চলতে চলতে প্রাচীন কৃপের মধ্যে পড়ে যায়। উদ্ধার করা সম্ভব না হলে সে সব ক্ষেত্রে নিঃশাস বন্ধ হয়ে মৃত্যু অনিবার্য্য।

শঙ্কর বল্লে —পথের গাছপালা না কাটলে আর তো ওঠা যাচে না, বড ঘন হয়ে উঠ্চে। ক্ষুরের মত ধারাল চওড়া এলিফ্যান্ট্ ঘাসের বন—ে ইন্রোমান্ যুগের দিধার তলোয়ার। তার মধ্যে দিয়ে যাধার সময় ছ'জনের কেছট নিরাপদ বলে ভাবচে না নিজেকে, তুগত তফাতে কি আছে দেখা যায় না যখন, তখন সব রকম বিপদের সম্ভাবনাই তো রয়েচে। থাকতে পারে বাঘ, থাকতে পারে দিংহ, থাকতে পারে বিষাক্ত সাপ।

শঙ্কর লক্ষ্য করচে মাঝে মাঝে ডুগ্ডুগি বা ঢোল বাজ্নার কৈ একটা শব্দ হচ্চে কোথায় যেন বনের মধ্যে। কোনো অসভ্য জাতির লোক ঢোল বাজাচেচ নাকি ? আল্ভারেজকে সে জিগ্যেস করলে

আলভারেজ বল্লে— ঢোল নয়, বড় বেবুন কিংবা বনমান্তথে বুক চাপ্ড়ে ওই রকম শব্দ করে। মানুষ এখানে কোথা থেকে আসবে ?

শঙ্কর বল্লে—তুমি যে বলেছিলে এ বনে গরিলা নেই ?

—গরিলা সম্ভবতঃ নেই। আফ্রিকার মধ্যে বেল্জিয়ান্ কঙ্গোর কিন্তু অঞ্চল, রাওয়েন্জরী আল্পস্ বা ভিরুঙ্গা আগ্নেয় পর্বেতের অরণ্য ছাড়া অন্ত কোথাও গরিলা আছে বলে তো জানা নেই। গরিলা ছাড়াও অন্ত ধরণের বনমান্ত্রে বুক চাপড়েও রকম আওয়াক করতে পারে।

ওরা সাড়ে চার হাজার ফুটের ওপর উঠেচে। সেদিনেব মত সেখানেই রাত্রির বিশ্রামের জন্ম তাবু ফেলা হোল। একটা বিশাল সত্যিকার ট্রপিক্যাল অরণ্যের রাত্রিকালীন শব্দ এত বিচিত্র ধরণের ও এত ভীতিজনক যে সারারাত শঙ্কর চোখের পাতা বোজাতে পারলে না। শুধু ভয় নয়, ভয় প্রিশ্রিত একটা বিশ্বয়।

কত রকমের শব্দ—হায়েনার হাসি, কলোবাস্ বানবের কর্কশ চীৎকার, বনমানুষের বৃঝ্ চাপড়ানোর আওয়াঙ্গ, বাঘের ডাক—প্রকৃতির এই বিরাট নিজস্ব পশুশালায় রাত্রে কেউ ঘুমোয় না। সমস্ত অরণ্টা এই গভীর রাত্রে যেন হঠাৎ ক্ষেপে উঠেচে। বছর কয়েক আগে খুব বড় একটা সার্কাসের দল এসে ওদের স্কুল-বোর্ডিংয়ের পাশের মাঠে তাবু ফেলেছিল, তাদের জানোয়াবদের চীৎকারে বোর্ডিংয়ের ছেলেরা রাত্রে ঘুমুতে পারতো না—শঙ্করের সেই কথা এখন মনে পড়ল। কিন্তু এ সবের চেয়েও মধ্যরাত্রে একদল বন্ধ্য হস্তীর বংহতী ধ্বনি তাবুর অত্যন্ত নিকটে শুনে শঙ্কর এমন ভয় পেয়ে গেল যে, আলভাবেজকে তাড়াতাড়ি ঘুম থেকে ওঠালে। আলভারেজ বল্লে—আগুন জ্বলছে তাবুর বাইরে, কোনো ভয় নেই, ওরা র্থেসবে না এদিকে।

সকালে উঠে আবার ওপরে ওঠা সুরু। উঠ্চে, উঠ্চে— মাইলের পর মাইল বক্স বাঁশের অরণ্য, তার তলায় বুনো আদা। ওদের পথের একশো হাতের মধ্যে বাঁদিকের বাঁশ-বনের তলা দিয়ে একটা প্রকাণ্ড হস্তীযুথ কচি বাঁশের কোঁড় মড়্মড়্ করে ভাঙতে ভাঙতে চলে গেল।

পাঁচ হাজার ফুট ওপরে কত কি বন্থ পুষ্পের মেলা—

টক্টকে লাল ইরিথিনা প্রকাণ্ড গাছে ফুটেচে। পুষ্পিত ইপোমিয়া লভার ফুল দেখতে ঠিক বাংলাদেশের বনকলমী ফুলের মভ কিন্তু রংটা অত গাঢ় বেগুণী নয়। শাদা ভেরোনিকা ঘন স্থগন্ধে বাভাসকে ভারাক্রান্ত করেচে। বহু কফির ফুল, রঙীন বেগোনিয়া। মেঘের রাজ্যে ফুলের বন, মাঝে মাঝে সাদা বেলুনের মত মেঘপুঞ্জ গাছপালার মগ্ডালে এসে আটকাচ্চে—কখনও বা আরও নেমে এসে ভেরোনিকার বন ভিজিয়ে দিয়ে যাচ্চে।

সাড়ে সাত হাজার ফুটের ওপর থেকে বনের প্রকৃতি একেবারে বদলে গেল। এই পর্যান্ত উঠতে ওদের আরও তু'দিন লেগেচে। আর অসহ্য কষ্ট, কোমর পিঠ ভেঙে পড়চে। এখানে বনানীর মূর্ত্তি বড় অভুত, প্রত্যেক গাছের গুঁড়িও শাখাপ্রশাখা পুরু শেওলায় আবৃত, প্রত্যেক ডাল থেকে শেওলা ঝুৰ্চে—সে শেওলা কোথাও কোথাও এত লম্বা যে, গাছ থেকে ঝুলে প্রায় মাটীতে এসে ঠেক্বার মত হয়েচে—বাতাসে সেগুলো আবার দোল খাচেচ, তার ওপর কোথাও সূর্য্যের আলো নেই, সব সময়ই যেন গোধৃলি। আর সবটা ঘিরে বিরাজ করচে এক অপার্থিব ধরণের নিস্তর্কতা—বাতাস বইচে তারও শব্দ নেই, পাখীর কুজন নেই সে বনে-মানুষের গলার সুর নেই, কোনো জানোয়ারের ডাক নেই। যেন কোনু অন্ধকার নরকে দীর্ঘশ্রশা প্রেতের দলের মধ্যে একে পডেচে ওরা।

সেদিন অপরাক্তে যখন আলভারেজ তাঁবু ফেলে বিশ্রাম করবার হুকুম দিলে—তখন তাঁবুর বাইরে বসে এক পাত্র কফিথেতে থেতে শঙ্করের মনে হোল, এ যেন স্পষ্টির আদিম যুগের অরণ্যাণী, পৃথিবীর উদ্ভিদজগৎ যখন কোনো একটা স্থনির্দিষ্ট রূপ ও আকৃতি গ্রহণ করেনি, যে যুগে পৃথিবীর বুকে বিরাটকায় সরীস্পের দল জগৎজোড়া বনজঙ্গলের নিবিড় অন্ধকারে ঘুরে বেড়াতো—স্ষ্টিব সেই অতীত প্রভাতে সে যেন কোন্ যাত্বমন্ত্রের বলে ফিবে গিয়েচে।

সন্ধ্যার পরেই সমগ্র বনানী নিবিড় অন্ধকারে আবৃত হোল। তাবুর বাইরে ওরা আগুন করেচে—সেই আলোর মণ্ডলীর বাইরে আব কিছু দেখা যায় না। এ বনের আশ্চর্য্য নিস্তব্ধতা শঙ্করকে বিশ্বিত কবেচে। বনানীর সেই বিচিত্র নৈশ শব্দ এখানে স্তব্ধ কেন? আলভারেজ চিস্তিত মুখে ম্যাপ দেখছিল। বল্লে—শোনো শন্ধর, একটা কথা ভাবচি। আট হাজার ফুট উঠলাম, কিন্তু এখনও পর্ব্বতের সেই থাঁজটা পেলাম না যেটা দিয়ে আমরা বেজু পার হয়ে ওপারে যাবো। আর কত ওপরে উঠ্বো? থদি ধরো এই অংশে স্থাড্ল্টা নাই থাকে?

শঙ্করের মনেও এ খট্কা যে না জেগেচে তা নয়। সে আজই ওঠ্বার সময় মাঝে মাঝে ফিল্ড্ গ্ল্যাস্ দিয়ে ওপরেব দিকে দেখবার চেষ্টা করেচে, কিন্তু ঘন মেঘে বা কুয়াশায় ওপরের দিকটা সর্বাদাই আর্ড থাকায় তার চেষ্টা ব্যর্থ ক্যুছে। সত্যিই তে। তারা কত উঠবে আর, সমতল খাঁজ যদি না পাওয়া যায় ? আবার নীচে নামতে হবে, আবার অন্ত জায়গা বেয়ে উঠতে হবে। দফা সারা।

সে বল্লে – মাাপে কি বলে ?

আলভারেজের মুথ দেখে মনে চোল ম্যাপের ওপর সে আস্তা হারিয়েচে। বল্লে—এ ম্যাপ অভ খুঁটিনাটি ভাবে তৈরী নয়। এ পর্বতে উঠেছে কে যে ম্যাপ তৈরী হবে ? এই যে দেখচো—এখানা সার ফিলিপো ডি ফিলিপির তৈরী ম্যাপ, যিনি পটু গিজ পশ্চিম আফ্রিকার ফার্ডিনাণ্ডো পো শৃঙ্গ আরোহণ করে খুব নাম করেন, এবং বছর কয়েক আগে বিখ্যাত পর্বত আরোহণকারী প্র্যাটক ডিউক অফ আক্রৎসির অভি-যানেও যিনি ছিলেন। কিন্তু বিখ্টারস্ভেল্ড তিনি ওঠেন নি, এ ম্যাপে পাহাভের যে কনটুর আঁকা আছে, তা খুব নিখুঁত বলে মনে তো হয় না। ঠিক বুঝ্চি নে।

হঠাৎ শহর বলে উঠ্ল-ও কি ?

তাব্র বাইরে প্রথমে একটা অম্পষ্ট আওয়াজ, এবং পরক্ষণেই একটা কষ্টকর কাশির শব্দ পাওয়া গেল—যেন থাইসিসের রোগী খুব কষ্টে কাতর ভাবে কাশ্চে। একবার… ত্বার… তারপরেই শব্দটা থেমে গেল। কিন্তু সেটা মানুষের গলার শব্দ নয়, গুনবা মাত্রেই শঞ্রের সে কথা মনে হোল।

রাইফেল নিয়ে সে ব্যস্তভাবে তাবুর বার হতে যাচ্চে, আলভারেজ তাড়াতাড়ি উঠে ওর হাত ধরে বসিয়ে দিলে। শঙ্কর আশ্চর্য্য হয়ে বল্লে—কেন, কিসের শব্দ ওটা ?
কথা বলে আলভারেজের দিকে চাইতেই ও বিস্ময়ের সঙ্গেলক্ষ্য করলে আল্ভারেজের মুখ বিবর্ণ হয়ে গিয়েচে, শব্দটা শুনেই কি!

সঙ্গে সঙ্গে তাঁবুর অগ্নিকুণ্ডের মণ্ডলীর বাইরে নিবিড় অন্ধকারে একটা ভারী অথচ লঘুপদ জীব যেন বনজঙ্গলের মধ্যে দিয়ে চলে যাচ্ছে বেশ মনে হোল।

ত্র'জনেই খানিকটা চুপচাপ, তারপরে আলভারেজ বল্লে— আগুনে কাঠ ফেলে দাও। বন্দুক তুটো ভরা আছে কি না দেখ। ওর মুখের ভাব দেখে শঙ্কর ওকে আর কোনো প্রশ্ন করতে সাহস করলে না।

রাত্রি কেটে গেল।

পরদিন সকালে শঙ্করেরই আগে ঘুম ভাঙ্ল। ভাঁবুর বাইরে এসে কফি করবার আগুন জালতে সে তাঁবু থেকে কিছুদুরে কাঠ ভাঙ্তে গেল। হঠাৎ তার নজর পড়ল ভিজে মাটীর ওপর একটা পায়ের দাগ—লম্বায় দাগটা ১১ ইঞ্চির কম নয়, কিন্তু তিনটে মাত্র পায়ে আঙুল। তিন আঙুলেরই দাগ বেশ স্পষ্ট। পায়ের দাগ ধরে সে এগিয়ে গেল—আরও অনেক গুলো সেই পায়ের দাগ আছে, সবগুলোতেই সেই তিন আঙুল।

শন্ধরের মনে পড়ল ইউগাগুর ঠেশন ঘরে আলভারেজের মূথে শোনা জিম্ কাটারের মৃত্যুকাহিনী। গুহার মূখে বালির ওপর সেই অজ্ঞাত হিংস্র জ্ঞানোয়ারের তিন আঙুলওয়ালা পায়ের দাগ। কাফির গ্রামের সন্দারের মুখে শোনা গল্প।

আলভারেজের কাল রাত্রের বিবর্ণ মুখও সঙ্গে সঙ্গে মনে পড়ল। আর একদিনও আলভারেজ ঠিক এই রকমই ভয় পেয়ে ছিল, যেদিন পর্বতের পাদমূলে ওরা প্রথম এসে তাঁবু পাতে।

বুনিপ্! কাফির সর্দারের গল্পের সেই বুনিপ্! রিখটারস্ভেল্ড পর্বত ও অরণ্যের বিভীষিকা, যার ভয়ে শুধু অসভ্য মানুষ
কেন, অক্স কোনো বক্স জল্প পর্যান্ত এই আট হাজার ফুটের
ওপরকার বনে আসে না। কাল রাত্রে কোনো জানোয়াবের
শব্দ পাওয়া যায় নি কেন, এখন তা শব্ধরের কাছে পরিষ্কার
হয়ে গেল। আল্ভারেজ পর্যান্ত ভয়ে বিবর্ণ হয়ে উঠেছিল ওর
গলার শব্দ শুনে। বোধ হয় ও শব্দের সঙ্গে আলভাবেজের
পর্বেব পরিচয় ঘটেছে।

আলভারেজের ঘুম ভাঙ্তে সেদিন একটু দেরী হোল। গরম কফি এবং কিছু খাত গলাধঃকরণ করবার সঙ্গে সঙ্গে সে আশার সেই নির্ভীক ও ছদ্ধর্য আলভারেজ, যে মানুষকেও ভয় করে না, শয়তানকেও না। শঙ্কর ইচ্ছে করেই আলভারেজকে ঐ অজ্ঞাত জানোয়ারেব পায়ের দাগটা দেখালে না—কি জানি যদি আলভারেজ বলে বসে—এখনও পাহাড়ের স্থাড্ল পাওয়া গোল না, তবে নেমে যাওয়া যাক্।

সকালে সেদিন খুব মেঘ করে ঝম্ কম্ করে বৃষ্টি নামলো।
পর্বতের ঢালু বেয়ে যেন হাজার ঝরণার ধারায় বৃষ্টির জল

গড়িয়ে নীচে নামচে। এই বন ও পাহাড় চোখে কেমন যেন ধাঁধা লাগিয়ে দেয়, এতটা উঠেচে ওরা কিন্তু, প্রতি হাজার ফুট ওপর থেকে নীচের অরণ্যের গাছপালার মাথা দেখে সেগুলিকে সমতলভূমির অরণ্য বলে ভ্রম হচ্ছে—কাজেই প্রথমটা মনে হয় যেন কতটুকুই বা উঠেচি, এটুকু তো।

বৃষ্টি সেদিন থামলো না—বেলা দশটা পর্যান্ত অপেক্ষা কবে আলভারেজ উঠবার হুকুম দিলে। শঙ্কর এটা আশা করে নি। এখানে শঙ্কর কম্মা শ্বেতাঙ্গ-চরিত্রেব একটা দিক লক্ষ্য করলে। তার মনে হচ্ছিল, কেন এই বৃষ্টিতে মিছে মিছে বার হওয়া? একটা দিনে কি এমন হবে? বৃষ্টি-মাথায় পথ চলে লাভ?

অবিশ্রান্ত রৃষ্টিধারার মধ্যে ঘন অরণ্যানী ভেদ করে সেদিন
ওরা সারাদিন উঠল। উঠচে, উঠচে, উঠচেই—শঙ্কব আর পারে
না। কাপড়-চোপড় জিনিস-পত্র, তারু সব ভিজে এক্শা, একখানা রুমাল পর্যান্ত শুকনো নেই কোথাও—শঙ্করের কেমন একটা
অবসাদ এসেচে দেহে ও মনে—সন্ধ্যার দিকে যখন সমগ্র পর্বত
ও অরণ্য মেঘেব অন্ধকারে ও সন্ধ্যাব অন্ধকারে একাকার হয়ে
ভীমদর্শন ও গন্তীর হয়ে উঠল, ওর তখন মনে হোল—এই
অঙ্গানা দেশে অজানা পর্বতের মাথায় ভয়ানক হিংস্রেজন্তুসঙ্কল
বনের মধ্যে দিয়ে, রৃষ্টিমুখর সন্ধ্যায়, কোন অনির্দেশ্য হীরকখনি
বা তার চেয়েও অজানা মৃত্যুর অভিমুখে সে চলেছে কোথায়
আল্ভারেজ কে তার ? তার পরামর্শে কেন সে এখানে এল ?
হীরার খনিতে তার দরকাব নেই। বাংলা দেশের খড়ে ছাওয়া

ঘর, ছায়াভর। শান্ত গ্রাম্য পথ, ক্ষুত্র নদী, পরিচিত পাখীদের কাকলী—সে সব ্যন কতদূরের কোন্ অবাস্তব স্বপ্প-রাজ্যের জিনিস, আফ্রিকার কোনো হীরকখনি তাদের চেয়ে মূল্যবান নয়।

কিন্তু তার এ ভাব কেটে গেল অনেক রাত্রে, যখন নির্দ্বেঘ আকাশে চাঁদ উঠল। সে অপার্থিব জ্যোৎস্নাময়ী রজনীর বর্ণনা নেই। শঙ্কর আর পৃথিবীতে নেই, বাংলা বলে কোনো দেশ নেই। সব স্বপ্ন হয়ে গিয়েচে — সে আর কোথাও ফিরতে চায় না, হীরা চায় না, অর্থ চায় না—পৃথিবীপৃষ্ঠ থেকে বহু উর্দ্ধে এক কোমুদী-শুভ দেবলোকের এখন সে অধিবাসী, তার চারিধারে যে সৌন্দর্য্য, কোনো মান্তুষের চোখ এর আগে তা কখনো দেখে নি। সে গহন নিস্তব্ধতা, এর আগে তা কোনো মান্তুয অন্তব্ করেনি। জনমানবহীন বিশাল রিখ্টারস্ভেল্ড পর্ব্বত ও অরণ্য এই গভীর নিশীথে মেঘলোকে আসন পেতে আপনাতে আপনি আত্মন্ত, ধ্যানস্তিমিত—পৃথিবীর মান্তুষের সেখানে প্রবেশ লাভের সৌভাগ্য কচিৎ ঘটে।

সেই রাত্রে ঘুম থেকে ও ধড়মড়িয়ে উঠ্ল আলভারেজের ভাকে। আলভারেজ ডাক্চে—শঙ্কর, শঙ্কর, ওঠো বন্দুক বাগাও— —কি-কি—

তারপর ও কাণ পেতে শুনলে—তাঁবুর চারিপাশে কে যেন ঘুরে ঘুরে বেড়াচেচ, তার জোরে নিঃশ্বাদের শব্দ বেশ শোনা যাচেচ তাঁবুর মধ্যে থেকে। চাঁদ চলে পড়েচে, তাঁবুর বাইরে অন্ধকারই বেশী, জ্যোৎস্নাটুকু গাছের মগডালে উঠে গিয়েচে, কিছুই দেখা যাচ্চে না। তাবুর দরজার মুখে আগুন তথনও একটু একটু জ্বলচে—কিন্তু তার আলোর বৃত্ত যেমন ছোট, আলোর জ্যোতিও ততোধিক ক্ষীণ, তাতে দেখবার সাহায্য কিছুই হয় না।

হুড় মুড় করে একটা শব্দ হোল—গাছপালা ভেঙে একটা ভারী জানোয়ার হঠাৎ ছুটে পালালো যেন। যেন ভাঁবুর সকলে সঙ্গাগ হয়ে উঠেচে, এখন আর অভর্কিত শিকারের স্থবিধে হবে না, বাইরের জানোয়ারটা তা বুঝতে পেরেচে।

জানোয়ারটা যাই হোক ন। কেন, তার যেন বৃদ্ধি আছে, বিচারের ক্ষমতা আছে, মস্তিক আছে।

আলভারেজ রাইফেল হাতে টর্চ্চ জেলে বাইরে গেল।
শঙ্করও গেল ওব পেছনে পেছনে। টর্চ্চেব আলোয় দেখা গেল,
তাঁবুর উত্তর-পূর্ব্ব কোণেব জঙ্গলের চাবা গাছপালার ওপর দিয়ে
যেন একটা ভাবী ষ্টীম রোলার চলে গিয়েচে। আলভারেজ
সেইদিকে বন্দুকের নল উচিয়ে বার তুই দেওড় করলো।

কোনো দিকে কোনো শব্দ পাওয়া গেল না।

তাবৃতে ফিরবার সময় তাবুর ঠিক দরজার মুথে আগুনেব কুণ্ডের অতি নিকটেই একটা পায়ের দাগ তু'জনেরই চোখে পড়ল। তিনটা মাত্র আঙ্গুলের দাগ ভিজে মাটীর গুপর স্বস্পষ্ট।

এতে প্রমাণ হয়, জানোয়ারটা আগুনকে ডরায় না।

শহ্বরের মনে হোল, যদি ওদের ঘুম না ভাঙতো, তবে সেই অজ্ঞান্ত বিভীষিকাটী তাঁবুর মধ্যে চুকতে একটুও দ্বিধা করতো না—এবং তারপরে কি ঘট্ত তা কল্পনা করে কোনো লাভ নেই। আল্ভারেজ বল্লে—শঙ্কর, তুমি তোমার ঘুম শেষ করো, আমি জেগে আছি।

শঙ্কর বল্লে-না, তুমি ঘুমোও আল্ভারেজ।

আলভারেজ ক্ষীণ হাসি হেসে বল্লে—পাগল, তুমি জেগে কিছু করতে পারবে না, শঙ্কর। ঘুমিয়ে পড়ো, ঐ দেখ দূরে বিছ্যুৎ চমকাচেচ, আবার ঝড় বৃষ্টি আসবে, বাত শেষ হয়ে আসচে, ঘুমোও। আমি বরং একটু কফি খাই।

রাত ভোর হবার সঙ্গে সঙ্গে এল মুষল ধারে বৃষ্টি, সঙ্গে সঙ্গে তেমনি বিহাৎ, তেমনি মেঘগর্জন। সে বৃষ্টি চলল সমানে সারাদিন, তার বিরাম নেই। শঙ্কবের মনে হোল, পৃথিবীতে আজ প্রলয়ের বর্ষণ হয়েছে স্থরুর, প্রলয়ের দেবতা সৃষ্টি ভাসিয়ে দেবার স্চনা করেচেন বৃঝি। বৃষ্টির বহর দেখে আল্ভারেজ পর্যান্ত দমে গিয়ে তাবু ওঠাবাব নাম মুখে আন্তে ভুলে গেল।

বৃষ্টি থামল যখন, তথন বিকাল পাঁচটা। বোধ হয়, বৃষ্টি না থামলেই ভাল ছিল, কারণ অমনি আলভারেজ চলা সুরু করবার ছকুম দিলে। বাঙ্গালী ছেলের স্বভাবতঃই মনে হয়— এখন অবেলায় যাওয়া কেন? এত কি সময় বয়ে যাচেচ? কিন্তু আল্ভারেজের কাছে দিন, রাত, বর্ষা, রৌদ্র, জ্যোৎসা, অন্ধকার সব সমান। সে রাত্রে বর্ষাস্বাত বনভূমির মধ্যে দিয়ে মেঘভাঙা জ্যোৎস্নার আলোয় ছ'জনে উঠ্চে, উঠচে— এমন সময় আলভারেজ পেছন থেকে বলে উঠ্ল—শঙ্কর দাড়াও, ঐ দেখ—

আলভারেজ ফিল্ড গ্লাস্ দিয়ে ফুটফুটে জ্যোৎস্নালোকে বা পাশের পর্বত-শিথরের দিকে চেয়ে দেখচে। শঙ্কর ওর হাত থেকে গ্লাস্টা নিয়ে সে দিকে দৃষ্টি নিবদ্ধ করলে। হাঁ, সমতল খাঁজটা পাওয়া গিয়েচে! বেশী দূরেও নয়, মাইল ছুইয়ের মধ্যে, বাঁদিক ঘোঁসে।

আলভারেজ হাসিমুথে বল্লে—দেখেচ স্থাড়লটা ? থামবার দরকার নেই, চল আজ রাত্রেই স্থাড়লের ওপর পৌছে তাঁবু ফেলবো। শঙ্কর আর সত্যিই পারচে না। এ ছুদ্ধর্ধ পটু গিজ্টার সঙ্গে হীরার সন্ধানে এসে সে কি ঝক্মারী না করেচে! শঙ্কর জানে অভিযানের নিয়মান্ত্যায়ী দলপতির হুকুমের ওপর কোনো কথা বলতে নেই। এখানে আলভারেজই দলপতি, তার আদেশ অমান্ত করা চলবে না। কোথাও আইনে লিপিবদ্ধ না থাকলেও, পৃথিবীর ইতিহাসের বড় বড় অভিযানে স্বাই এই নিয়ম মেনে চলে। সেও মানবৈ।

অবিশ্রান্ত ইাটবার পরে স্থ্যোদয়ের সঙ্গে দঙ্গে ওরা এসে স্থাড্লে যথন উঠল—শঙ্করের তথন আর এক পাও চলবার শক্তি নেই।

স্থাড্লটার বিস্তৃতি তিন মাইলের কম নয়, কখনো বা

ছুশো ফুট খাড়া উঠচে, কখনো বা চার পাঁচশো ফুট নেমে গেল একমাইলের মধ্যে, স্বতরাং বেশ ছ্রারোহ—যতটুকু সমতল, ততটুকু শুধুই বড় বড় বনস্পতির জঙ্গল, ইরিথ্রিনা, পেনসিয়ানা, বিঠাগাছ, বাঁশ, বহা আদা। বিচিত্র বর্ণের অর্কিডের ফুল ডালে ডালে। বেবুন ও কলোবাদ বানর সর্বব্র।

আরও ছদিন ধরে ক্রমাগত নামতে নামতে ওরা রিখ্টারস্ভেল্ড পর্বতেব আসল রেঞ্জের ওপারের উপত্যকায় গিয়ে
পদার্পণ করলো। শঙ্করের মনে হোল, এদিকে জঙ্গল যেন
আবও বেশী ছর্ভেগ্য ও বিচিত্র। আট্লান্টিক মহাসাগরেব
দিক থেকে সমুদ্রবাষ্প উঠে কতক ধাক্কা খায় পশ্চিম আফ্রিকার
ক্যামেরুণ পর্বতে, বাকীটা আট্কায় বিশাল রিখ্টারস্ভেল্ডেব
দক্ষিণ সামুতে—স্কুতবাং বৃষ্টি এখানে হয় অজন্ত্র, গাছপালাব
তেজ্পও তেমনি।

দিন পনেবে। ধবে সে বিরাট অরণ্যাকীর্ণ উপত্যকার সর্বত্র ছ'জনে মিলে খুঁজেও আলভারেজ বর্ণিত পাহাড়ী নদীর কোনে। ঠিকানা বাব কবতে পাবলে না। ছোটখাটো ঝবণা ছ'একটা উপত্যকার উপব দিয়ে বইচে বটে—কিন্তু আলভারেজ কেবলই ঘাড় নাড়ে আব বলে—এ সব নয়।

শঙ্কব বলে—তোমাব ম্যাপ দেখো না ভালো করে ? কিন্তু এখন দেখা যাচেচ যে আলভারেজের ম্যাপের কোনো নিশ্চয়ত। নেই। আলভাবেজ বলে—ম্যাপ কি হবে ? আমার মনে গভীব ভাবে সাঁকা আছে সে নদী ও সে উপত্যকার ছবি— সে একবার দেখতে পেলেই তথুনি চিনে নেবো। এ সে জায়গাই নয় এ উপতাকা সে উপতাকাই নয়।

নিরুপায়। খোঁজো তবে।

একমাদ কেটে গেল। পশ্চিম আফ্রিকায় বধা নামল মার্চ্চ
মাদের প্রথমে। দে কী ভয়ানক বর্ধা! শঙ্কর তাব কিছু
নমুনা পেয়ে এদেচে রিখ্টারদ্ভেল্ডে, পার হবার দময়ে।
উপত্যকা ভেদে গেল পাহাড় থেকে নামা বড় বড় পার্বত্য
ঝরণার জলধারায়। তাঁবু ফেল্বার স্থান নেই। একরাত্রে
হঠাৎ অতিবর্ধণের ফলে ওদের তাঁবুর সামনের একটা নিবীহ
ক্ষীণকায়া ঝরণা ধারা ভীমমূর্ত্তি ধারণ করে ওদের তাঁবুগুদ্ধ
ওদের শুদ্ধ ভাসিয়ে নিয়ে যাবার যোগাড় কবেছিল—আলভারেজের সজাগ ঘুমের জন্যে সে যাত্রা বিপদ কেটে গেল।

কিন্তু দিন যায় তোক্ষণ যায় না। শহর একদিন ঘোর বিপদে পড়ল জঙ্গলের মধ্যে। সে বিপদটাও বড় গছুত ধরণের।

সেদিন আলভারেজ তাবুতে তার নিজের রাইফেল পরিকার করছিল, সেটা শেষ করে রান্না করবে কথা ছিল। শহুর রাইফেল ছাতে বনের মধ্যে শিকারের সন্ধানে বার হয়েচে।

আলভারেজ বলে দিয়েচে তাকে এ বনে খুব সতর্ক হয়ে সাবধানে চলাফের। করতে—আর বন্দুকের ম্যাগাজিনে সব সময় যেন কাট্রিজ ভরা থাকে। আর একটা খুব মূল্যবান উপদেশ দিয়েচে, সেটা এই — বনের মধ্যে বেড়াবার সময়

হাতের কজিতে কম্পাস্ সর্বদা বেঁধে নিয়ে বেড়াবে এবং যে পথ দিয়ে যাবে, সে পথের ধারে গাছপালায় কোনো চিহ্ন বেখে যাবে, যাতে ফিরবার সময় সেই সব চিহ্ন ধরে আবার ঠিক ফিরতে পারো। নতুবা বিপদ অবশ্যস্তাবী।

একদিন শঙ্কর স্প্রিংবক্ হরিণের সন্ধানে গভীর বনে চলে গিয়েচে। সকালে বেরিয়েছিল, ঘুরে ঘুরে বড় ক্লান্ত হয়ে পড়ে একজায়গায় একটা বড় গাছের তলায় সে একটু বিশ্রামের জন্মে বসল।

সেখানটাতে চারিধারেই বৃহৎ বৃহৎ বনস্পতির মেলা, আক সব গাছেই গুঁড়ি ও ডালপালা বেয়ে একপ্রকারেব বড় বড় লতা উঠে তাদের ছোট ছোট পাতা দিয়ে এমনি নিবিড় ভাবে আষ্ট্রেপৃষ্ঠে গাছগুলো জড়িয়েচে যে গুঁড়ির আসল রং দেখা যায় না। কাছেই একটা ছোট্ট জ্বলার ধারে ঝাড়ে ঝাড়ে মাবি পোসা লিলি ফুটে রয়েচে।

খানিকটা সেখানে বসবাব পরে শঙ্করের মনে হোল তার কি একটা অস্বস্তি হচ্চে। কি ধরণের অস্বস্তি তা সে কিছু বুঝতে পারলে না—অথচ জায়গাটা ছেড়ে উঠে যাবারও ইচ্ছে হোল না—সে ক্লান্তও বটে, আর জায়গাটাও বেশ আরামেরও কটে।

কিন্তু এ তার কি হোল ? তার সমস্ত শরীরে এত অবসাদ কোথা থেকে এল ? ম্যালেরিয়া জ্বরে ধরল নাকি ?

অবসাদটা কাটাবার জন্মে সে পকেট হাতড়ে একটা চুরুট

বার করে ধরালে। কিসের একটা মিষ্টি মিষ্টি স্থান্ধ বাতাসে
—শঙ্করের বেশ লাগতে গদ্ধটা। একটু পরে দেশলাইটা মাটা থেকে কুড়িয়ে পকেটে রাখতে গিয়ে মনে হোল, হাতটা যেন তার নিজের নেই—যেন আর কারো হাত, তার মনের ইচ্ছায় সে হাত নডে না।

ক্রমে তার সর্ব্বশরীর যেন বেশ একটা আরাম দায়ক অবসাদে অবশ হয়ে পড়তে চাইল। কি হবে আর র্থা জ্রমণে, আলেয়ার পিছু পিছু বৃথা ছুটে, এই রকম বনের ঘন ছায়ায় নিভ্ত লতাবিতানে অলস স্বপ্নে জীবনটা কাটিয়ে দেওয়ার চেয়ে স্থথ আর কি আছে ?

একবার তার মনে হোল, এই বেলা উঠে তাঁবুতে যাওয়।
যাক্, নতুবা তার কোনো একটা বিপদ ঘটবে যেন। একবার সে
উঠবার চেষ্টাও করতে গেল, কিন্তু পরক্ষণেই তার দেহমনব্যাপী
অসবাদের জয় হোল। অবসাদ নয়, যেন একটা মৃত্মধুর নেশার
আনন্দ। সমস্ত জগৎ তার কাছে তুচ্ছ। সে নেশাটাই তার
সারাদেহ অবশ করে আনচে ক্রমশঃ।

শঙ্কর গাছের শিকড়ে মাথা দিয়ে ভাল করেই শুয়ে পড়ল।
বড় বড় কটন্ উড গাছেব ডালে শাখায় আলোছায়ার রেখা
বড় অস্পাই, কাছেই কোথাও বন্য পেচকের ধ্বনি অনেকক্ষণ
থেকে শোনা যাচ্ছিল, ক্রেমে যেন তা ক্ষীণ হতে ক্ষীণতর হয়ে
আসচে। তারপরে কি হোল শঙ্কর আর কিছু জানে না।

আলভারেজ যখন বহু অনুসন্ধানের পর ওর অচৈতন্য দেহটা

কটন্ উড্ জঙ্গলের ছায়ায় আবিষ্কার করলে, তথন বেলা বেশী নেই। প্রথমটা আলভারেজ মনে ভাবলে, এ নিশ্চয়ই সর্পাঘাত —কিন্তু দেহটা পরীক্ষা করে সর্পাঘাতের কোনো লক্ষণ দেখা গেল না। হঠাৎ মাথার ওপরকার ডালপালা ও চারিধারে গাছপালার দিকে নজর পঁড়তেই অভিজ্ঞ ভ্রমণকারী আলভারেজ



অসভ্য মান্থ্যেরা তীরের ফলা ডুবিয়ে নেয়। যার বাতাস এমনি বেশ স্থগন্ধ বহন করে, কিন্তু নিঃশ্বাদের সঙ্গে বেশী মাত্রায় গ্রহণ করলে, অনেক সময় পক্ষাঘাত পৃধ্যন্ত হতে পারে, মৃত্যু , ঘটাও আশ্চর্য্য নয়।

তাঁবুতে এসে শঙ্কর ছু'তিন দিন শয্যাগত হয়ে রৈল। সর্ব্বশরীর ফুলে ঢোল। মাথা যেন ফেটে যাচ্চে আর সর্ব্বদাই তৃষ্ণায় গলা কাঠ। আলভারেজ বলে—যদি তোমাকে সারা রাত ওথানে থাকতে হোত—তা হোলে সকালবেলা তোমাকে বাঁচানো কঠিন হোত।

একদিন একটা ঝরণার জলধবার বালুময় তীরে শহর হলদে রঙের কি দেখতে পেলে। আল্ভারেজ পাকা প্রস্পেক্টর, সে এসে বালি ধুয়ে সোনার রেণু বার করলে—কিন্তু তাতে সে বিশেষ উৎসাহিত হোল না। সোনার পরিমাণ এত কম যে মজুরি পোষাবে না—এক-টন বালি ধুয়ে আউন্স তিনেক সোনা পাওয়া হয়তো যেতে পারে।

শঙ্কর বল্লে—বদে থেকে লাভ কি, তবু যা সোনা পাওয়া যায়, তিন আউন্স সোনার দামও তো কম নয়।

সে যেটাকে অত্যন্ত অন্তুত জিনিষ বলে মনে করেচে, অভিজ্ঞ প্রস্পৃপেক্টার আলভারেজের কাছে সেটা কিছুই নয়। তাছাড়া শঙ্করের মজুরির ধারণার সঙ্গে আলভারেজের মজুরির ধারণা মিল খায় না। শেষ পর্যান্ত ও কাজ শঙ্করকে ছেড়ে দিতে হোল।

ইতিমধ্যে ওরা মাসখানেক ধরে জঙ্গলের নানা অঞ্চলে বেড়ালে। আজ এখানে ছ'দিন তাঁবু পাতে, সেখান থেকে আর এক জায়গায় উঠে যায়, সেখানে কিছুদিন তন্ন তন্ন করে চারিধার দেখবার পরে আর এক জায়গায় উঠে যায়। সেদিন অরণ্যের একটা স্থানে ওরা নতুন পৌছে তাঁবু পেতেছে। শঙ্কর বন্দুক নিয়ে ছ'একটা পাখী শিকার করে সন্ধ্যায় তাঁবুতে ফিরে

এসে দেখলে, আলভারেজ বসে চুরুট টানচে, তার মুখ দেখে মনে হোল সে উদ্বিগ্ন ও চিস্তিত।

শঙ্কর বল্লে—আমি বলি আলভারেজ, তুমিই যখন বার করতে পারলে না, তখন চলো ফিরি।

আলভারেজ বল্লে—নদীটা তো উড়ে যায় নি, এই বন পর্ব্বতের কোনো না কোনো অঞ্চলে সেটা নিশ্চয়ই আছে।

- —তবে আমরা বার করতে পারচি নে কেন ?
- —আমাদের থোঁজা ঠিকমত হচ্চে না।
- —বল কি আলভারেজ, ছ'মাস ধরে জঙ্গল চযে বেড়াচ্চি, আবার কাকে খোঁজা বলে গ

আলভারেজ গম্ভীর মুখে বল্লে—কিন্ত মুদ্ধিল হয়েচে কোথায় জানো, শঙ্কর ? তোমাকে এখনও কথাটা বলি নি, গুনলে হয়তো খুব দমে যাবে বা ভয় পাবে! আচ্ছা, তোমাকে একটা জিনিস দেখাই, এসো আমার সঙ্গে।

শঙ্কর অধির আগ্রহ ও কোতৃহলের সঙ্গে ওর পেছনে পেছনে চললো। ব্যাপারটা কি ?

আলভারেজ একটু দূরে গিয়ে একটা বড় গাছের তলায় দাঁড়িয়ে বল্লে—শঙ্কর, আমরা আজই এখানে এসে তাঁবু পেতেছি, ঠিক তো ?

শঙ্কর অবাক হয়ে বল্লে—এ কথার মানে কি? আজই তো এখানে এসেচি না আবার কবে এসেচি ?

—আচ্ছা, এই গাছের গুঁড়ির কাছে সরে এসে দেখো তো ?

শঙ্কর এগিয়ে গিয়ে দেখলে, গুঁড়ির নরম ছাল ছুরি দিয়ে খুদে কে 'D, A,' লিখে রেখেচে—কিন্তু লেখাটা টাট্কা নয়, অন্ততঃ মাসখানেকের পুরানো।

শঙ্কর ব্যাপারট। কিছু বুঝতে গারলে না। আলভারেজের মুথের দিকে চেয়ে রইল। আলভারেজ বল্লে—বুঝতে পারলে না? এই গাছে আমিই মাসখানেক আগে আমার নামের অক্ষর ছটী থুদে রাখি। আমার মনে একটু সন্দেহ হয়। তুমি তো বুঝতে পারো না, তোমার কাছে সব বনই সমান। এর মানে এখন বুঝেচ? আমরা চক্রাকারে বনের মধ্যে ঘুরচি। এ সব জায়গায় যখন এ রকম হয়, তখন তা থেকে উদ্ধার পাওয়া বেজায় শক্ত।

এতক্ষণে শঙ্কর ব্ঝলে ব্যাপারটা। বল্লে—তুমি বলতে চাও মাস্থানেক আগে আমরা এখানে এসেছিলাম !

—ঠিক তাই। বড় অরণ্যে বা মরুভূমিতে এই বিপদ ঘটে।

একে বলে death circle, আমার মনে মাসখানেক আগে
প্রথমে সন্দেহ হয় যে হয়তো আমরা death circle এ পড়েচি।

সেটা পরীক্ষা করে দেখবার জন্মেই গাছের ছালে ঐ অক্ষর
খুদে রাখি। আজ বনের মধ্যে বেড়াতে হঠাৎ চোখে পড়ল।

শঙ্কর বল্লে—আমাদের কম্পাদের কি হোল ? কম্পাদ থাকতে দিক্ভুল হচ্ছে কি ভাবে রোজ রোজ ?

আল্ভারেজ বল্লে—আমার মনে হয় কম্পাস খারাপ হয়ে গিয়েচে। রিখ্টারস্ভেল্ড পার হবার সময় সেই যে ভয়ানক

ঝড় ও বিহ্যুৎ হয়, তাতেই কি ভাবে ওর চৌম্বক শক্তি নষ্ট হয়ে গিয়েচে।

- —তা হোলে আমাদের কম্পাস এখন অকেজো ?
- —আমার তাই ধারণা।

শঙ্কর দেখলে অবস্থা নিতান্ত মনদ নয়। ম্যাপ ভুল, কম্পাস অকেজাে, তার ওপর ওরা পড়েচে এক ভীষণ হুর্গম গহনারণাের মাঝে বিষম মরণ ঘূর্ণীতে। জনমান্ত্রষ নেই, খাবার নেই, জলও নেই বল্লেই হয়, কারণ যেখানকার সেখানকার জল যখন পানের উপযুক্ত নয়। থাকার মধ্যে আছে এক ভীষণ, অজ্ঞাত মৃত্যুর ভয়। জিম্ কার্টার এই অভিশপ্ত অবণ্যানীব মধ্যে রত্নের লােভে এসে প্রাণ দিয়েছিল, এখানে কাবাে মঙ্গল হবে বলে মনে হয় না।

আল্ভারেজ কিন্তু দমে যাবার পাত্রই নয়। সে দিনেব পর দিন চলল বনের মধ্যে দিয়ে। বনের কোনো কূল-কিনারা পায় না শঙ্কর, আগে যাও বা ছিল, ঘূর্ণীপাকে ভাবা খুরচে শোনা অবধি, শঙ্করের দিক্ সম্বন্ধে জ্ঞান একেবারে লোপ পেয়েচে।

দিন তিনেক পরে ওরা একটী জায়গায় এসে উপস্থিত হোল, সেখানে রিখটারস্ভেল্ডের একটী শাখা আসল পর্বত-মালার সঙ্গে সমকোণ করে উত্তর দিকে লম্বালম্বি হয়ে আছে। খুব কম হোলেও সেটা ৪০০০ হাজার ফুট উচু। আরও পশ্চিম দিকে একটা খুব উচু পর্বতচূড়া ঘন মেঘের মাড়ালে লুকোচুরি থেলচে। হুই পাহাড়ের মধ্যেকার উপত্যকা তিন মাইল বিস্তীর্ণ হবে এবং এই উপত্যকা **খু**ব ঘন জঙ্গলে ভরা।

বনে গাছপালার যেন তিনটে চারটে থাক্। সকলের ওপরের থাকে শুধুই পরগাছা ও শেওলা, মাঝের থাকে ছোট বড় বনস্পতির ভিড়, নীচের থাকে ঝোপ ঝাপ, ছোট ছোট গাছ। স্থর্ব্যের আলোর বালাই নেই বনের মধ্যে।

আলভারেজ বনের মধ্যে না ঢুকে বনের ধারেই তাঁবু ফেলতে বল্লে। সন্ধ্যার সময় ওরা কফি খেতে খেতে পরামর্শ করতে বসল যে, এখন কি করা যাবে। খাবার একদম ফুরিয়েচে, চিনি অনেকদিন থেকেই নেই, সম্প্রতি দেখা যাচ্ছে আর ছু'এক দিন পরে কফিও শেষ হবে। সামান্ত কিছু ময়দা এখনও আছে—কিন্তু আর কিছুই নেই। ময়দা এই জন্তে আছে, যে ওরা ও জিনিষটা কালেভদ্রে ব্যবহার করে। ওদের প্রধান ভরসা বন্ত জন্তুর মাংস কিন্তু সঙ্গে যথন ওদের গুলি বারুদের কারখানা নেই, তখন শিকাবের ভরসাই বা চিরকাল করা যায় কি করে ?

কথা বলতে বলতে শঙ্কর দূরের যে পাহাড়ের চুড়াটা মেঘের আড়ালে লুকোচুরি খেলচে, দেদিকে মাঝে মাঝে চেয়ে দেখছিল। এই সময়ে অল্পকণের জন্মে মেঘ সম্পূর্ণরূপে সরে গেল। চূড়াটার অদ্ভুত চেহারা, যেন একটা কুলপী বরফের আগার দিকটা কে এক কামডে খেয়ে ফেলেচে।

আলভারেজ বল্লে—এখান থেকে দক্ষিণ পূর্ব্বদিকে

বুলাওয়েও কি সল্মবেরী চারশো থেকে পাঁচশো মাইলের মধ্যে।
মধ্যে শ হুই মাইল মরুভূমি। পশ্চিম দিকে উপকৃল তিনশো
মাইলের মধ্যে বটে, কিন্তু পটু গিজ পশ্চিম আফ্রিকা অতি ভীষণ
হুর্গম জঙ্গলে ভরা, স্থতরাং সেদিকের কথা বাদ দাও। এখন
আমাদের উপায় হচ্চে, হয় তুমি নয় আমি সল্মবেরী কি
বুলাওয়েও চলে গিয়ে টোটা ও খাবার কিনে আমি।
কম্পাসও চাই।

আলভারেজের মুখের এই কথাটা বড় শুভক্ষণে শঙ্কর শুনেছিল। দৈব মান্তুষের জাবনে যে কত কাজ করে, তা মানুষে কি সব সময় বোঝে ? দৈবক্রমে 'বুলাওয়েও' ও 'সল্পবেরী' হুটো সহরের নাম, তাদের অবস্থানের দিক্ ও এই জায়গাটা থেকে তাদের আনুমানিক দূবত্ব শঙ্করের কাণে গেল। এর পরে সে কত-বার মনে মনে আলভারেজকে ধন্থবাদ দিয়েছিল, এই নাম হুটো বলবার জন্মে।


কথাবার্ত্তা দেদিন বেশী অগ্রসর হোল না। ছু'জনেই পরিশান্ত ছিল, সর্কালে সকালে শ্যা আশ্রয় করলে।



আট

মাঝ রাত্রে শহ্বরেব ঘুম ভেঙে গেল। কি একটা শব্দ হচ্ছে ঘন বনের মধ্যে, কি একটা কাগু কোথায় ঘট্চে বনে। আলভারেজও বিছানায় উঠে বসেচে। ছু'জনেই কাণ-খাড়া কবে শুনলে—বড় অভুত ব্যাপার! কি হচ্চে বাইরে?

শঙ্কর তাড়াতাড়ি টর্চ্চ জ্বেলে বাইরে আসছিল, আলভারেজ বারণ করলে। বল্লে—এ সব অজানা জঙ্গলে রাত্রিবেলা ও রকম



তাড়াতাড়ি তাঁবুব বাইবে যেও না। তোমাকে অনেকবার সতর্ক করে দিয়েচি। বিনা বন্দুকেই বা যাচ্চ কোথায় ?

তাবুর বাইরে রাত্রি ঘুট্ঘুটে অন্ধকার! ছ'জনেই টর্চচ ফেলে দেখলে—

বন্য-জন্তুর দল গাছ-পালা ভেঙ্গে উদ্ধশ্বাসে উন্মত্তের মত দিকবিদিক্ জ্ঞানশৃষ্য হয়ে ছুটে পশ্চিমের সেই ভীষণ জঙ্গল থেকে বেরিযে, পৃবদিকে পাহাড়টার দিকে চলেচে! হায়েনা, বেবৃন, বৃনো মহিষ। হুটো চিতাবাঘ তো ওদের গা বেঁসে ছুটে পালালো। আরও আসচে দলে দলে আসচে । ধাড়ী ও মাদী কলোবাস্ বাঁদর দলে দলে ছানাপোনা নিয়ে ছুটেচে দেবাই যেন কোনো আকস্মিক বিপদের মুখ থেকে প্রাণেব ভয়ে ছুটেচে ! আর সঙ্গে সঙ্গে দূরে কোথায় একটা অদ্ভুত শব্দ হচ্ছে—চাপা, গন্তীর, মেঘগর্জনের মত শব্দটা কিংবা দূরে কোথাও হাজারটা জয়ঢাক যেন এক সঙ্গে বাজ্চে!

ব্যাপাব কি ! ছ'জনে ছ'জনের মুখের দিকে চাইলে।
ছ'জনেই অবাক্। আলভারেজ বল্লে—শঙ্কর, আগুনটা ভাল
কবেঁ জালো—নয়তো বহুজন্তর দল আমাদেব তাবুগুদ্ধ ভেঙে
মাড়িয়ে চলে যাবে।

জন্তদেব সংখ্যা ক্রমেই বেড়ে চলল যে! মাথাব ওপরেও পাখীর দল বাসা ছেড়ে পালাচে। প্রকাণ্ড একটা স্প্রিংবক্ হরিণেব দল ওব দশগজেব মধ্যে এসে পড়ল।

কিন্তু ওবা তু'জনে তথন এমন হতভম্ব হয়ে গিয়েচে ব্যাপাব দেখে, যে এত কাছে পেয়েও গুলি কবতে ভুলে গেল। এমন ধরণের দৃশ্য ওবা জীবনে কখনো দেখেনি!

শঙ্কর আলভারেজকে কি একটা জিজ্ঞাসা করতে যাবে, তারপরেই—প্রলয় ঘট্ল। অন্ততঃ শঙ্করের তো তাই বলেই মনে হলো। সমস্ত পৃথিবীটা তুলে এমন কেঁপে উঠল যে, ওবা তু'জনেই টলে পড়ে গেল মাটীতে, সঙ্গে সঙ্গে হাজারটা বাজ যেন নিকটেই কোথায় পড়ল। মাটী যেন চিরে ফেঁড়ে গেল— আকাশটাও যেন সেই সঙ্গে ফাট্লো।

আলভারেজ মাটী থেকে উঠ্বার চেষ্টা করতে করতে বল্লে
—ভূমিকম্প !

কিন্তু পরক্ষণেই তারা দেখে বিস্মিত হোল, রাত্রির অমন ঘ্ট্ঘুটে অন্ধকার হঠাৎ দূর হয়ে, পঞ্চাশহাজার বাতির এমন বিজ্লি আলো জ্বলে উঠল কোথা থেকে ?

তারপর তাদের নজর পড়ল, দূরের সেই পাহাড়ের চূড়াটার দিকে। সেথানে যেন একটা প্রকাণ্ড অগ্নিলীলা স্কুল হয়েচে। রাঙা হয়ে উঠেচে সমস্ত দিগন্ত সেই প্রলয়ের আলোয়, আঞ্চন-রাঙা মেঘ ফু'সিয়ে উঠেচে পাহাড়ের চূড়ো থেকে ছ'হাজার আড়াই হাজার ফুট পর্যান্ত উচুতে—সঙ্গে সঙ্গে কি বিশ্রী গন্ধকের উৎকট নিঃশাস-রোধকারী গন্ধ বাতাসে!

আলভারেজ দেদিকে চেয়ে ভয়ে ও বিশ্বয়ে বলে উঠল— আগ্নেয়গিরি! সান্টা আনা গ্রাৎসিয়া ডা কর্টোভা!

কি অভূত ধরণের ভীষণ স্থানর দৃশ্য! কেউ চোথ ফিরিয়ে নিতে পারলে না ওরা থানিকক্ষণ। লক্ষটা তুবড়ি এক সঙ্গে জ্বাছে, লক্ষটা রঙ মশালে একসঙ্গে আগুন দিয়েচে, শঙ্করের মনে হোলো। রাঙা আগুনের মেঘ মাঝে মাঝে নীচু হয়ে যায়, হঠাৎ যেমন আগুনে ধুনো পড়লে দপ্ করে জ্বলে ওঠে, অমনি দপ্ করে হাজার ফুট ঠেলে ওঠে। আর সেই সঙ্গে হাজারটা বোমাফাটার আগুয়াজ।

এদিকে পৃথিবী এমন কাঁপচে, যে দাঁড়িয়ে থাক। যায় না—
কেবল টলে টলে পড়তে হয়। শঙ্কর তো টলতে টলতে
তাঁব্র মধ্যে চুকলো—চুকে দেখে একটা ছোট কুকুর ছানার মত
জীব তার বিছানায় এক সঙ্গে গুটিস্থিটি হয়ে ভয়ে কাঁপচে।
শঙ্করের টর্চের আলোয় সেটা থতমত খেয়ে আলোর দিকে
চেয়ে রহল, আর তার চোথ ছটো মনির মত জ্বলতে লাগলো।
আলভারেন্দ্র তাঁবুতে চুকে দেখে বল্লে—নেকড়ে বাঘের ছানা।
রেথে দাও, আমাদের আশ্রয় নিয়েচে যথন প্রাণের ভয়ে।

তরা কেউ এর আগে প্রজ্বন্ত আগ্নেয়গিরি দেখেনি, তা থেকে বিপদ আসতে পারে ওদের জানা নেই—কিন্তু আলভারেজের কথা ভালো করে শেষ হতে না হতে, হঠাৎ কি প্রচণ্ড ভারী জিনিসেব পতনের শব্দে ওবা আবার তাঁবুর বাইরে গিয়ে যথন দেখলে যে, একখানা পনেরো সেব ওজনের জ্বন্ত কয়লার মত রাঙা পাথর অনুরে একটা ঝোপের ওপর এসে পড়েচে — সঙ্গে দঙ্গে ঝোপটাও জ্বলে উঠেচে — তথন জালভারেজ ব্যস্তসমস্ত হয়ে বল্লে—পালাও, পালাও; শঙ্কর—ভাঁবু ওঠাও—শীগ্গির—

ওরা তাবু ওঠাতে ওঠাতে আরও ছ'পাঁচখানা আগুন-রাঙা জ্বলম্ভ ভারী পাথর এদিকে ওদিকে সম্পাদে পড়লো। নিঃশ্বাস তো এদিকে বন্ধ হয়ে আসে, এমনি ঘন গন্ধকের ধূম বাতাসে ছড়িয়েচে।

দৌড় ে দৌড় ে দৌড় ে ড় খেল খাৰ প্ৰৱা জ্বিনিসপত্ৰ কতক

টেনে হিঁচড়ে, কভক বয়ে নিয়ে পৃবদিকের সেই পাহাড়ের নীচে গিয়ে পৌছুলো। সেথানে পর্যান্ত গন্ধকের গন্ধ বাতাসে। আধঘণ্টা পরে সেথানেও পাথর পড়তে স্থরু করলে। ওরা পাহাড়ের ওপর উঠ্ল, সেই ভীষণ জনল আর রাত্রির অন্ধকার ঠেলে। ভোর যথন হোল, তথন আড়াই হাজার ফুট উঠে পাহাড়ের চালুতে বড় গাছের তলায়, তু'জনেই হাপাতে হাঁপাতে বসে পডলো।

সূর্য্য ওঠবার সঙ্গে সঙ্গে অগ্ন্যুৎপাতের সে ভীষণ সৌন্দর্য্য আনেকথানি কমে গেল, কিন্তু শব্দ ও পাথর-পড়া যেন বাড়লো। এবার শুধু পাথর নয়, তার সঙ্গে থুব মিচি ধূসরবর্ণের ছাই আকাশ থেকে পড়চে…গাছপালা লতাপাতার ওপর দেখতে দেখতে পাৎলা একপুরু ছাই জমে গেল।

সাবাদিন সমানভাবে অগ্নিলীলা চললো—আবার রাত্রি এল।
নিম্নের উপত্যকা ভূমির অতবড় হেমলক্ গাঁছের জঙ্গল
দাবানলে ও প্রস্তববর্ষণে সম্পূর্ণ নষ্ট হয়ে গেল। রাত্রিতে
আবার সেই ভীষণ সৌন্দর্য্য, কতদূর পর্যান্ত বন ও আকাশ,
কতনূরের দিগন্ত লাল হয়ে উঠেচে পর্বতের অগ্নিকটাতের
আগুনে—তথন পাথর পড়াটা একটু কেবল কমেচে। কিন্তু
সেই রাঙা আগুন ভরা বাম্পের মেঘ তখনও সেই রকমই দীপ্ত
হয়ে উঠেচে।

বাত তুপুরের পরে একটা বিরাট বিস্ফোরনের শব্দে ওদের ভক্রা ছুটে গেল—ওরা সভয়ে চেয়ে দেখলে জ্বলম্ভ পাহাড়ের চূড়ার মুগুটা উড়ে গিয়েচে—নীচের উপত্যকাতে ছাই, আগুন ও জ্বলস্ত পাথর ছড়িয়ে পড়ে অবশিষ্ট জঙ্গলটাকেও ঢাকা দিলে। আল্ভারেজ পাথরের ঘায়ে আহত হোল। ওদের তাঁবুর কাপড়ে আগুন ধরে গেল। পেছনের একটা উচু গাছের ডাল ভেঙ্গে পড়ল পাথরের চোট থেয়ে।

শক্ষর ভাবছিল—এই জনহীন আরণ্য অঞ্চলে এত বড় একটা প্রাকৃতিক বিপর্যায় যে ঘটে গেল, তা কেউ দেখতেও পেতো না, যদি তাঁরা না থাক্তো। সভ্য জগৎ জ্বানেও না, আফ্রিকার গহন অরণ্যের এ আগ্নেয়গিরির অস্তিত্ব। কেউ বল্লেও বিশ্বাস করবে না হয়তো।

সকালে বেশ স্পষ্ট দেখা গেল, মোমবাতি হাওয়ার মুখে জ্বলে গিয়ে যেমন মাথার দিকে অসমান খাঁজের স্পষ্টি করে, পাহাড়ের চূড়াটার তেমনি চেহারা হয়েচে। কুল্লী বরফটাতে ঠিক যেন কে আর একটা কামড় বসিয়েচে।

আল্ভারেজ ম্যাপ দেখে বল্লে—এটা আগ্নেয়গিরি বলে ম্যাপে দেওয়া নেই। সম্ভবতঃ বহু বৎসর পরে এই এর প্রথম অগ্ন্যুৎপাত। কিন্তু এর যে নাম ম্যাপে দেওয়া আছে, তা খ্ব অর্থপূর্ণ।

শঙ্কর বল্লে-কি নাম ?

আলভারেজ বল্লে—এর নাম লেখা আছে 'ওল্ডোনিও লেঙ্গাই'—প্রাচীন জূলু ভাষায় এর মানে 'অগ্নিদেবের শয্যা'। নামটা দেখে মনে হয়, এ অঞ্চলের প্রাচীন লোকদের কাছে এ পাহাড়ের আগ্নেয় প্রকৃতি অজ্ঞাত ছিল না। বোধহয় তারপর হু'একশো বছর কিংবা তার বেশীকাল এটা চুপচাপ ছিল।

ভারতবর্ষের ছেলে শঙ্করের তুই হাত আপনি আপনি প্রণামের ভঙ্গিতে ললাট স্পূর্শ করলে। প্রণাম, হে রুদ্রদেব, প্রণাম। আপনার তাণ্ডব দেখবার স্থাোগ দিয়েচেন, এজন্মে প্রণাম গ্রহণ করুন, হে দেবতা। আপনার এ রূপের কাছে শত হীরকখনি ভূচ্ছ হয়ে যায়, আমার সমস্ত কট্ট সার্থক হোল।



শয়

আগ্নেয় পর্ব্বতের অত কাছে বাস করা অলেভারেজ উচিত বিবেচনা করলে না। ওস্ডোনিও লেঙ্গাই পাহাড়ের ধুমায়িত শিখরদেশের সায়িধ্য পরিত্যাগ ক'রে, তারা আরও পশ্চিম গোঁসে চলতে লাগল। সেদিকের গহন অরণ্যে আগুনের আঁচটীও লাগেনি, বর্ধার জলে সে অরণ্য আরও নিবিড় হয়ে উঠেচে, ছোট ছোট গাছপালার ও লতাঝোপের সমাবেশে। ছোট বড় কত ঝরণাধারা ও পার্ব্বত্য-নদী বয়ে চলেচে—তাদের মধ্যে একটাও আলভারেজের পূর্ব্ব পরিচিত নয়।

এইবার এক জায়গায় ওরা এসে উপস্থিত হোল, যেখানে চারিদিকেই চ্ণাপাথর ও গ্রানাইটের ছোট বড় পাহাড় ও প্রত্যেক পাহাড়ের গায়েই নানা আকারের গুহা। স্থানটার প্রাকৃতিক দৃশ্য রিখ টারস্ভেল্ডের সাধারণ দৃশ্য থেকে একটু অন্যরকম। এখানে বন তত ঘন নয়, কিন্তু খুব বড় বড় গাছ চারিদিকে, আর যেখানে সেখানে পাহাড় ও গুহা।

একটা উঁচু ঢিবির মত গ্রানাইটের পাহাড়ের ওপর ওবা তাঁবু ফেলে রইল। এথানে এসে পর্য্যস্ত শঙ্করের মনে হয়েচে জায়গাটা ভাল নয়। কি একটা অস্বস্তি, মনের মধ্যে কি একটা আসন্ন বিপদের আশঙ্কা, তা সে না পারে ভাল ক'রে নিজে বুঝতে, না পারে আলভারেজকে বোঝাতে।

একদিন আলভারেজ বল্লে—সব মিথ্যে শঙ্কর, আমরা

এখনও বনের মধ্যে ঘুরচি। আজ সেই গাছটা আবার দেখেচি, সেই D. A. লেখা। অথচ ভোমার মনে আছে, আমরা যতদূর সম্ভব পশ্চিমদিক ঘেঁসেই চলেচি আজ্ঞ পনেরে। দিন। কি করে আমরা আবার সেই গাছের কাছে আসতে পারি ?

শঙ্কর বল্লে—তবে এখন কি উপায় ?

—উপায় আছে। আজ রাত্রে একটা বড় গাছের মাথায় উঠে নক্ষত্র দেখে দিক্নির্ণয় করতে হবে। তুমি তাঁবুতে থেকো।

শঙ্কর একটা কথা বুঝ্তে পারছিল না। ভারা যদি
চক্রাকারে ঘুরচে, তবে এই অনুচ্চ শৈলমালা ও গুহার দেশে
কি করে এল । এ অঞ্চলে তো কখনো আসে-নি বলেই
মনে হয়। আলভারেজ এর উত্তরে বল্লে, গাছটাতে নাম
খোদাই দেখে সে আর কখনো তার পূর্বের আসবার
চেপ্তা করে নি। পূর্ব্ব দিকে মাইল ছুই এলেই এই স্থানটাতেই
ভরা পৌছতো।

সে রাত্রে শঙ্কর এক। তাবুতে বসে বঙ্কিমচন্দ্রের 'রাজসিংহ' পডছিল। এই একখানাই বাংলা বই সে দেশ থেকে আসবার সময় সঙ্গে করে আনে, এবং বহুবার পড়লেও সময় পেলেই আবার পড়ে।

কতদূরে ভারতবর্ষ, তার মধ্যে চিতোর, মেওয়ার, মোগল-রাজপুতের বিবাদ! এই অজানা মহাদেশের অজানা মহা অরণ্যানীর মধ্যে বসে সে সব যেন অবাস্তব বলে মনে হয়। তাঁবুর বাইরে হঠাৎ যেন পায়ের শব্দ পাওয়া গেল।
শব্ধর প্রথমটা ভাবলে, আলভারেজ গাছ থেকে নেমে ফিরে
আসচে বােধ হয়—কিন্তু পরক্ষণেই তার মনে হোল, এ মায়ুষের
স্বাভাবিক পায়ের শব্দ নয়, কেউ ত্'পায়ে থলে জড়িয়ে খুঁড়িয়ে
খুঁজিয়ে মাটীতে পা ঘেঁসে ঘেঁসে টেনে টেনে চললে যেন
এমন ধরণের শব্দ হওয়া সন্তব। আলভারেজের উইনচেটার
রিপিটারটা হাতের কাছেই ছিল, ও সেটা তাঁবুর দরজার দিকে
বাগিয়ে বসলো। বাইরে পদশব্দটা একবার থেমে গেল—
পরেই আবার তাঁবুর দক্ষিণ পাশ থেকে বাঁদিকে এল। একটা
কোনো বড় প্রাণীর যেন ঘন ঘন নিঃশ্বাসের শব্দ পাওয়া গেল—
ঠিক যেমন পর্বতে পার হবার সময় এক রাত্রে ঘটেছিল, ঠিক
এই রকমই। শক্ষর একটু ভয় থেয়ে সংযম হারিয়ে ফেলে
রাইফেল ছুঁড়ে বসলো। একবার…ত্ব'বার—

সঙ্গে সঙ্গে মিনিট ছই পরে দূরের গাছের মাথা থেকে প্রভ্যুত্তরে ছু'বার রিভলভারের আওয়াজ পাওয়া গেল। আলভারেজ মনে ভেবেচে, শঙ্করের কোনো বিপদ উপস্থিত, নজুবা রাত্রে খামোকা বন্দুক ছুঁড়বে কেন? বোধ হয় সে ভাড়াভাড়ি নেমেই আসচে।

এদিকে চারিদিক থেকে বন্দুকের আওয়াজে জানোয়ারটা বোধ হয় পালিয়েচে, আর তার সাড়াশব্দ নেই। শব্ধর টর্চ্চ জেলে তাঁবুর বাইরে এসে ভাবলে, আলভারেজকে সম্বেডে গাছ থেকে নামতে বারণ করবে, এমন সময় কিছুদুরে বনের মধ্যে হঠাৎ আবার হ'বার পিস্তলের আওয়াজ এবং সেই সঙ্গে একটা অস্পষ্ট চীৎকার শুনতে পাওয়া গেল।

শক্ষর পিস্তলের আওয়াজ লক্ষ্য করে ছুটে গেল। কিছুদ্রে গিয়েই দেখলে বনের মধ্যে একটা বড় গাছের তলায় আলভারেজ শুয়ে। টর্চেচর আলোয় তাকে দেখে শঙ্কর শিউরে উঠল ভয়ে বিশ্বয়ে—ভার সর্বশরীর রক্তমাখা, মাথাটা বাকী শরীরের সঙ্গে একটা অস্বাভাবিক কোণের সৃষ্টি করেচে, গায়ের কোটটা ছিন্নভিন্ন।

শঙ্কর তাড়াতাড়ি ওর পাশে গিয়ে বসে ওর মাথাটা নিজের কোলে তুলে নিলে। ডাকলে—আলভারেজ! আলভারেজ!

আলভাবেজের সাড়া নেই। তার ঠোঁট ছটো একবার যেন নড়ে উঠ্ল, কি যেন বলতে গেল, সে শঙ্করের দিকে চেয়েই আছে, অথচ সে চোখে যেন দৃষ্টি নেই; অথবা কেমন যেন নিম্পৃহ, উদাস দৃষ্টি।

শঙ্কর ওকে বহন করে ভাবুতে নিয়ে এল। মুখে জল দিল, ভারপর গায়ের কোটটা খুলতে গিয়ে দেখে, গলার নীচে কাঁথের দিকে খানিকটা জায়গার মাংস কে যেন ছিঁড়ে নিয়েচে। সারা পিঠটার সেই অবস্থা। কোন এক অসাধারণ বলশালী জন্তু ভীক্ষধার নখে বা দন্তে পিঠখানা চিরে ফালা ফালা করেচে।

পাশেই নরম মাটীতে কোনো জন্তুর পায়ের দাগ— তিনটা মাত্র আঙ্গুল সে পায়ে। সারারাত্রি সেই ভাবেই কাট্ল, আলভারেজের সাড়া নেই, সংজ্ঞা নেই। সকাল হবার সঙ্গে হঠাৎ যেন তার চেতনা ফিরে এল। শঙ্করের দিকে বিশ্বয়ের ও অচেনার দৃষ্টিতে চেয়ে দেখলে, যেন এর আগে সে কখনো শঙ্করকে দেখেনি। তারপর আবার চোখ বুঁজল। তুপুরের পর খুব সম্ভবতঃ নিজের মাতৃভাষায় কি সব বকতে সুরু করল, শঙ্করে এক বর্ণও বুঝতে পারলে না। বৈকালের দিকে সে হঠাৎ শঙ্করের দিকে চাইলে। চাইবার সঙ্গে শঙ্করের মনে হোল, সে ওকে চিনতে পেরেচে। এইবার ইংরাজীতে বল্লে—শঙ্কর! এখনও বসে আছ? তাঁবু ওঠাও—চল যাই—তারপর অপ্রকৃতিন্তের মত নির্দেশহীন ভঙ্গিতে হাত তুলে বল্লে—রাজার ঐশ্বর্য্য লুকোনো রয়েচে ঐ পাহাড়ের গুহার মধ্যে—তুমি দেখতে পাচ্চ না—আমি দেখতে পাচ্চ। চল আমরা যাই—তাঁবু ওঠাও—দেরী কোরো না।

এই আলভারেজের শেষ কথা।

* * * *

তারপর কতক্ষণ শঙ্কর স্তব্ধ হয়ে বসে রইল। সন্ধ্যা হোল, একটু একটু করে সমগ্র বনানী ঘন অন্ধকারে ডুবে গেল।

শন্ধরের তখন চমক ভাঙ্ল। সে তাড়াতাড়ি উঠে আগে আগুন জাললে, তারপর ছটো রাইফেলে টোটা ভরে, তাঁবুর দোরের দিকে বন্দুকের নল বাগিয়ে, আলভারেজের মৃতদেহের পাশে একখানা সতরঞ্চির ওপর বসে রইল।

তারপর সে রাত্রে আবার নামলো তেমনি ভীষণ বর্ষা।
তাঁবুর কাপড় ফুঁড়ে জল পড়ে জিনিসপত্র ভিজে গেল। শঙ্কর
তথন কিন্তু এমন হয়ে গিয়েচে যে, তার কোন দিকে দৃষ্টি নেই।
এই ক'মাসে সে আলভারেজকে সত্যিই ভালবেসেছিল, তার
নির্ভীকতা, তার সঙ্কল্পে অটলতা, তার পরিপ্রাম করবার অসাধারণ
শক্তি, তার বীরত্ব—শঙ্করকে মুগ্ধ করেছিল। সে আলভারেজকে
নিজের পিতার মত ভালবাসতো। আলভারেজও তাকে তেমনি
স্লেহের চোখেও দেখতো।

কিন্তু এ সব চেয়েও শঙ্করের মনে হচ্ছে বেশী যে, আলভারেজ মারা গেল শেযকালে সেই অজ্ঞাত জানোয়ারটারই হাতে। ঠিক জিম কার্টারের মতই।

রাত্রি গভীর হওয়ার সঙ্গে সঙ্গে ক্রমে তার মন ভয়ে আকুল হয়ে উঠ্ল। সম্মুখে ভীষণ অজানা মৃত্যুদূত—ঘোর রহস্তময় তাব অস্তিত্ব। কখন সে আসবে, কখন বা যাবে, কেউ তার সন্ধান দিতে পারবে না। ঘুমে চুলে না পড়ে, শঙ্কর মনের বলে জেগে বসে রইল সারা রাত।

ওঃ, সে কি ভীষণ রাত্রি! যতদিন বেঁচে থাকবে, ততদিন এ রাত্রির কথা সে ভুলবে না। গাছে গাছে, ডালে ডালে, হাজার ধারায় বৃষ্টি পতনের শব্দ ও একটানা ঝড়ের শব্দে অরণ্যানীর অহ্য সকল নৈশ শব্দকে আজ ডুবিয়ে দিয়েচে, পাহাড়ের ওপর বড় গাছ মড় মড় করে ভেঙে পড়চে। এই ভয়ন্ধর রাত্রিতে সে একা এই ভীষণ অরণ্যানীর মধ্যে! কালো গাছের গুড়িগুলো যেন প্রেতের মত দেখাচে, অত বড় বৃষ্টিতেও জোনাকীর ঝাঁক জল্চে। সম্মুখে বন্ধুর মৃতদেহ। ভয় পেলে চলবে না। সাহস আনতেই হবে মনে, নতুবা ভয়েই সে মারা যাবে। সাহস আনবার প্রাণপণ চেষ্টায় সে রাইফেল ছটীর দিকে মনোযোগ নিবদ্ধ করলে। একটা উইনচেষ্টার, অপরটী ম্যান্লিকার—ছটোরই ম্যাগাজিনে টোটা ভর্তি। এমন কোনো শরীর ধারী জীব নেই, যে এই ছুই শক্তিশালী অতি ভ্য়ানক মারণাস্ত্রকে উপেক্ষা করে আজ রাত্রে অক্ষতদেহে তাবুতে চুকতে পারে।

ভয় ও বিপদ মান্নুযকে সাহসী করে। শহুর সারারাত সজাগ পাহারা দিল। পরদিন সকালে আলভারেজের মৃতদেহ সে একটা বড় গাছের তলায় সমাধিস্থ করলে এবং ছু'খানা গাছের ডাল ক্রুশের আকারে শক্ত লতা দিয়ে বেঁধে সমাধির ওপর তা পুঁতে দিলে।

আলভারেজের কাগজপত্রের মধ্যে ওপটো খনি বিভালয়েব একটা ডিপ্লোমা ছিল ওর নামে। তাদের শেষ পরীক্ষায় আলভারেজ সসম্মানে উত্তীর্ণ হয়েচে। ওর কথাবার্তায় অনেক সময়ই শঙ্করের সন্দেহ হোত যে, সে নিতাস্ত মূর্য, ভাগ্যাম্বেণী, ভব্যুরে নয়।

লোকালয় থেকে বহুদূরে এই জনহীন, গহন অরণ্যে ক্লান্ত আলভারেজের রত্নান্ত্সন্ধান শেষ হোল। তার মত লোকের। রত্নের কাঙাল নয়, বিপদের নেশায় পথে পথে ঘুরে বেড়ানোই তাদের জীবনের পরম আনন্দ, কুবেরের ভাণ্ডারও তাকে এক জায়গায় চিরকাল আটুকে রাখতে পারতো না।

ত্বঃসাহসিক ভবঘুরের উপযুক্ত সমাধি বটে। অরণ্যের



বনস্পতিদল ছায়া দেবে সমাধির ওপর। সিংহ, গরিলা, হায়েনা সজাগ রাত্রি যাপন করবে, আর সবারই ওপরে, সবাইকে ছাপিয়ে বিশাল রিখ্টারস্ভেল্ড পর্বতমালা অদূরে দাঁড়িয়ে মেঘলোকে মাথা তুলে খাড়া পাহারা রাখবে চিরযুগ।

मळ

সে দিন সে রাত্রিও কেটে গেল। শঙ্কর এখন তুঃসাহসে
মরীয়া হয়ে উঠেচে। যদি তাকে প্রাণ নিয়ে এ ভীষণ অরণ্য
থেকে উদ্ধার পেতে হয়, তবে তাকে ভয় পেলে চলবে না।
তু'দিন সে কোথাও না গিয়ে তাঁবুতে বসে মন স্থির করে ভাববার
চেষ্টা করলে, সে এখন কি করবে। হঠাৎ তার মনে হোল,
আল্ভারেজের সেই কথাটা— সল্স্বেরি…এখান থেকে প্বদক্ষিণ কোণে আন্দাজ ছশো মাইল…

সল্স্বেরি। --- দক্ষিণ রোডেশিয়ার রাজধানী সল্স্বেরি।

যে করে হোক, পৌছুতেই হবে তাকে সল্স্বেরিতে। সে

এখনও অনেকদিন বাঁচবে, তার জন্মকোষ্ঠীতে লেখা আছে।

এ জায়গায় বেঘারে সে মরবে না।

* * * *

শঙ্কর ম্যাপগুলো খুব ভালো করে দেখলে। পটু গিজ গবর্ণমেন্টের ফরেষ্ট সার্ভের ম্যাপ, ১৮৭০ সালের রয়েল মেরিন্ সার্ভের তৈরী উপকৃলের ম্যাপ, ভ্রমণকারী স্থার ফিলিপো ডি ফিলিপির ম্যাপ, এ বাদে আলভারেজের হাতে আঁকা ও জিম্ কার্টারের সইযুক্ত একখানা জীর্ণ, বিবর্ণ খসড়া নক্সা। আলভারেজ বেঁচে থাকতে সে এই সব ম্যাপ বৃষ্ণতে একবারও ভাল করে চেষ্টা করেনি, এখন এদের বোঝার ওপর তায় জীবন মরণ নির্ভর করচে। সল্স্বেরির সোজা রাস্তা বার করতে হবে। এ স্থান থেকে তার অবস্থিতি বিন্দুর দিক্ নির্ণয় করতে হবে, রিখ্টারস্ভেন্ড অরণ্যের এ গোলোক ধাঁধা থেকে তাকে উদ্ধার পেতে হনে—সবই এই ম্যাপগুলির সাহায্যে।

অনেক দেখবার শুনবার পরে ও বুঝতে পারলে এই অরণ্য ও পর্বতমালার সম্বন্ধে কোনো ম্যাপেই বিশেষ কিছুই দেওয়া নেই—এক আল্ভারেজের ও জিম্ কার্টারের খস্ডা ম্যাপখানা ছাড়া। তাও এত সংক্ষিপ্ত এবং তাতে এত সাঙ্কেতিক ও গুপুচিহ্ন ব্যবহার করা হয়েচে যে, শঙ্করের পক্ষেতা প্রায় ছর্ম্বোধ্য। কারণ এদের সব সময়েই ভয় ছিল যে ম্যাপ অপরের হাতে পড়লে, পাছে আর কেউ এসে ওদের ধনে ভাগ বসায়।

চতুর্থ দিন শঙ্কর সে স্থান ত্যাগ করে আন্দান্ত মত পৃবদিকে রওনা কোল। যাবার আগে কিছু বনের ফুলের মালা গেঁথে আল্ভাবেজের সমাধির ওপর অর্পণ করলে।

'বৃশ্ ক্র্যাফ ট্' বলে একটা জিনিষ আছে। স্থবিস্তীর্ণ, বিজ্ञন, গহন অরণ্যানীর মধ্যে ভ্রমণ করবার সময়ে এ বিজ্ঞা জানা না থাকলে বিপদ অবশ্যস্তাবী। আলভারেজের সঙ্গে এতদিন ঘোবাঘুরি করার ফলে, শঙ্কর কিছু কিছু 'বৃশ্ ক্র্যাফ ট্' শিখে নিয়েছিল, তব্ও তার মনে সন্দেহ হোল যে, এই বন একা পাড়ি দেবার যোগ্যতা সে কি অর্জ্ঞন করেতে? শুধু

ভাগ্যের ওপর নির্ভর ক'রে তাকে চলতে হবে, ভাগ্য ভাল হয় বন পার হতে পারে, ভাগ্য প্রসন্ন না হয়—মৃত্যু।

ছুটো তিনটে ছোট পাহাড় সে পার হয়ে চলল। বন কথনো গভীর, কথনো পাতলা। কিন্তু বৃহৎ বৃহৎ বনস্পতির আর শেষ নেই। শঙ্করের জানা ছিল যে, দীর্ঘ এলিফ্যাণ্ট্ ঘাসের জঙ্গল এলে বৃষতে হবে যে বনের প্রান্তসীমায় পৌছানো গিয়েচে। কারণ গভীর জঙ্গলে কথনো এলিফ্যাণ্ট্ বা টুসক্ ঘাস জন্মায় না। কিন্তু এলিফ্যাণ্ট্ ঘাসের চিহ্ন নেই কোনোদিকে—শুধুই বনস্পতি আর নীচু বনঝোপ।

প্রথম দিন শেষ হোল এক নিবিড়তর অরণ্যের মধ্যে।
শঙ্কর জিনিসপত্র প্রায় সবই ফেলে দিয়ে এসেছিল, কেবল
আলভারেজের ম্যান্লিকার রাইফেলটা, অনেকগুলো টোটা,
জ্বলের বোতল, টর্চ্চ, ম্যাপগুলো, কম্পাস, ঘড়ি, একখানা
কম্বল ও সামাস্ত কিছু ঔষধ সঙ্গে নিয়েছিল—আর নিয়েছিল
একটা দড়ির দোল্না। তাঁবুটা যদিও খুব হাল্কা ছিল, কিন্তু তা
দেবয়ে আনা অসম্ভব বিবেচনায় ফেলেই এসেচে।

হুটো গাছের ডালে মাটী থেকে অনেকটা উচুতে সে দড়ির দোল্না টাঙালে এবং হিংস্র জন্তুর ভয়ে গাছতলায় আগুন জালালে। দোলনায় শুয়ে বন্দুক হাতে জেগে রইল কারণ ঘুম অসম্ভব। একে ভয়ানক মশা, তার ওপর সন্ধ্যার পর থেকে গাছতলার কিছুদূর দিয়ে একটা চিতাবাঘ যাতায়াত স্থুক করলে। গভীর অন্ধকারে তার চোখ জ্বলে যেন হুটো আগুনের, ভাঁটা, শঙ্কর টর্কের আলো ফেলে, পালিয়ে যায়, আবার আবঘটা পরে ঠিক সেইখানে দাড়িয়ে ওর দিকে চেয়ে থাকে। শঙ্কবেৰ ভয় হোল, ঘুমিয়ে পড়লে হয়তো বা লাফ দিয়ে দোল্নায় উঠে আক্রমণ ক বে। চিতাবাঘ অতি ধুর্ত্ত জ্যনোয়ার। কাজেই সারারাত্রি শঙ্কর চোথের পাতা বোজাতে পাবলে না। তার ওপব চারিধাবে নানা বহা-জন্তর রব। একবার একট্ট ভন্দা এসেছিল, হঠাৎ কাছেই কোথাও একদল বালকবালিকার থিল্থিল হাসিব রবে তন্ত্রা ছুটে গিয়ে ও চনকে জেগে উঠ্ল। তেলেমেয়ের। হাসে কোথায় ? এই জন্মান্বহীন অরণ্যে বালক্বালিকাদের যাতায়াত ক্রা বা এত রাত্রে হাসা উচিত নধ তো গ পরক্ষণেই তার মনে পড়ল একজাতীয় বেবুনেৰ ডাক ঠিক ছেলেপুলেৰ হাসিব মত শোনায়, আলভারেজ একর'ব গল্প কবেছিল। প্রভাতে সে গ্রুত থেকে নেমে রওনা গোল। বৈমানিকের। বাকে বংলন ুলাহং ব্লাইণ্ড্'—সে সেহভাবে বনের মধ্য দিয়ে চলেতে, সম্পর্ভাগোর ওপর নিভর করে, তু চোধ বুঁজে। এই তুদিন চেটে সে সম্পূর্ণভাবে দিক্লাও হরে পড়েচে—আন তার উত্তব দক্ষিণ পূব পশ্চিম জ্ঞান নেই। সে বুঝালে কোনো মহারণ্যে দিক ঠিক রেখে চলা কি ভীষণ কঠিন ব্যাপার। তোমান চাৰিপাশে সব সময়েই গাছেৰ গুঁড়ি, অগণিত, অজস্ৰ, তাৰ লেখাজোখা নেই। তেমার মাথান ওপন সব সময় ভালপাল্য লভাপাভায় চল্রাভপ । নক্ষত্র, চন্দ্র, স্থা দৃষ্টিগোচর হয় না পূর্য্যের আলোও কম. সব সময়েই যেন গোধূলি। ক্রোশেব পর ক্রোশ যাও, ঐ একই ব্যাপার। এদিকে কম্পাস অকেছো, কি কবে দিক ঠিক রাখা যায় ?

* * * *

পঞ্চম দিনে একচা পাহাড়ের তলায় এসে সে বিশ্লামের জন্মে থানল। কাছেই একটা প্রকাণ্ড গুহার মুখ, একটা ক্ষীণ জলপ্রোত গুহার ভেতর থেকে বেবিয়ে বনের মধ্যে এঁকে নেকৈ অদৃশ্য হয়েচে।

অত বড় গুছা কখনো না দেখাব দরুণ, একটা কৌতৃছলেব বশবলী ছয়েই সে জিনিষপত্র বাইবে বেখে গুছাব সংধা চুক্লো। গুছাব মুখে খানিকটা আলো—ভেছবে বছ অন্ধকাব, টচ্চ জেলে সম্পানে অগমর হয়ে, সে ক্রেমণঃ এমন এক জাযগায় এসে পৌছলো, যেখানে ডাইনে বাঁয়ে আর ছটো মুখ। ওপাবব দিকে টচ্চ উঠিয়ে দেখলে, ভাদটা অনেকটা উচ্চ। সাদা শভ্ মুনেব মত ক্যালসিয়াম কার্কোনেটের সক্র মোটা কৃবি ভাদ থেকে বাছে লগনেব মত কুলচে।

গুলার দেওয়ালগুলো ভিজে, গা বেয়ে অনেক জায়গয় জল খুব ক্ষীণনাবায় কবে পড়চে। শঙ্কর ডাইনের গুলায় চুকলো, সেটা চুকবার সময় সরু, কিন্তু ক্রমশঃ প্রশস্ত গয়ে গিয়েচে। পায়ে পাথব নয়, ভিজে মাটী। টর্চেচব আলোয় ওর মনে গোল, গুলাটা ত্রিভুজাকৃতি। ত্রিভূজেব ভূমির এক কোণে আর একট। গুহামুখ। সেটা দিয়ে ঢুকে শঙ্কর দেখলে সে যেন ছ্ধারে পাথরের উচু দেওয়াল-ওয়ালা একটা সংকীর্ণ গলির মধ্যে এসেচে। গলিটা আঁক। বাঁকা, একবার ডাইনে একবার বাঁয়ে সাপেব মত এঁকে বেঁকে চলেচে—শঙ্কর অনেক দূব চলে গেল গলিটা ধরে।

ঘণ্ট। তৃই এতে কাট্লো। তারপর সে ভাবলে, এবার ফেরা যাক্। কিন্তু ফিরতে গিয়ে সে আব কিছুতেই সেই ত্রিভুজাকৃতি গুলাটা খুঁজে পেল না। কেন, এই তো সেই গুলা থেকেই এই সক গুলাটা বেরিয়েচে, সক গুলা তো শেষ হয়েই গেল — তবে সে ত্রিভুজ গুলা কৈ ?

অনেকক্ষণ থোজাখুঁজির পরে শঙ্কবের হঠাং কেমন আতত্ত উপস্থিত হোল। সে গুহার মধ্যে পথ হারিয়ে কেলেনি তো স সর্বনাশ।

সে বসে আত্ত্ব দূর করবার চেষ্টা করলে, ভাবলৈ—না, ভয় পেলে তাব চলবে না। স্থির বৃদ্ধি ভিন্ন এ বিপদ থেকে উদ্ধারের উপায় নেই। মনে পড়ল, আলভারেজ তাকে বলে দিয়েছিল, অপবিচিত স্থানে বেশীদূর অগ্রসর হবার সময়ে পথের পাশে সেযেন কোন চিহ্ন বেথে যায়, যাতে আবাব সেই চিহ্ন ধবে ফিবতে পারে। এ উপদেশ সে ভুলে গিয়েছিল। এখন উপায় ?

টর্চেব আলো ছালতে তার আর ভরদা হচ্ছে না। যদি ব্যাটারি ফুরিয়ে যায়, তবে নিকপায়। গুহার মধ্যে অরুকার স্চীভেগ্ন। সেই তুর্ণিবীক্ষ্য অন্ধকাবে এক পা অগ্রসব হওযা অসম্ভব। পথ খুঁজে বাব কবা তো দুবেব কথা।

সাবাদিন কেটে গেল— ঘডিতে সন্ধ্যা সাতটা। এদিকে টচের আলো বাঙা হযে আসচে ক্রমশঃ। ভীষণ গুমট গ্রম গুহাব মধ্যে তা' ছাডা পানীয় জল নেই। পাথবেব দেওযাল বেয়ে যে জল চুঁযে পড়চে, তা' আস্বাদ ক্ষা, ক্ষাব, ইয়ৎ লোনা। ভাব পরিমাণভ বেশী নয়। জিব দিয়ে চেটে খেতে হয় দেওযালেব গা থেকে।

বাইবে অন্ধকাৰ হয়েছে নিশ্চয়ই, সাজে সাভটা বাজ্লো।
আটটা, নটা, দশটা। তখনও শহ্বৰ পথ হাতভাচেছে। টাৰ্চেৰ
পুৰোণো ব্যাটাৰি জলচে সমানে বেলা তিনটে থেকে. এইবাৰ
সে এত ক্ষীণ হয়ে এসেচে যে, শহ্বৰ ভয়ে আৰও উন্নাদেৰ
মত হয়ে উঠল। এই আলো যতক্ষণ, তাৰ প্রাণেৰ ভবসাও
ততক্ষণ—নতুবা এ বৌৰৰ নৰকেৰ মত মতা অন্ধকাৰে পথ
খুঁজে পাৰাৰ কোনো সাশা নেই—স্বয়ণ আলভাবেজভ পাৰতোনা।

টর্চ্চ নিবিষে, ও চুপ করে একখান। পাথবের ওপর বসে বইল। এ থেকে উদ্ধাব পাওয়। যেতেও পাবতো, যদি আলো থাকতো—কিন্তু অন্ধকারে সে কি করে এখন একবার ভারীল, বাভিটা কাটুক না, দেখা যাবে এখন। প্রকাশেই মনে হোল—ভাতে আরু কি স্থবিধে হরে স্ এখানে দিন বাভি সমান।

অন্ধকারেই সে দেওয়াল ধরে ধরে চলতে লাগলো। হায়, হায়, কেন গুহায় ঢুকবার সময় হুটো নতুন ব্যাটারি সঙ্গে নেয় নি! হাস্ততঃ একটা দেশলাই।

যড়ি হিসেবে সকাল হোল। গুহার চির অন্ধকারে আলো জনলো না। ক্ষ্যা-ভৃষ্ণায় শরীর গ্রসন্ন হয়ে হাসচে ওর। বোধ হয়, এই গুহার অন্ধকারে ওর সমাধি মদৃষ্টে লেখা আছে, দিনের আলো আর দেখতে হবে না। আলভারেজের বলি গ্রহণ করে আফ্রিকার রক্তক্ত্রা মেটেনি, ভাকেও চাই।

তিন দিন তিন রাত্রি কেটে গেল। শদ্ধর জুতোব স্বক্তোলা চিবিয়ে পেয়েচে, একটা আরম্ভলা কি ইছর, কি কাকড়াবিছে—কোনো জীব নেই গুহার মধ্যে যে ধের বায়। মাথা ক্রমণঃ অপ্রকৃতিন্ত হয়ে আসচে, তার জ্ঞান নেই সে কি করচে বা তার কি ঘট্চে—কেবল এইটুকু মাত্র জ্ঞান রয়েচে যে, তাকে এ গুহা থেকে যে করে হোক বেরুতেই হবে, দিনের আলোর মুখ দেখতেই হবে। তাই সে অবসন্ধ নিজ্জীব দেহেও অন্ধকারে হাতড়ে হাতড়েই বেড়ান্ডে, হয়ত মরণের পুরুব মুহুত্ত পায়ন্ত ওইরক্ষাই হাতড়াবে।

একবার সে গবসন্ন দেকে ঘুমিয়ে পড়লো। কতকণ পরে সে জেগে উঠল, তা সে জানে না; দিন, রাত্রি, ঘন্টা, ঘি, দণ্ড, পল মুছে গিয়েচে এই ঘোর সন্ধকারে। হয়তো বা তার চোথ দৃষ্টিহীন হয়ে পড়েচে, কে জানে গ

যুমুবার পরে সে যেন একটু বল পেল। আবার উঠল,

আবার চল্ল, আলভারেজের শিষ্য সে, নিশ্চেষ্ট ভাবে হাত পা কোলে করে বসে কখনই মরবে না।...সে পথ খুঁজ্বে, খুঁজ্বে, যতক্ষণ বেঁচে আছে।

আশ্চর্য্য, দে নদীটাই বা কোথায় গেল দু ... গুহার মধো গোলোকধাঁ ধাঁয় ঘুরবার সময়ে জলধারাকে সে কোথায় হারিয়ে ফেলেচে। নদী দেখতে পেলে হয় তো উদ্ধার পাওয়াও যেতে পারে, কারণ তার এক মুখ যেদিকেই থাক্, একটা মুখ আছে গুহার বাইরে। কিন্তু নদী তো দূরের কথা, একটা অতি ক্ষীণ জলধারার সঙ্গেও আজ তিন দিন পবিচয় নেই! জল অভাবে শঙ্কর মরতে বসেচে, কষা, লোনা, বিশ্বাদ জল চেটে চেটে তাব জিব ফুলে উঠেচে, তৃঞা তাতে বেড়েচে

পাথরের দেওয়াল হাতড়ে শঙ্কর খুঁজতে লাগলো, ভিজে দেওয়ালের গায়ে কোথাও শেওলা জন্মেছে কি না—থেয়ে প্রাণ বাঁচাবে। না তাও নেই! পাথরের দেওয়াল সর্বত্ত অনারত—মাঝে মাঝে ক্যালসিয়ম কার্বেবানেটের পাতলা সর পড়েচে, একটা ব্যান্তের ছাতা, কি শেওলাজাতীয় উদ্ভিদও নেই। সূর্য্যের আলোর অভাবে উদ্ভিদ এখানে বাঁচতে পারে না।

আরও একদিন কেটে রাত এল। এত বোরাত্মরি করেও কিছু স্থবিধে হচেচ বলে তো বোধ হয় না। ওর মনে হতাশা ঘনিয়ে এসেচে। আরও সে কি চলবে, কতক্ষণ চলবে? এতে কোন ফল নেই, এ চলার শেষ নেই। কোথায় সে চলেচে এই গাঢ় নিক্ষক্ষ শক্ষকারে, এই ভয়ানক নিস্তর্নতার মধ্যে! উঃ কি ভয়ানক অক্ষকার. আর কি ভয়ানক নিস্তর্নতা! পৃথিবী যেন মরে গিয়েচে, স্ষ্টিশেষের প্রলয়ে সোমস্থ্য নিবে গিয়েচে, সেই মৃত পৃথিবাৰ জনহান, শক্ষান, সময়গান, শুশানে সেই একমাত্র প্রাণী বেঁচে আছে।

আর বেশীক্ষণ এ-বকম থাকলে সে ঠিক পাগল হয়ে যাবে।



এগারো

শহর একটু ঘুমিয়ে পড়েছিল বোধ হয়, কিন্তা হয়তো অজ্ঞান হয়েই পড়ে থাকবে। মোটের ওপর যখন আবার জ্ঞান ফিরে এল, তখন ঘড়িতে বারোটা—সম্ভবতঃ রাত বাবোটাই হবে। ও উঠে আবার চলতে স্কুব্ধ করলে। এক জারগায় তার সামনে একটা পাথরের দেওয়াল পড়লো—তার রাস্তা যেন আটুকে বেখেচে। টর্চের বাঙা আলো একটিবার মাত্র জ্ঞালিয়ে সে দেখলে, যে দেওয়াল ধরে সে এভক্ষণ যাচ্ছিল, তারই সঙ্গে সমকোণ করে এ দেওয়ালটা আড়াআড়ি ভাবে তার পথ রোধ করে দাঁড়িয়ে।

হঠাৎ সে কাণখাড়া করলে... অন্ধকারের মধ্যে কোথায় দেন ক্ষীণ জলের শব্দ পাওয়া যাচ্ছে না ?....

হা... ঠিক জলের শক্ষ বটে....কুলু কুলু, কুলু কুলু; অবণ।
ধারার শক্ষ—থেন পাথরের ফুড়ির ওপর দিয়ে মাঝে মাঝে কেপে
জ্বল বইচে কোথাও। ভাল করে শুনে ওর মনে হোল, জলেব
শক্ষটা হচেচ এই পাথরের দেওয়ালের ওপারে। দেওয়ালে
কান পেতে শুনে ওর ধারণা আরও বদ্ধমূল হোল।
দেওয়াল ফুঁড়ে যাবার উপযুক্ত ফাঁক আছে কিনা, টর্চের
রাঙা আলোয় অনুসন্ধান করতে করতে এক জায়গায় খুব নীচ্
ও সংকীর্ণ প্রাকৃতিক রন্ধ দেখতে পেলে। সেখান দিয়ে

ভামাগুড়ি দিয়ে অনেকটা গিয়ে হাতে জল ঠেক্লো। সম্পূৰ্ণে ওপরের দিকে হাত দিয়ে বুঝ্লো, দেখানেটাতে দাঁড়ানো যেতে পারে। দাঁড়িয়ে ওঠে ঘন অন্ধকারের মধ্যে কয়েক পা যেতেই, স্রোতযুক্ত বরফেব মত ঠাণা জলে পায়ের পাতা দুবে গেল।....

ঘন অন্ধকারের মধ্যেই নীচু হয়ে, ও প্রাণ ভবে ঠাণ্ড। জল পান করে নিলে। তারপর উর্চের ক্ষীণ আলোয় জলের স্রোভের গতি লক্ষ্য করলে। এ ধরণেব নিঝারের স্রোভের উজ্ঞান দিকে গুহার মুখ সাধারণতঃ হয় না। উর্চ্চ নিবিয়ে সেই মহা নিবিজ্ হন্দকারে পায়ে পায়ে জলেব ধারা অন্তভব করছে করতে অনেকক্ষণ ধরে চললো। নিঝার চলেচে একে বেঁকে, কখনভ ডাইনে, কখনও বায়ে। একজায়গায় যেন সেটা তিন চাবটে ছোট বড় ধারায় বিভক্ত হয়ে গিয়ে এদিক ভাদিক চলে গিয়েচে, ওর মনে হোল।

সেখানে এসে সে দিশাহার। হয়ে পড়ল। টর্চচ জ্বেলে দেখলে স্রোত নানামুখী। আলভারেজের কথা মনে পড়লো, পথে চিহ্ন রেখে না গেলে, এখানে এবার গোল পাকিয়ে যাবার সম্ভাবনা।

নীচু হয়ে চিহ্ন রেখে যাওয়ার উপযোগী কিছু খুঁজতে গিয়ে দেখলে, স্বচ্ছ, নিশ্মল জলধারার এপাবে ওপারে জ্পারেই একধরণের পাথরের মুড়ি বিস্তর পড়ে আছে। সেই ধরণের পাথরের মুড়ির ওপর দিয়েও প্রধান জলধারা বয়ে চলেচে। অনেকগুলো মুড়ি পকেটে নিয়ে, সে প্রত্যেক শাখাটা শেষ পর্যান্ত পরীক্ষা করবে ভেবে, ফুটো মুড়ি ধারাব পাশে রাখতে রাখতে গেল। একটা স্রোভ থেকে থানিকদূব পিয়ে আবাব অনেকগুলো ফেক্ডি বেরিয়েচে। প্রত্যেক সংযোগস্তলে ও মুড়ি সাজিয়ে একটা 'S' হাক্ষর তৈরী করে রাখলে।

অনেকগুলো স্রোভশাখা আবাব ঘুরে শহ্বর যেদিক থেকে এসেছিল, সেদিকেই যেন ঘুরে গেল। পথে চিহ্ন না বেখে গিয়েই শহ্বরে মাথা গোলমাল হয়ে যাবার যোগাড় হোল। একবার শহ্বরে পায়ে খুব সাণ্ডা কি ঠেকতেই, সে আলো জ্বেলে দেখলে, জলের ধারে এক প্রকাণ্ডকায় অজগর পাইথন কুণ্ডলী পাকিয়ে আছে। পাইথন ওব স্পর্শে আলস্তা পবিত্যাগ কবে মাথাটা উঠিয়ে কভিব দানাব মত চোখে চাইতেই টর্চেব আলোয় দিশাহার। হয়ে গেল—নতুবা শহ্বরে প্রাণ সংশয় হয়ে উঠতো। শহ্বর জানে গজগব সর্প অতি ভয়ানক জন্ত— বাঘ সিংহের মুখ থেকেও হয়তো পরিত্রাণ পাওয়া যেতে পাবে, অজগর সর্পের, নাগপাশ থেকে উদ্ধার পাওয়া অসপ্তব। একটীবার লেজ ছুঁড়ে পা জড়িয়ে ধরলে আর দেখতে হোত না।

এবার অন্ধকারে চলতে ওব ভয়ানক ভয় করছিল। কি জানি, আবার কোথায় কোন্ পাইথন সাপ কুণ্ডলী পাকিফে আছে! ছুটো তিনটা সোতশাখা পরীক্ষা করে দেখবার প্রে ও তার কুত চিক্তের সাহায়ো পুনরায় সংযোগ স্থলে ফিরে এল। প্রধান সংযোগ স্থলে ও মুডি দিয়ে একট। জুশচিক্ কবে বেখে গিয়েছিল। এবাব ওবই মধ্যে যেটাকে প্রধান বলে মনে হোল, সেটা ধবে চলতে গিয়ে দেখলে সেও সোজামুখে যায় নি। ভাষত নানা ফেক্ডি বেবিয়েচে, কিছুদূব গিয়েই। এক এক জায়গায় গুহাব ছাদ এত নীচু হয়ে নেমে এসেচে যে কঁজো হয়ে, কোখাও বা মাজা তুমডে, অশীতিপ্রব বৃদ্ধের ভঙ্গিতে চলতে হয়।

হঠাৎ একজাযগায় টর্চ জেলে সেই অতি কীণ মালোতেও শঙ্কব ব্বাতে পাবলে, গুহাটা সখানে িভুজাকৃতি—সেই নিভুজ গুহা, যাকে খুঁজে বাব না কবতে পেবে, মৃত্যুব দ্বাব প্যান্ত যেতে হযেছিল। একটু প্রেই দেখলে বহুদ্বে ফ্রেন অন্ধকাবেব ফ্রেমে আটা ক্যেকটী নক্ষন জ্বল্টে। গুহাব মুখা এবাব আব ভ্য নেই। এ-যাত্রাব নত সে ব্যুচ্ গেল।

* * * *

শশ্বৰ ষখন বাইবে এসে লাডাল, এখন বাত তিনটে।
সেখানটায গাছপালা কিছু কম, মাথাব ওপৰ • স্বভ্ৰত্তবা আকাশ
দেখা যায়। বৌৰবেৰ মহা অন্ধকাৰ একে বাব হয়ে এসে
বাত্ৰিৰ নক্ষত্ৰালোকিত স্বচ্ছ অন্ধকাৰ এক কাছে দীপালোকখচিত নগৰপথেৰ মত মনে হোল। প্ৰাণভবে সে ভগবানকে
ধহাবাদ দিলে, এ অপ্ৰত্যাশিত মুক্তিৰ জন্যে।

ভোব হোল। সূর্য্যের আলো গাছেব ডালে ডালে ফুট্লো।

শঙ্কর ভাবলে এ অন্ধলন্তনক স্থানে আর একদণ্ড ও সে থাকরে না। পকেটে একখানা পাথরের মুড়ি তথনও ছিল, ফেলে না দিয়ে শুহার বিপদের স্মারক স্বরূপ সেথানা সে কাছে রেখে দিলে।

পরদিন এলিফ্যান্ট্ ঘাস দেখা গেল বনের মধ্যে, সেদিনই
সন্ধ্যার পূর্বের ভারণ্য শেষ হয়ে থোলা জায়গা দেখা দিল। রাত্রে
শব্ধর অনেকক্ষণ বসে ম্যাপ দেখলে। সাম্নে যে মুক্ত প্রান্তরবৎ
দেশ পড়লো, এখান থেকে এটা প্রায় তিনশো মাইল বিস্তৃত,
একেবারে জাম্বেসী নদীর তীর পর্যন্ত। এই তিনশো মাইলের
খানিকটা পড়েচে বিখ্যাত কালাহারি মরুভূমির মধ্যে, প্রায়
১৭৫ মাইল, অতি ভীষণ, জনমান্তহীন, জলহীন, পথহীন
মরুভূমি। নিলিটারি মাাপ থেকে আল্ভারেজ নোট্ কবেচে
যে, এই অঞ্চলের উত্তরপূর্বে কোণ লক্ষ্যা করে একটি বিশেষ পথ
ধরে না গেলে, মাঝামাঝি পার হতে যাওয়ার মানেই মৃত্য়।
ম্যাপে এর নাম দিয়েচে 'ভূঞার দেশ' (Thirstland Trek)।
রোডেসিয়া পৌছুতে পারলে যাওয়া অনেকটা সহজ হয়ে উঠবে,
কারণ সে সব স্থানে মানুষ আছে।

শক্ষর এখানে অত্যন্ত সাহসের পরিচয় দিলে। পথের এই ভয়ানক অবস্থা জেনে-শুনেও সে দমে গেল না, হাত-পা-হারা হয়ে প লো না। এই পথে আল্ভারেজ একা গিয়ে সল্মৃবেরি থেকে টোটা ও খাবার কিনে আনবে বলেছিল। বাষটি বছরেব বৃদ্ধ যা পারবে বলে স্থির করেছিল, সে তা থেকে পিছিয়ে যাবে?

কিন্তু সাহস ও নিভীকতা এক জিনিস, জ্ঞান ও অভিজ্ঞতা সম্পূৰ্ণ অন্ত জিনিস। ম্যাপ দেখে গন্তব্যস্থানের দিক্ নির্ণয় কবাব ক্ষমতা শঙ্গবে ছিল না। সে দেখলে ম্যাপের সে কিছুই বোঝে না। মিলিটাবি ম্যাপগুলোতে হুটো মরুমধ্যস্থ কুপের অবস্থান-স্থানেব ল্যাটিচিউড্ লঙ্গিচিউড্ দেওয়া আছে, "ম্যাগ্নেটিক্ নর্থ" আব "টু নর্থ" ঘটিত কি একটা গোলমালে সঙ্গ কমে বাব কবতো সালভাবেজ, শঙ্গব দেখেচে কিন্তু শিখে নুধনি।

স্থাতবাং অদৃষ্টেব উপব নির্ভ্ন কবা ছাড়া উপায় কি গ সদৃষ্টেব উপব নির্ভ্ন কবেই শঙ্কৰ এই ছপ্তৰ মক্ত্রুমিতে পাড়ি দিতে প্রস্তাভ হোল। ফেনে, ত'দিন য়েতে না যেতেই শঙ্কৰ সম্পর্ণ দিক্সাত ক্ষে পড়লো। ম্যাপ দৃষ্টে যে কোনো অভিজ্ঞ লোক যে জলাশ্য ১৮৯ বৃঁজে খুঁজে বাব কবতে পাবতো—
শঙ্ব তাব তিন মাইল উত্তৰ দিয়ে চলে গোল, অথচ তথন তাব জনা ক্ৰিয়ে এসেচে, নতুন পানীয় জল সংগ্ৰহ কৰে না নিলে ছান্ন বিপদাগল হবে।

প্রথমতঃ শুনু প্রাণব আব পাহাড, ক্যাকটাস্ ও হউক্যোর্বিয়ান বন, মানো মাঝে গ্রানাইটের স্কুপ্। তাবপব বি ভীষণ কপ্টেন সে পথ চলা। খাছ্য নেই, জল নেই, পথ ঠিক নেই, মান্ধুয়েৰ মুখ দেখা নেই। দিনেৰ পৰ দিন শুনু স্কুদ্ৰ, শূন্য, দিগুলয় লক্ষ্য কৰে সে হতাশ পথ-যাত্রা— নাথান ওপব আগ্রনের মত স্থা, পায়েন নীচে বালি পাথৰ যেন জ্বলাও অঙ্কাৰ

স্থ্য উঠ্চে, অন্ত যাজে—নক্ষত্র উঠ্চে, চাঁদ উঠ্চে—আবার অন্ত যাজে। মরুভূমির গিরগিটি একঘেয়ে স্থরে ডাক্চে, ঝিঁ ঝিঁ ডাক্চে—সন্ধ্যায়, গভীর নিশীথে।

মাইল-লেথা পাথর নেই, কত মাইল অতিক্রেম করা হোল তার হিসেব নেই। খাগ্ত ছ-একটা পাখী, কথনো বা মরুভূমির বুজার্ড শকুনি, যার মাংস জঠুর ও বিশ্বাদ। এমন-কি একদিন একটা পাহাড়ী বিষাক্ত কাক্ড়া বিছে, যার দংশনে মৃত্যু—তাও যেন পরম স্থখান্ত, মিললে মহা সৌভাগ্য।

ত্'দিন ঘৌর কৃঞায় কপ্ত পাবার পরে, পাহাড়ের ফাটলে একটা জলাশয় পাওয়া গেল। কিন্তু জলের চেহারা লাল, কতকগুলো কি পোকা ভাস্চে জলে—ডাঙায় একটা কি জন্ম মরে পচে ঢোল হয়ে আছে। কেই জলই আকণ্ঠ পান করে শঙ্কর প্রাণ বাঁচালে।

দিনের পর দিন কাট্চে, মাস গেল, কি সপ্তাহ গেল, কি বছর গেল, হিসেব সেই। শঙ্কর রোগা হয়ে গিয়েচে শুকিয়ে। কোথায় চলেচে তার কিছুই ঠিক নেই—শুধু সামনের দিকে থেতে হবে এই সে জানে। সামনের দিকেই ভারতবয

তারপর পড়লো আদল মরু, কালাহারি মরুভূমির এক অংশ। দূর থেকে তার চেহারা দেখে শঙ্কর ভয়ে শিউরে উঠ্লো। মানুদ্ে কি করে পার হতে শারে এই অগ্নিদম প্রান্তর! শুধুই বালির পাহাড়, তাম্রাভ কট। বালিব সমুদ্র। ধৃ ধৃ করে যেন জ্বলচে ছপুরেব রোদে। মরুর কিনারায় প্রথম দিনেই ছায়ায় ১২৭ ডিগ্রী উত্তাপ উঠ্ল থার্মোমিটারে।

ম্যাপে বার বার লিখে দিয়েচে উত্তর-পূর্ব্ব কোণ বেঁসে ছাড়া কেউ এই মরুভূমি মাঝামাঝি পার হতে যাবে না। গেলেই মৃত্যু, কাবণ সেখানে জল একদম নেই। জল যে উত্তর-পূর্ব্ব ধারে আছে তাও নয়, তবে ত্রিশ মাইল, সত্তর মাইল ও নববুই মাইল ব্যবধানে তিনটা স্বাভাবিক উণুই আছে—যাতে জল পাওয়া যায়। ঐ উণুইগুলি প্রায়ই পাহাড়ের ফাটলে, খুঁছে বার করা বড়ই কঠিন। এইজক্যে মিলিটারী ম্যাপে ওদেব অবস্থান স্থানের অক্ষ ও দ্রাঘিমা দেওয়া আছে।

শক্ষর ভাবলে, ওসব বাব কবতে পারবো না। সেক্সটাণ্ট্ আছে, নক্ষত্রেব চার্ট আছে কিন্তু তাদেব ব্যবহার সে জানে না। যা হয় হবে, ভগবান ভবসা। তবে যতদূর সম্ভব উত্তর-পূর্বব কোণ থেসে যাবার চেষ্টা সে করলে।

ভূতীয় দিনে নিতাপ দৈববলে সে একটা উণুই দেখতে পেল। জল কাদাগোলা, আগুনের মত গরম, কিন্তু তাই তথন অমৃতেব মত দূর্লভ। মরুভূমি ক্রুমে ঘোরতর হয়ে উঠ্লো। কোন প্রকার জীবের বা উদ্ভিদের চিহ্ন ক্রমশঃ লুপ্ত হয়ে গেল। আগে বাত্রে আলো জাললে ছ-একটা কীটপভঙ্গ আলোয় আরুই হয়ে আসতো, ক্রমে তাও আর আসে না।

দিনে উত্তাপ যেমন ভীষণ, রাত্রে তেমনি শীত। শেষ

রাত্রে শীতে হাত-পা জমে যায় এমন অবস্থা, অথচ ক্রমশঃ আগুন জ্বালবার উপায় গেল, কারণ জ্বালানি কাঠ একেবারেই নেই। কয়েক দিনের মধ্যে সঞ্চিত জল গেল ফুরিয়ে। সে স্থবিস্তীর্ণ বালুকা সমুদ্রে একটা পরিচিত বালুকণা খুঁজে বার করা যতন্ব অসম্ভব, তার চেয়ে অসম্ভব ক্ষুদ্র এক হাত-তুই ব্যাসবিশিষ্ট জলের উণুই বার করা।

সেদিন সন্ধ্যার সময় তৃঞার কপ্তে শঙ্কর উন্মন্তপ্রায় হয়ে উঠ্ল। এতক্ষণে শঙ্কর বুঝেচে যে, এ ভীষণ মকুভ্মি একা পার হওয়ার চেষ্টা কর। আত্মহত্যার সামিল। সে এমন জায়গায় এসে পড়েচে, যেখান থেকে ফিরবার উপায়ও নেই।

একটা উচু বালিয়াড়ির ওপর উঠে সে দেখলে, চারিধাবে শুধৃট কটা বালির পাহাড়, পূর্ব্বদিকে ক্রমশঃ উচ্ হয়ে গিয়েচে। পশ্চিমে সূর্য্য ভূডে গেলেও সারা আকাশ স্থাান্তের মাভায় লাল। কিছুবুরে একটা ছোট চিবির মত পাহাড় এবং দূর থেকে মনে হোল একটা গুহাও আছে। এ ধরণের গ্রানাইটেব ছেটে চিবি এদেশে সর্ব্বর—দ্রীন্সভাল ও রোডেসিয়ায় এদেব নাম "Kopje" অর্থাৎ ক্ষুক্ত পাহাড়। রাত্রে শীতেব হাত থেকে উদ্ধার পাবার জন্যে শঙ্কর সেই গুহায় আগ্রম নিলে।

এইখানে এক ব্যপার ঘট্ল।



বারো

গুহাব মধ্যে ঢুকে শঙ্কর টর্চ্চ জ্বেলে (নতুন ব্যাটাবি তাব কাছে ডজন জই ছিল) দেখলে গুহাটা ছোট, মেজেটাতে ছোট ছোট পাথর ছড়ানো, বেশ একটা ছোটখাট ঘরের মত। গুহাব এক কোণে ওর চোখ পড়তেই অবাক্ হয়ে বইল। একটা ছোট্ট কাঠেব পিপে! এখানে কি করে এল কাঠের পিপে।

এগিথে হ'পা গিয়েই সে চম্কে উঠ্ল। গুহার দেওয়ালের ধাব থেসে শায়িত অবস্থায় একটা সাদা নরকল্পাল, তার মুওটা দেওযালেব দিকে ফেরানো। কল্পালের আশে পাশে কালো কালো থলে ছেড়ার মত জিনিষ, বোধ হয় সেগুলো পশমেব কোটেব অংশ। হু'খানা বুট জুতো কল্পালের গায়ে এখনও লাগানো। একপাশে একটা মবচে-পড়া বন্দুক।

পিপেটাৰ পাশে একটা ছিপি-আঁটা বোতল। বোতলেৰ মধ্যে একথানা কাগজ। ছিপিটা খুলে কাগজখানা বাব কবে দেখলে, ভাতে ইংরিজিতে কি লেখা আছে।

পিপেটাতে কি আছে দেখবার জন্তে যেমন সে সেটা নাড়াতে গিয়েচে, অমনি পিপের নীচে থেকে একটা ফোঁস্ ফোঁস্ শব্দ গুনে ওর শরীরের রক্ত ঠাণ্ডা হয়ে গেল। নিমেষের মধ্যে একচা প্রকাণ্ড সাপ মাটী থেকে হাত তিনেক উচু হয়ে ঠেলে উঠ্ল। বোধ হয়, ছোবল মারবার আগে সাপট। এক



সেকেণ্ড দেরী করেছিল। সেই এক সেকেণ্ডের দেরী করার জন্মে শন্ধরের প্রাণ রক্ষা হোল। পরমুহূর্ত্তেই শঙ্করের '৪৫ মটোমেটিক্ কোল্ট গর্জন করে উঠ্ল। সঙ্গে সতবড় ভীষণ বিষধর 'স্থাণ্ড ভাইপার' এর মাথাটা ছিন্নভিন্ন হয়ে, রক্ত-মাংস খানিকটা পিপের গায়ে, খানিকটা পাথরের দেওয়ালে ছিট্কে লাগলো। আল্ভারেজ ওকে শিথিয়েছিল, পথে সর্বদ। ক্লাতিয়ার তৈরী রাথবে। এ উপদেশ অনেকবার তার প্রাণ বাঁচিয়েচে।

মতুত পরিত্রাণ! সব দিক থেকেই। পিপেটা পরীক্ষা করতে গিয়ে দেখা গেল, সেটাতে অল্প একটু জল তথনও আছে। থুব কালো শিউ গোলার মত রং বটে, তবুও জল। ছোট পিপেটা উচু করে তুলে ধরে, পিপের ভিপি খুলে ঢক্ ঢক্ কবে শঙ্কর সেই তুর্গন্ধ কালো কালির মত জল আকণ্ঠ পান করলে। তারপর সে টচ্চের আলোতে সাপটা পরীক্ষা করলে। পুরো পাঁচ হাত লম্বা সাপটা, মোটাও বেশ। এ ধরণের সাপ মরুভূমির বালির মধ্যে শরীর লুকিয়ে শুধুমুওটা ওপরে তুলে থাকে—অতি মারাত্মক রকমের বিষাক্ত সপ্ত।

এইবার বোতলের মধ্যের কাগজখানা খুলে মন দিয়ে পড়লে। যে ছোট্ট পেন্সিল্ দিয়ে এটা লেখা হয়েচে—বোতলের মধ্যে সেটাও পাওয়া গেল। কাগজখানাতে লেখা মাছে…

"আমার মৃত্যু নিকট। আজিই আমাব শেষ রাত্রি। যদি আমার মরণের পরে, কেউ এই ভয়ন্ধর মরুভূমির পথে যেতে যেতে এই গুহাতে আশ্রয় গ্রহণ করেন, তবে সম্ভবতঃ এই কাগজ তার হাতে পড়বে। আমার গাধাটা দিন ছই আগে মরুভূমিব মধ্যে মারা গিয়েচে। এক পিপে জল তার পিঠে ছিল, সেটা আমি এই গুহাব মধ্যে নিয়ে এসে রেখে দিয়েচি, যদিও জ্বরে আমাব শরীর অবসন্ন। মাথা তুলবার শক্তি নেই। তাব ওপর অনাহারে শবীর আগে থেকেই ছুর্বল।

আমার বয়স ২৬ বংসব। আমার নাম আত্তিলিও গাতি। ক্লোরেন্সের গাতি বংশে আমাব জন্ম। বিখ্যাত নাবিক রিওলিনো কাভালকান্তি গাত্তি—যিনি লেপান্টোব যুদ্ধে তৃকীদেক সঙ্গে লড়েছিলেন, তিনি আমার একজন প্রবপুরুষ।

বোম ও পিসা বিশ্ববিজ্ঞালযে উচ্চশিক্ষা লাভ কবেছিলাম, কিন্তু শেষ পর্যান্ত ভবঘুবে হয়ে গেলাম সমুদ্রের নেশায়,—যা আমাদের বংশগত নেশা। ডাচ্ইণ্ডিড্ যাবাব পথে পশ্চিম আফ্রিকার উপকুলে জাহাজ দুবি হোল।

আমরা সাতজন লোক অতিক্তে ডাঙা পেলাম। ঘোব জঙ্গলময় অঞ্চল আফ্রিকাব এই পশ্চিম উপকূল। জঙ্গলেব মধ্যে শেফুজাতিব একগ্রামে আমরা আশ্রয় নিই এবং প্রায় তু'মাস সেখানে থাকি। এখানেই •দৈবাৎ এক অদৃত হীবাব খনিব গল্প শুনলাম। পূর্ব্বিকে এক প্রকাণ্ড পর্ববত ও ভীষণ আবণ্য অঞ্চলে নাকি এই হীরাব খনি অবস্থিত।

আমবা সাতজন ঠিক করলাম এই হীরাব খনি যে কবে হোক্, বাব কবতে হবেই। আমাকে ওবা দলের অধিনায়ক করলে—তারপর আমবা তুর্গম জঙ্গল ঠেলে চল্লাম সেই সম্পূর্ণ অজ্ঞাত পার্ববত্য অঞ্চলে। সে গ্রামের কোন লোক পথ দেখিয়ে নিয়ে যেতে রাজী হোল না। তারা বলে, তারা কখনও সে জায়গায় যায় নি, কোথায় তা জানে না, বিশেষতঃ এক উপদেবতা নাকি সে বনের রক্ষক। সেখান থেকে সীরা নিয়ে কেউ আসতে পারবে না।

আমরা দমবার পাত্র নই। পথে যেতে যেতে ঘোর কটে বেঘোরে ছ'জন সঙ্গী মারা গেল। বাকী চারজন আর অগ্রসর হতে চায় না। আমি দলের অধাক্ষ, গাতি বংশে আমার জন্ম, পিছু হটতে জানি না। যতক্ষণ প্রাণ আছে, এগিয়ে যেতে হবে এই জানি। আমি ফিরতে চাইলাম না।

শরীর ভেঙ্গে পড়তে চাইচে। আজ রাত্রেই আসবে সে
নিরবর্ধ সূত্রুত। বড় সুন্দ্র আমাদের ছোট্ট হুদ সেরিনো
লাগানো, ওরই তীরে আমার পৈতৃক প্রাসাদ, কাষ্টোলি
রিওলিনি। এতদূর থেকেও আমি সেরিনো লাগানোর
তীরবর্তী কমলালেব্র বাগানের লেব্ফুলের সুগন্ধ পাচ্ছি।
ছোট্ যে গিজ্জাটা পাথাড়ের নীচেই, তার রূপোর ঘণ্টার মিষ্টি
আওয়াজ পাচ্ছি।

না, এসব কি আবোল তাবোল লিগচি জ্বরের ঘোরে। আসল কথাটা বলি। কভক্ষণই বা আর লিখুবো?

আমরা সে পর্বতমালা, সে মহাত্র্গম অরণ্যে গিয়েছিলাম। সে খনি বার করেছিলাম। যে নদীর তীরে হীরা পাওয়া যায়, এক বিশাল ও অতি ভয়ানক গুহার মধ্যে সে নদীর উৎপত্তি 200

স্থান। আমিই সেই গুহার মধ্যে ঢুকে এবং নদীর জলের তীরে ও জলের মধ্যে পাথরের মুড়ির মত অজস্র হীরা ছড়ানো দেখতে পাই। প্রত্যেক মুড়িটী টেট্রাহেডুন ক্রিষ্ট্যাল, স্বচ্ছ ও হবিদ্রাভ; লগুন ও আমষ্ট্রাধ্যের বাজারে এমন হীরা নেই।

এই অরণা ও পর্বেতের সে উপদেবতাকে আমি এই গুহাব মধ্যে দেখেছি—ধুনোর কাঠেব মশালের আলোয়, দূর থেকে আবছায়া ভাবে। সত্যিই ভীষণ তার চেহারা! জ্বলম্ভ মশাল হাতে ছিল বলেই সেদিন আমার কাতে সে ঘেসেনি। এই গুহাতেই দে সম্ভবতঃ বাস করে। হীরার খনির সে রক্ষক, এই প্রবাদের সৃষ্টি দেই জন্মই বোধ হয় হয়েচে।

কিন্তু কি কুক্ষণেই হীরাব সন্ধান পেয়েছিলাম এবং কি কুক্ষণেই সঙ্গীদেব কাছে তা প্রকাশ করেছিলাম। ওদেব নিয়ে আবার যখন দে গুহায় ঢুকি, হীরার খনি খুঁজে পেলাম না। একে ঘোর অন্ধকার, মশালের আলোয় দে অন্ধকাব দূর হয় না, তার ওপরে বহুমুখী নদী, কোন স্রোভটার ধার। হীবাব রাশির ওপর দিয়ে বইচে, কিছুতেই বার করতে পারলাম না আরে।

আমার সঙ্গাবা বকার, জাহাজের খালাসী। ভাবলে, ওদের কাঁকি দিলাম বুঝি। আমি একা নেবো এই বৃঝি আমার মতলব। ওরা কি ষড়যন্ত্র খাটলে জানিনে, পরদিন সন্ধ্যাবেল। চারজনে মিলে অতর্কিতে ছুরি খুলে আমায় আক্রমণ করলে।

কিন্তু তারা জানতো না আমাকে, আত্তিলিও গাত্তিকে। আমার ধমনীতে উঞ্চ রক্ত বইচে, আমার পূর্বপুরুষ রিওলিনি কাভাল কান্তি গান্তির, যিনি লেপাণ্টোর যদ্ধে ওরকম বহু বর্ববরকে নরকে পাঠিয়েছিলেন। সাণ্টা কাটালিনার সাময়িক বিপ্তালয়ে যথন আমি ছাত্র, আমাদের অঞ্চলের শ্রেষ্ঠ Fencer এপ্টোনিও ডেফুস্কে ভোরার ভুয়েলে জখম করি। আমার ছোরার আঘাতে ওরা তু'জন মরে গেল, তু'জন সাংঘাতিক ঘায়েল হোল, নিজেও আমি চোট পেলাম ওদের হাতে। আহত বদমাইস তুটোও সেই রাত্রে ভবলীলা শেষ করল। ভেবে দেখলাম এখন এই গুহার গোলক ধাঁধাঁর ভেতর থেকে খনি খঁজে হয়তো বার করতে পারব না। তাছাডা আমি সাংঘাতিক আহত, আমায় সভ্যজগতে পৌছতেই হবে। পূর্বাদিকের পথে ডাচ্ উপনিবেশে পৌছবো বলে রওনা হয়েছিলুম। কিন্তু এ প্রয়ন্ত এসে আর অগ্রসর হতে পারলুম না। ওরা তলপেটে ছুরি মেরেছে, সেই ক্ষতস্থান উঠ্ল বিষিয়ে। সেই সঙ্গে জ্বন। মান্ত্রের কি লোভ তাই ভাবি। কেন ওরা আমাকে মারলে গু ওর। আমাব সঙ্গী, একবারও তে। ওদের ফাঁকি দেওয়ার কথা আমার মনে আসে নি।

জগতের সর্কশ্রেষ্ঠ হীরক খনির মালিক আমি, কারণ নিজের প্রাণ-বিপন্ন করে ৩। আমি আবিদ্ধার করেচি। যিনি আমার এ লেখা পড়ে বৃঝতে পারবেন, তিনি নিশ্চয়ই সভ্য মান্তব ও খুষ্টান। তাঁর প্রতি আমার অন্তরোধ, আমাকে তিনি যেন খুপ্টানের উপযুক্ত কবর দেন। এই অন্তর্গতের বদলে ঐ খনির স্বত্ব আমি তাঁকে দিলাম। রাণী শেবার ধনভাণ্ডারও এ খনির কাছে কিছু নয়!

প্রাণ গেল, যাক্, কি করবো ! কিন্তু কি ভ্রানক মরুভূমি এ! একটা কিঁঝেঁ পোকার ডাক পর্য্যন্ত নেই কোনোদিকে! এমন সব জায়গাও থাকে পৃথিবীতে! সামার আজ কেবলই মনে হচ্চে, পপ্লার ঘেরা সেরিনো লাগ্রানো হ্রদ আব দেখবো না, তার ধারে যে চভূর্দেশ শতাব্দির গিচ্ছাটা, তার সেই বড় কপোর ঘটার পবিত্র ধ্বনি, পাহাড়ের ওপরে আমাদের যে প্রাচীন প্রাসাদ কাষ্টেলি রিওলিনি, মূর্দের ছুর্গের মত দেখারদূরে আম্বিয়ার সবুজ মাঠ ও আক্ষাক্ষেত্রের মধো দিয়ে ছোট্ট ডোরা নদী বয়ে যাচ্ছে...যাক্, আবাব কি প্রলাপ বকচি।

গুহার ত্য়ারে বসে আকাশের অগণিত তাব। প্রাণভবে দেখচি শেষ বারের জন্মে।...সাধু ফ্রাঙ্কোব সেই সার স্থোত্র মনে পড়চেঃ—স্তুত হোন্ প্রভু মোর, পবন সঞ্চার তরে, স্থিব বায়ু তরে, ভগিনী মেদিনী তরে, নীল মেঘ তরে, আকাশেব তরে, তারকা সমূহ তরে, স্থাদিন কুদিন তরে, .দহের মরণ তরে।

আর একটা কথা। আমাব তৃই পায়ে জুতার মধ্যে পাঁচ-খানা বড় হীরা লুকানো আছে, তোমায় তা দিল।ম হে অজানা পথিক বন্ধ। আমার শেষ অন্তরোধটি ভূলো না। জননী মেরী তোমার মঙ্গল করুন।

> কম্যাণ্ডার আন্তিলিও গান্তি ১৮৮০ সাল। সম্ভবতঃ মার্চ্চ মাস।

* * * *

" ১০ভাগা যুবক !

তাব মৃত্যুর পরে স্থানীর্ঘ ত্রিশ বৎসব চলে গিয়েচে. এই ত্রিশ বৎসরের মধ্যে এ পথে হয়তো কেউ যায় নি, গেলেও গুহাটার মধ্যে ঢোকেনি ' এতকাল পরে তার চিঠিখানা মান্ত্র্যের হাতে পডলো।

আশ্চর্য্য এই যে কাঠের পিপেটাতে শিশবছর পরেও জল ছিল কি করে গ

কিন্ধ কাগজখানা পড়েই শঙ্করের মনে হোল, এই লেখায় বর্ণিত এটেই সেই গুহা—দে নিজে যেখানে পথ হারিয়ে মারা যেতে বসেছিল! তারপরে সে কৌতৃহলের সঙ্গে কঙ্কালের পায়ের জুতো টান দিয়ে খসাতেই পাচখানা বড বড় পাথর বেরিয়ে পড়লো। এ হাবিকল সেই পাথরের কুড়ির মত, যা এক পকেট কুড়িয়ে হান্ধকারে গুহার মধ্যে সে পথে চিহ্ন করে-ছিল এবং যার একখানা তার কাছে রয়েচে। এ পাথরের সুড়ি তো রাশি রাশি সে দেখেচে গুহার মধ্যের সেই হান্ধকার— ময়ী নদীর জলস্রোতের নীচে, তার তুই তীরে! কে জানতো যে হীরার খনি খুঁজতে সে ও আলভারেজ সাতসমুজ তেরে।
নদী পাব হয়ে এসে, ছ'মাস ধরে রিথটারস্ভেল্ড পার্কত্য অঞ্চলে
ঘুরে ঘুরে হয়রাণ হয়ে গিয়েচে—এমন সম্পূর্ণ অপ্রত্যাশিত
ভাবে সে সেখানে গিয়ে পড়বে! হীরা যে এমন রাশি রাশি
পড়ে থাকে পাথরের স্কুড়ির মত—তাই বা কে ভেবেছিল!
আগে এ সব জানা থাক্লে, পাথবেব কুড়িসে হ'পকেট ভবে
কুড়িয়ে বাইরে নিয়ে আসতো।

কিন্তু তার চেয়েও খারাপ কাজ হয়ে সিয়েচে যে, সে রত্নথনির গুহা যে কোথার, কোন্ দিকে তার কোনো নজা করে সানে নি বা সেখানে কোনো চিহ্ন বেখে আসে নি, যাতে সাবার তাকে খুঁজে নেওয়া যেতে পাবে। সেই স্থেকিটীর্ন পর্বতেও অরণঃ অঞ্চলের কোন্ জায়গায় সেই গুহাটা দৈবাৎ সে দেখেছিল, তাকি তাব ঠিক আছে, না ভবিয়তে সে আবার সে জায়গা বার করতে পারবে দ এ যুবকও তো কোনো নজা করেনি, কিন্তু এ সা বাহিক আহত হয়েছিল রত্নথিন গাবিদ্ধার করার পরেই, এর ভূল হওয়া খুব স্বাভাবিক। হয় তো এ যা বাব করতে পারতো নক্সা না দেখে - সে তা

১ঠাং আলভারেজের মৃত্যুর পুরুরে কথা শহরেব মনে পড়লো। সে বলেছিল—চলো যাই, শস্কর, গুহার মধ্যে রাজার ভাণ্ডাব লুকোনো আছে! তুমি দেখতে পাচ্চ না, আমু দেখতে পাচ্চি। শস্বৰ তাৰ পৰে গুহাৰ মধে।ই নৰকশ্বালটা সমাৰিস্থ কৰলে।
পিপেটা ভেঙে ফেলে তাৰই ছ'খানা কাঠে মৰচে-পড়া পেৰেক
ঠকে ক্ৰ'শ তৈবী কৰলে ও সমাধিব ওপৰ সেই ক্ৰেশটা পুঁত লে।
এ ছাছা খুষ্টধন্মাচাৰীকে সমাধিস্থ ফ্ৰৱাৰ অন্ত কোনো বীতি
তাৰ জানা নেই। তাৰপৰে সে ভগবানেৰ কাছে প্ৰাৰ্থনা
কৰলে, এই মৃত যবকেৰ আত্মাৰ শান্তিৰ জন্ম।

এ সব শেষ কবতে সাবাদিনটা কেটে গেল। বাত্তে বিশ্রাস কবে প্রবিদন আবাৰ ,স বহুনা হোল। কঙ্কালেন চিঠি খানা ও গীবাগুলি ষত্ত কৰে সক্ষে নিল।

তবে তাব মনে হয়, ও অভিশপ্ত হীবাৰ খনিব সন্ধানে যে গিয়েচে, সে আব কেবেনি. আডিলিও গান্তি ও তাব সঙ্গীবা মবেচে, জিন কাটাৰ মবেচে, আনভাবেজ মবেচে। এব আগেই বা কও লোক মবেচে, তাব ঠিক কি গ এইবাৰ তাব পালা। এই নকভামতেই তাব শেষ, এই বাব ইটালিয়ান যুৱকেৰ মত।



ভেরে

তুপুরের রোদে যথন দিকে দিগন্তে আগুন জ্বলে উঠ্লো, একটা ছোটু পাথরের টিবির আড়ালে সে আশ্রয় নিলে। ১৩৫° ডিগ্রি উত্তাপ উঠেচে তাপমান যত্ত্বে, বক্তমাংসের মান্তুষের পক্ষে এ উত্তাপে পথহাটা চলে না। যদি সে কোনরকমে এই ভয়ানক মরুভূমির হাত এড়াতে পারতো, তবে হয়তো জীবস্থ অবস্থায় মানুষের আবাসে পৌছুতেও পারতো। সে ভয় করে ভুধু এই মরুভূমি, সে জানে কালাহারী মরু বড় বড় সিংহেব বিচরণ-ভূমি। তার হাতে রাইফেল হাছে—রাত্তপুরেও একা যত বড় সিংহই হোক, সম্মুখীন হতে সে ভয় করে না—কিন্তু ভয় হয় তৃষ্ণা রাক্ষসীকে। তার হাত থেকে পবিত্রাণ নেই। তুপুরে সে তু'বার মরীচিকা দেখলে। এতদিন মরুপথে আসতেও এ আশ্চর্য্য নৈসর্গিক দৃশ্য দেখেনি, বইয়েই পড়ে ছিল মরীচিকার কথা। একবার উত্তর পূব্ব কোণে, একবাব দক্ষিণ পূর্ব্ব কোণে, তুই মরীচিকাই কিন্তু প্রায় এক রকম—অর্থাৎ একটা বড় গম্বজভয়ালা মসজিদ বা গিজ্ঞা, চারিপাশে থর্জুরকুঞ্জ, সামনে বিস্তৃত জলাশয়। উত্তরপূর্ব্ব কোণের মরীচিকাটা বেশী স্পষ্ট।

সন্ধ্যার দিকে দূরদিগন্তে মেঘ্যালার মত পর্বত্যালা দেখা গেল। শঙ্কর নিজের চোখকে বিশ্বাস করতে পাবলে না। পূর্ববিদিকে একটাই মাত্রবড় পর্বত, এখান থেকে দেখা পাওয়া সম্ভব, দক্ষিণ রোডেসিয়ার প্রান্তবর্ত্তী চিমানিমানি পর্ববতমালা। তাহোলে কি ব্যুতে হবে যে, সে বিশাল কালাহারি পদব্রজে পার হয়ে প্রায় শেষ করতে চলেচে! না ও-ও মরীচিকা?

কিন্তু রাত দশটা পর্যান্ত পথ চলেও জ্যোৎসারাত্রে সে দূর-পর্বতেব সীনারেখা তেমনি স্পষ্ট দেখতে পেল। অসংখ্য ধন্মবাদ হে ভগবান, মরীচিকা নয় তবে। জ্যোৎস্নারাত্রে কেউ কখনো মরীচিকা দেখে নি।

তবে কি প্রাণের আশা আছে গ আজ পৃথিবীর বৃহত্তম রত্ন খনিব মালিক সে। নিজের পরিশ্রমে ও তঃসাহসেব বলে সে তার সার অজ্জন করেচে। দরিন্তা বাংলা মায়ের বৃকে সে যদি আজ বঁচে ফেবে।

ত্'দিনেব দিন বিকালে সে এসে পর্বতের নীচে পৌছলো।
তথন সে দেখলে, পর্বত পার হওয়া ছাড়া ওপারে যাওয়ার
কোনো সহজ উপায় .নহ । নইলে ২৫ মাইল মরুভূমিতে
পাড়ি দিয়ে পর্বতেব দক্ষিণ প্রান্ত ঘুরে আসতে হবে। মকভূমিব মধ্যে সে আব কিছুতেই যেতে রাজি নয়। সে পাহাড়
পার হয়েই মাবে।

এইখানে সে প্রকাও একটা জুল করলে। সে জুলে গেল যে সাডে বারোহাজার ফুট একটা পর্বতমাল। ডিঙিয়ে ওপারে যাওয়া সহজ ব্যাপার নয়। রিখ্টারস্ভেল্ড পার হওয়ার মতই শক্ত। তাব চেয়েও শক্ত, কারণ সেখানে আলভারেজ-ছিল, এখানে সে একা। শঙ্কর ব্যাপারের গুরুত্বটা বৃঝতে পারলে না, ফলে
চিমানিমানি পর্বত উত্তীর্ণ হতে গিয়ে প্রাণ হারাতে বদলো,
ভীষণ প্রজ্ঞলম্ভ কালাহারি পার হতে গিয়েও দে এমন ভাবে
নিশ্চিত মৃত্যুর সম্মুখীন হয়নি।

চিমানিমানি পর্বতে জঙ্গল খুব বেশী ঘন নয়। শঙ্কর প্রথম দিন অনেকটা উঠলো—তারপর একটা জায়গায় গিয়ে পড়লো, সেখান থেকে কোনদিকে যাবার উপায় নেই। কোন্পথটা দিয়ে উঠেছিল, সেটাও আব খুজে পেলে না—তার মনে হোল, সে সমতলভূমির যে জায়গা দিয়ে উঠেছিল, তাব বিশ ডিগ্রী দক্ষিণে চলে এসেচে। কেন যে এমন হোল, এর কারণ কিছুতেই সে বার করতে পারলে না। কোথা দিয়ে কোথায় চলে গেল, কখনও উঠচে, কখনও নাম্চে, স্ব্যা দেখে দিক ঠিক করে নিচেচ. কিন্তু সাত আট মাইল পাহাড় উত্তীর্ণ হতে এতদিন লাগচে কেন ?

তৃতীয় দিনে আর একটা নতুন বিপদ ঘটল। তার আগের দিন একখানা আল্গা পাথব গড়িয়ে তার পায়ে চোট লেগে-ছিল। তথন তওঁ কিছু হয়নি, পর্রদিন সকালে আর সে শ্যা ছেড়ে উঠতে পারে না। তাটু ফুলেচে, বেদনাও খুব। তর্গম পথে নামা-ওঠা করা এ অবস্থায় অসম্ভব। পাহাড়েব একটা ঝরণা থেকে উঠবার সময় জল সংগ্রহ করে এনেছিল, তাই একটু একটু করে থেয়ে চালাচেচ। পায়ের বেদনা কমে না যাওয়া পর্যান্থ তাকে এথানেই অপেকা করতে হবে। বেশীদূব যাওয়া চলবে না। সামাক্য একটু আধটু চলাফেরা করতেই হবে খাজ ও জলেব চেষ্টায়, ভাগো পাহাড়েব এই স্থানটা যেন খানিকটা সমতলভূমির মত, তাই রকা।

এই সব অবস্থায়, এই মন্থয়বাসহীন পাহাড়ে বিপদ তো পদে পদেই। একা এ পাহাড় উপকাতে গেলে যে কোনো ইউরোপীয় পর্যাউকেরও ঠিক এইরকম বিপদ ঘটতে পারতে।।

শহর আর পাবে না। ওর হৃৎপিওে কি একটা রোগ স্যোচে, একটু ইটিলেই ধড়াস্ ধড়াস্ করে হৃৎপিওটা পাঁজরায় ধাকা মাবে। অমাকুষিক পথশ্রামে, তৃভাবনায়, অখাত কৃথাতা থেয়ে, কথনও বা অনাসারের কন্টে, ওর শরীরে কিছু নেই।

চারদিনের দিন সন্ধ্যাবেলা অবসন্ধ দেতে সে একটা গাছের তলায় আশ্রয় নিলে। খাল্ল নেই, কাল থেকে। রাইফেল সঙ্গে আছে, কিন্তু একটা বল্ল জন্তুর দেখা নেই। তুপুরে একটা তবিণকে চবতে দেখে ভবসা হয়েছিল, কিন্তু রাইফেলটা তথনছিল ৫০ গজ তফাতে একটা গাছে ঠেম্ দেওয়া, আনতে গিয়ে তরিণটা পালিয়ে গেল। জল খুব সামাক্রই আছে চামড়ার বোতলে। এ অবস্থায় নেমে সে ঝরণা থেকে জল আনবেই বা কি ক'বে? ঠাটুটা আরও ফুলেচে। বেদনা এত বেশী যে, একটু চলাফেরা কবলেই মাথার শির পর্যান্ত ছিঁড়ে পড়ে যম্বণায়।

পরিকার আকাশতলে আর্দ্রতাশৃত্য বায়্মণ্ডলের **গুণে** অনেকদুর পর্যান্ত স্পষ্ট দেখা যাচেচ। দিকচক্রবালে মেঘলা করে ঘিরেচে নীল পর্বতমালা দুরে দুরে। দক্ষিণ পশ্চিমে দিগন্ত বিস্তীর্ণ কালাহারী। দক্ষিণে ওয়াহকুহক পর্বত, তারও অনেক পেছনে মেঘেৰ মত দুখ্যমান পল ক্রুগার পর্বভ্যালা— সল্মবেরির দিকে কিছু দেখা যায় না, চিমানিমানি পর্বতের এক উচ্চতর শৃঙ্গ সেদিকে দৃষ্টি আটুকেচে।

আজ তুপুর থেকে ওর মাথার ওপর শক্তমির দল উড়েচে। এতদিন এত বিপদেও শঙ্করের যত হয় নি, আজ শকুনির দল মাথার ওপর উডতে দেখে শঙ্করের সতাই ভয় হয়েচে। ওরা তাহোলে কি বুঝেচে যে শিকার জুটবার বেশী দেরী নেই ৮

मक्तात किছ পরে कि একটা भक्त खरन চেয়ে দেখলে. পাশের শিলাখণ্ডের আডালে একটা ধসর রংয়ের নেকডে বাঘ —নেকভের লম্বা ছুঁচালো কাণ গুটে। খাড়া হয়ে আছে, সাদ্য সাদা দাতের ওপর দিয়ে রাঙা জিবটা অনেকখানি বাব হয়ে লক লক করচে। চোথে চোথ পড়তেই সেট। চট করে পাথরের আড়াল থেকে সরে দুরে পালালো।

নেকভে বাঘ্টাও তাহোলে কি ব্রেচে পশুরা নাকি আগে থেকে অনেক কথা জানতে পাবে।

হাড় ভাঙ্গা শীত পড়লো রাত্রে। ও কিছ কাঠকুটো কুড়িয়ে আগুন জাললে। অগ্নিকুণ্ডের আলো যতটুকু পড়েছে তার বাইরে ঘন অন্ধকার।

কি একটা জন্ত এসে অগ্নিকুণ্ড থেকে কিছু দূরে অন্ধকারে দেহ মিশিয়ে চুপ করে বসলো। কোয়োট, বক্যকুকুব জাতীয় জন্ত। ক্রমে আর একটা, আর হুটো, আর তিনটে। রাভ বাড়বার সঙ্গে সঙ্গে দশ পনেরোটা এসে জমা হোল। অন্ধকারে তার চারিধার ঘিরে নিঃশব্দে অসীম ধৈর্য্যের সঙ্গে যেন কিসের প্রভীক্ষা করচে।

কি সব অমঙ্গল জনক দৃগ্য।

ভয়ে ওর গায়ের রক্ত হিম হয়ে গেল। সত্যিই কি এতদিনে ু তারও মৃত্যু ঘনিয়ে এসেচে।

এতদিন পরে এল তাহোলে! দে-ও পারলে না রিখ্টার্স-ভেল্ড থেকে হীরে নিয়ে পালিয়ে যেতে!

উঃ, আজ কত টাকার মালিক সে। হীরের খনি বাদ যাক্, তার সঙ্গে যে হ'খানা হীরে রয়েচে, তার দাম অন্ততঃ হ' তিন লক্ষ টাকা নিশ্চয়ই হবে। তার গরীব গ্রামে, গরীব বাপ মায়ের বাড়ী যদি এই টাকা নিয়ে গিয়ে উঠতে পারতো কত গরীবের চোখের জল মুছিয়ে দিতে পারতো, গ্রামের কত দরিদ্র কুমারীকে বিবাহের যৌতুক দিয়ে ভাল পাত্রে বিবাহ দিত, কত সহায়হীন বৃদ্ধ বৃদ্ধার শেষ দিন ক'টা নিশ্চিন্ত করে তুলতে পারতো…

কিন্তু দে সব ভেবে কি হবে, যা হবার নয় ? তার চেয়ে এই অপূর্ব রাত্রির নক্ষ্মালোকিত আকাশের শোভা, এই বিশাল পর্বত ও মক্র ভূমির নিস্তব্ধ গম্ভীর রূপ, মৃত্যুর আগে শক্ষরও চায় চোখ ভরে দেখছে, সেই ইটালিয়ান যুবক গান্তির মত। ওরা যে অদৃষ্টের এক অদৃশ্য তারে গাঁথা সবাই, আন্তিলিও গাত্তি ও তার সঙ্গীরা, জিম্ কার্টার, আলভারেজ, দে…

রাত গভীর হয়েচে। কি ভীষণ শীত !...একবার সে চেয়ে দেখলে, কোয়েট্গুলো এরি মধ্যে কখন আরও নিকটে সরে এসেচে। অন্ধকারের মধ্যে আলো পড়ে তাদের চোখগুলো জ্বলচে। শঙ্কর একখানা জ্বলম্ভ কাঠ ছুঁড়ে মারতেই ওরা সব দূরে সরে গেল—কিন্তু কি নিঃশব্দ ওদের গতিবিধি আর কি অসীম তাদের ধৈর্য্য! শঙ্করের মনে হোল, ওরা জানে শিকার ওদের হাতের মুঠোয়, হাতছাড়া হবার কোনো উপায় নেই।

ইতিমধ্যে সন্ধ্যাবেলায় সেই ধূসব নেক্ড়ে বাঘটাও ত্থ তু'বার এসে কোয়োর্টদের পেছনে অন্ধকারে বসে দেখে গিয়েচে।

একটুও ঘুমুতে ভরসা হোল না ওর। কি জানি, কোয়োট্
আর নেক্ষের দল হয়তো তাহোলে জীবস্থ তাকে ছিঁড়ে
খাবে মৃত মনে করে। অবসন্ধ, ক্লান্ত দেহে জেগেই বসে
খাকতে হবে তাকে। ঘুমে চোথ ঢ়লে আসলে উপায় নেই।
মাঝে মাঝে কোয়াট্গুলো এগিয়ে এসে বসে, ও জ্বলন্ত কাঠ
ছুঁড়ে মারতেই সরে যায়....ছু' একটা হায়েনাও এসে ওদের
দলে যোগ দিলে....হায়েনাদের চোথগুলো অন্ধকারে কি
ভীষণ জ্বচে!

কি ভয়ানক অবস্থাতে পড়েচে। জনবিরল বর্ববির দেশের জনশৃত্য পর্বতের সাড়ে তিন হাজার ফুট উপরে সে চলৎশক্তি- খীন অবস্থায় বসে....গভীর রাত থোর অন্ধকার....সামাগ্য আগুন জ্বলচে....মাথার ওপর জ্বলকণাশৃন্য স্তব্ধ বায়ুমণ্ডলের গুণে আকাশের অগণ্য তারা জ্বল্ জ্বল্ করচে যেন ইলেক্ট্রিক আলোর মত....নীচে তার চারিধার ঘিরে অন্ধকারে তার মাংসলোলুপ নীরব কোয়োট, হায়েনার দল।

কিন্তু সঙ্গে সঙ্গে তার এটাও মনে হোল, বাংলার পাড়াগাঁয়ে
* ম্যালেরিয়ায় ধুঁকে সে মরচে না। এ মৃত্যু বীরের মৃত্যু। পদত্রজে কালাহারি মরুভূমি পায় হয়েচে সে—একা। মরে
গিয়ে চিমানিমানি পর্বতের শিলায় নাম খুঁদে রেখে যাবে।
সে একজন বিশিষ্ট ভ্রমণকারী ও আবিদ্ধারক। অত বড়
ভীরের খনি সেই তো খুঁজে বার করেছে? আলভায়েজ্ মারা
যাওয়াব পরে, সেই বিশাল অরণ্য ও পর্বত অঞ্চলের গোলোক
ধাঁধা থেকে তো সে একাই বার হতে পেবে এত দূর এসেচে!
এখন সে নিরুপায়, অমুস্ক, চলংশক্তি রহিত। তবুও সে যুঝচে,
ভয় তো পায় নি, সাহস তো হারায় নি। কাপুরুষ, ভীরু
নয় সে। জীবন মৃত্যু তো অদৃষ্টের খেলা। না বাঁচলে আর
তার দোষ কি ?

* * *

দীর্ঘ রাত্রি কেটে গিয়ে পুবদিকে ফরসা হোল। সঙ্গে সঙ্গে বক্স জ্ঞস্তর দল কোথায় পালালো। বেলা বাড়চে, আবার নির্মাম স্থ্য জ্বলিয়ে পুড়িয়ে দিতে স্কুরু করচে দিক্ বিদিক্। সঙ্গে সঙ্গে শকুনির দল কোথা থেকে এসে হাজির। কেউ মাথার ওপর ঘুরচে, কেউ বা দূরে দূরে গাছের ডালে কি পাথরের ওপরে বসেচে—খুব ধীরভাবে প্রতীক্ষা করচে। ওরা যেন বলচে—কোথায় যাবে বাছাধন ? যে ক'দিন লাফালাফি করবে, করে নাও। আমরা বসি, এমন কিছু তাড়াতাড়ি নেই আমাদের।

শঙ্করের খিদে নেই। খাবার ইচ্ছেও নেই। তবুও সে গুলি করে একটা শকুনি মারলে। রৌদ্র ভীষণ চড়েচে। আগুন-ভাতা পাথরের গায়ে পা রাখা যায় না! এ পর্ববতও মরুভূমির সামিল, খাত এখানে মেলে না, জলও না। সে মরা শকুনিটা নিয়ে এসে আগুন জ্বেলে ঝলসাতে বসলো। এব আগো মরুভূমির মধ্যেও সে শকুনির মাংস খেয়েচে। এরাই এখন প্রাণধারণের একমাত্র উপায়, আজ ও খাচে ওদের, কাল ওরা খাবে ওকে। শকুনিগুলো এসে আবার মাথার ওপর জুটেচে।

তার নিজের ছায়া পড়েচে পাথরের গায়ে, সে নির্জন স্থানে শঙ্করের উদ্প্রান্ত মনে ছায়াটা যেন আর একজন সঙ্গা মনে তোল। বোধ হয়, ওর মাথা খাবাপ হয়ে আসচে.... কারণ বেঘার অবস্থায় ও কত বার নিজের ছায়ার সঙ্গে কথা বলতে লাগলো....কতবার পরক্ষণের সচেতন মুহূর্ত্তে নিজের ভুল বুঝে নিজেকে সামলে নিলে।

সে পাগল হয়ে যাচেচ নাকি ? জ্বর হয়নি তো ? তাব মাথার মধ্যে ক্রমশঃ গোলমাল হয়ে যাচেচ সব। আলভারেজ ···হীরের খনি···পাহাড়, পাহাড়, বালির সমুদ্র··· আন্তিলিও গান্তি···কাল রাত্রে ঘুম হয়নি.... আবার রাত আসচে, সে একটু ঘুমিয়ে নেবে।

কিসের শব্দে ওর ভক্রা ছুটে গেল। একটা অন্তুত ধরণের শব্দ আসচে কোন্ দিক থেকে? কোন পরিচিত শব্দের মত নয়। কিসের শব্দ? কোন্ দিক থেকে শব্দটা আসচে ভাও বোঝা যায় না। কিন্তু ক্রমশঃ কাছে আসচে সেটা।

° হঠাৎ আকাশের দিকে শঙ্করের চোথ পড়তেই সে অবাক্ হয়ে চেয়ে রইল•••তার মাথার ওপর দিয়ে আকাশের পথে বিকট শব্দ কবে কি একটা জিনিস যাচেচ। ওই কি এরোপ্লেন ? সে বইয়ে ছবি দেখেছে বটে।

এরোপ্লেন যখন ঠিক মাথার ওপর এল, শঙ্কর চীৎকার করলে, কাপড় ওড়ালে, গাছেব ডাল ভেঙে নাড়লে, কিন্তু কিছুতেই পাইলটের দৃষ্টি আকর্ষণ করতে পারলে না। দেখতে দেখতে এরোপ্লেনখানা স্থদূরে ভায়োলেট্ রঙেব পল্কুগার পর্বতমালার মাথার ওপর অদৃশ্য হয়ে গেল।

হয়তো আরও এরোপ্লেন যাবে এ পথ দিয়ে। কি আশ্চর্য্য দেখতে এরোপ্লেন জিনিসটা। ভারতবর্ষে থাকতে সে এক-খানাও দেখেনি।

শঙ্কর ভাবলে আগুন জালিয়ে কাঁচা ডাল পাতা দিয়ে সে যথেষ্ট ধোঁয়া করবে। যদি আবার এ পথে যায়, পাইলটের দৃষ্টি আকৃষ্ট হবে ধোঁয়া দেখে। একটা স্থবিধে হয়েচে, এরোপ্লেনের বিকট আওয়াজে শকুনির দল কোন দিকে ভেগেটে।

সেদিন কাট্ল। দিন কেটে রাত্রি হবার সঙ্গে সঙ্গে শঙ্করের তুর্ভোগ হোল শুরু। আবার গত রাত্রির পুনরাবৃত্তি। সেই কোয়োটের দল আবার এল। আগুনের চারিধারে তারা আবার তাকে ঘিরে বসলো। নেক্ড়ে বাঘটা সন্ধ্যা না হতেই দূর থেকে একবার দেখে গেল। গভীর রাত্রে আব একবার এল।

কিসে এদের হাত থেকে পরিত্রাণ পাওয়া যায় ! আওয়াজ করতে ভরসা হয় না—টোটা মাত্র ছটী বাকী। টোটা ফুরিয়ে গেলে তাকে অনাহারে মরতে হবে। মরতে তো হবেই, তবে ছ'দিন আগে আর পিছে: যতক্ষণ খাস ততক্ষণ আশ।

কিন্তু আওয়াজ তাকে করতেই হোল। গভীব বাত্রে হায়েনাগুলো এসে কোয়োটদের সাহস বাড়িয়ে দিলে। তাবা আরও এগিয়ে সরে এসে তাকে চারি ধার খেকে ঘিরলে। পোড়া কাঠ ছুঁড়ে মারলে আর ভয় পায় না।

একবার একটু তন্ত্রামত এসেছিল—বসে বসেই চুলে পড়েছিল। পর মুহুর্ত্তে সঙ্গাগ হয়ে উঠে দেখলে, নেকড়ে বাঘটা অন্ধকার থেকে পা টিপে টিপে তার অত্যন্ত কাছে এসে পড়েচে। ওর ভয় হোল; হয়তো ওটা ঘাড়ে কাঁপিয়ে পড়বে। ভয়ের চোটে একবার গুলি ছুড়লে, আর একবার শেষ রাত্রের দিকে ঠিক এ রকমই হোল। কোয়োটগুলোর ধৈৰ্য্য অসীম, সেগুলো চুপ করে বসে থাকে মাত্র, কিছু বলে না। কিন্তু নেকড়ে বাঘটা ফাঁক খুঁজ চে।

রাত ফর্দা হবার সঙ্গে সঙ্গে তৃঃস্বপ্নের মত অন্তর্হিত হয়ে গেল কোয়োট্, হায়েনা ও নেকড়ের দল। সঙ্গে সঙ্গে শঙ্করও আগুনের ধারে শুয়েই ঘুমিয়ে পড়লো।

একটা কিসের শব্দে শঙ্করেব ঘুম ভেঙে গেল।

খানিকট। আগে খুব বড একটা আওয়ান্ধ হয়েছে কোনেঃ কিছুব। শঙ্করের কাণে তার রেশ এখনও লেগে আছে।

কেউ কি বন্দুকেব আওয়াজ করেচে ? কিন্তু তা অসম্ভব। এই তুর্গম পর্বতের পথে কোন মান্তুষ আসবে গ

একটা মাত্র টোটা অবশিষ্ট আছে। শঙ্কর ভাগ্যেব ওপব নির্ভর কবে, সেটা খবচ কবে একটা অওয়াজ করলে। যা থাকে কপালে, মবেচেই তো। উত্তরে ত্'বার বন্দুকেব আওয়াজ হোল।

আনন্দে ও উত্তেজনায় শহর ভুলে গেল যে তার পা থোঁড়া, ভুলে গেল যে সে একটানা বেশীদূরে যেতে পারে না। তাব আব টোটা নেই—দে আব বন্দুকের আওয়ান্ধ করতে পারলে না—কিন্তু প্রাণপণে চীংকাব কবতে লাগলো, গাছেব ডাল ভেঙে নাড়তে লাগলো, আগুন জ্বালাবার কাসকুটোব সন্ধানে চাবিদিকে আকুল-দৃষ্টিতে চেয়ে দেখতে লাগলো।

* * * *

কুগার আশতাল পার্ক জরীপ করবার দল, কিম্বালি থেকে

কেপ টাউন যাবার পথে, চিমানিমানি পর্বতের নীচে কালাহারি
মরুভূমির উত্তর পূর্ব্ব কোণে তাবু ফেলেছিল। সঙ্গে সাতথানা
ডবল টায়ার ক্যাটারপিলার চাকা বসানো মোটর গাড়ী। এদের
দলে নিগ্রো কুলী ও চাকর বাকর বাদে ন'জন ইউরোপীয়।
জন চারেক হরিণ শিকার করতে উঠেছিল চিমানিমানি পর্বতের
প্রথম ও নিমুভ্ম থাকটাতে।

ইঠাৎ এ জনসীন অরণ্যপ্রদেশে সভ্য রাইফেলের আওয়াজে ওরা বিশ্বিত হয়ে উঠ্ল। কিন্তু ওদের পুনরায় আওয়াজের প্রভ্যুত্তর না পেয়ে ইতস্ততঃ খুঁজতে বেরিয়ে দেখতে পেলে, সামনের একটা অপেক্ষাকৃত উচ্চতর চূড়া থেকে, এক জীর্ণ ও কঙ্কালসার কোটরগতচক্ষ্ প্রেতমূত্তি উন্মাদের মত হাত পা নেড়ে তাদের কি বোঝাবার চেষ্টা করচে। তাব পরণে ছিন্নভিন্ন অতি মলিন ইউরোপীয় পরিচ্ছদ।

ওরা ছুটে গেল। শঙ্কর আবোল তাবোল কি বকলে, ওরা ভাল বৃঝতে পারলে না। যত্ন করে ওকে নামিয়ে পাহাড়ের নীচে ওদের ক্যাম্পে নিয়ে গেল। ওর জিনিসপত্রও নামিয়ে আনা হয়েছিল। তথন ওকে বিছানায় শুইয়ে দেওয়া হোল।

কিন্তু এই ধাকায় শঙ্করকে বেশ ভুগতে হোল। ক্রমাগত অনাহারে, কণ্টে, উদ্বেগে, অথাত কুথাতা ভক্ষণের ফলে, তার শরীর খুব জখম হয়েছিল—সেই রাত্রেই তার বেজায় জ্বর এল। জবে সে অঘোৰ অতৈতক্স হয়ে পড়লো—কখন যে মোটৰ গাড়ী ওখান থেকে ছাড়লো, কখন যে তাবা সল্স্বেরীতে পৌছলো, শহুবেৰ কিছু খেয়াল নেই। সেই অবস্থায় পনেবো দিন সে সল্স্বেৰীৰ হাসপাতালে কাটিয়ে দিলে। তাৰপর ক্রেমশঃ স্বস্থ হযে মাসখানেক পৰে একদিন সকালে হাসপাতাল থেকে ছাড়া পেয়ে বাইবেৰ ৰাজপথে এসে দাঁড়ালো।



চোদ্দ

সল্স্বেরি! কত দিনের স্বপ্ন!...

আজ দে সত্যিই একটা বড় ইউরোপীয় ধরণের সহবেক ফুটপথে দাঁড়িয়ে। বড় বড় বাড়ী, ব্যাহ্ব, হোটেল, দোকান, পিচ্ ঢালা চওড়া রাস্তা, একপাশ দিয়ে ইলেক্ ট্রিক ট্রাম চলেচে, জুলু রিক্সাওয়ালা রিক্সা টানচে, কাগজওয়ালা কাগজ বিক্রী করচে। স্বই যেন নতুন, যেন এ সব দৃশ্য জীবনে কথনো দেখেনি।

লোকালয়ে তো এসেচে, কিন্তু সে একেবারে কপর্দ্দকশৃতা।
এক পেয়ালা চা খাবাব প্য়সাও তাব নেই। কাছে একটা
ভারতীয় দোকান দেখে তার বড় আনন্দ হোল। কতদিন যে
দেখেনি স্বদেশবাসীর মুখ! দোকানদার মেমন মুসলমান,
সাবান ও গন্ধদ্বব্যের পাইকারী বিক্রেতা। খুব বড় দোকান।
শন্ধরকে দেখেই সে বুঝলে এ তঃস্থ ও বিপদগ্রস্ত। নিজে তু'
টাকা সাহায্য করলে ও একজন বড় ভারতীয় সওদাগবেব সঙ্গে
দেখা করতে বলে দিলে।

টাকা হুটী পকেটে নিয়ে শঙ্কর আবাব পথে এসে দাড়ালো।
আসবার সময় বলে এল—অসীম ধন্তবাদ টাকা হুটীর জন্তে,
এ আমি আপনার কাছে ধার নিলাম, আমার হাতে পয়সা এলে
আপনাকে কিন্তু এ টাকা নিতে হবে। সামনেই একটা

ভারতীয় রেষ্টুরেন্ট। সে ভাল কিছু খাবার লোভ সম্বরণ করতে পারলে না। কতদিন সভ্য খান্ত মুখে দেয়নি। সেখানে ঢুকে এক টাকার পুরী, কচুরী, হালুয়া, মাংসের চপ, কেক্ পেট ভরে খেলে। সেই সঙ্গে ছ'তিন পেয়ালা কফি।

চায়ের টেবিলে একখানা পুরোনো খবরের কাগজের দিকে তার নজর পছলো। তাতে একটা জায়গায় বড় বড অক্ষরের হেড্লাইনে লেখা আছেঃ—

National Park Survey Party's Singular Experience
A Ionely Indian found in the desert
Dying of thirst and Exhaustion
His strange story

শাংশর দেখলে, তাব একটা ফটোও কাগজে ছাপা হয়েচে। তার মুখে একটা সম্পূর্ণ কাল্পনিক গল্পও দেওয়া হয়েচে। এ রকম গল্প সে কারো কাছে করে নি।

খবরের কাগজখানাব নাম 'সল্স্বেরী ডেলি ক্রনিক্ল্'। সে খবরের কাগজের আপিসে গিয়ে নিজের পরিচয় দিলে। তার চারিপাশে ভিড় জমে গেল। ওকে খুঁজে বার করবার জফ্যেদ রিপোটারের দল অনেক চেষ্টা করেছিল জানা গেল। সেখানে চিমানিমানি পর্বতে পা-ভেঙ্গে পড়ে থাকার গল্প বলেও ফটো তুলতে দিয়ে শঙ্কর পঞ্চাশ টাকা পেলে। ও থেকে সে আগে সেই সন্থদয় মুসলমান দোকানদারের টাকা ছটী দিয়ে এল।

ওদের দৃষ্ট আগ্নেয়গিরিটার সম্বন্ধে সে কাগজে একটা

প্রবন্ধ লিখলে। তাতে আগ্নেয়গিরিটার ও নামকরণ করলে নাউণ্ট্ আলভারেজ। তবে মধ্য আফ্রিকার অরণ্যে লুকানো একটা এত বড় আস্ত জীবন্ত আগ্নেয়গিরির এই গল্প কেউ বিশ্বাস করলে, কেউ করলে না। অবিশ্বি রত্নের গুহার বাষ্পও সে কাউকে জানতে দেয় নি। দিলে দলে দলে লোক ছুটবে ওর সন্ধানে।

তারপরে একটা বইয়ের দোকানে গিয়ে সে এক রাশ ইংরেজী বই ও মাসিক পত্রিকা কিনলে। বই পড়েনি কতকাল! সন্ধ্যায় একটা সিনেমার ছবি দেখলে। কতকাল পরে রাত্রে হোটেলের ভাল বিছানায় ইলেক্টি ক আলোর তলায় শুয়ে বই পড়তে পড়তে সে মাঝে মাঝে জানালা দিয়ে নীচের প্রিন্স আলবার্ট ভিক্টর ষ্ট্রীটের দিকে চেয়ে চেয়ে দেখছিল। ট্রাম যাচ্ছে নীচে দিয়ে, জুলু রিক্সাওয়ালা রিক্সা চালিয়ে নিয়ে যাচেচ, ভারতীয় কফিখানায় ঠুনুঠ্ন কবে ঘণ্টা বাজচে, মাঝে নাঝে ছ' চাবখানা মোটরও যাচেচ। এব সঙ্গে মনে হোল আর একটা ছবি—সাম্নে আগুনেব কুগু, কিছুদূরে বুত্তাকাবে ঘিবে বঙ্গে আছে কোয়োট্ ও হায়েনার দল। ওদের পিছনে নেকড়েটার ছটো গোল গোল চোখ আগুনের ভাটার মত জল্ছে অন্ধকারের মধ্যে।

ইতিমধ্যে সল্স্বেরীতে সে একজন বিখ্যাত লোক হয়ে

গেল। রিপোর্টারের ভিড়ে তার হোটেলের হল সব সময় ভিত্তি। খবরের কাগজের লোক আসে তার ভ্রমণ বৃত্তান্ত ছাপাবার কণ্ট্রাক্ট করতে, কেউ আসে ফটো নিতে।

আন্তিলিও গান্তির কথা সে ইটালিয়ান কনসাল্ জেনারেলকে জানালে। তাঁর আপিসের পুরোণো কাগজপত্র যেঁটে জানা গেল, আন্তিলিও গান্তি নামে একজন সম্রাস্ত ইটালিয়ান যুবক ১৮৭৯ সালের আগষ্ট মাসে পটু গীজ পশ্চিম আফ্রিকার উপকূলে জাহাজ ডুবি হবার পরে নামে। তারপর যুবকটীর আর কোনো পান্তা পাওয়া যায় নি। তার আত্মীয় স্বজন ধনী ও সম্রাস্ত লোক। ১৮৯০-৯৫ সাল পর্য্যন্ত তারা তাদের নিরুদ্ধিষ্ট আত্মীয়ের সন্ধানেব জন্যে পূর্ব্ব পশ্চিম ও দক্ষিণ আফ্রিকার কনস্থলেট্ আপিসকে জ্বালিয়ে খেয়েছিল, পুরস্কার ঘোষণা করাও হয়েছিল তার সন্ধানেব জন্যে। ১৮৯৫ সাল থেকে তারা হাল ছেডে দিয়েছিল।

পূর্কোক্ত মুসলমান দোকানদারটীব সাহায্যে সে ব্ল্যাকমুন ষ্ট্রীটের বড় জহুরী রাইডাল ও মর্সবিব দোকানে চারখানা পাথর সাড়ে বত্রিশ হাজার টাকায় বিক্রী করলে। বাকী হু'খানার দর আরও বেশী উঠেছিল, কিন্তু শঙ্কর সে হু'খানা পাথর তার মাকে দেখাবার জন্মে দেশে নিয়ে গেতে চায়। এখন বিক্রী করতে তার ইচ্ছে নেই। নীল সমুদ্র !

বম্বেগামী জাহাজের ভেকে দাঁড়িয়ে পটু গীজ পূর্ব্ব আফ্রিকার বেইরা বন্দরের নারিকেলবনশ্যাম তীরভূমিকে মিলিয়ে যেতে দেখতে দেখতে, শঙ্কর ভাবছিল তার জীবনের এই এ্যাড্ভেঞ্চারের কথা। এই তো জীবন, এই ভাবেই তো জীবনকে ভোগ করতে চেয়েছিল সে। মারুষের আয়ু মানুষের জীবনের ভুল মাপকাটি। দশবংসরের জীবন উপভোগ করেচে সে এই দেড় বছরে। আজ সে শুধু একজন ভবঘুরে পথিক নয়, একটা জীবস্ত আগ্নেয়গিরির সহ-আবিষ্কারক। মাউন্ট আল্ভারেজকে সে জগতে প্রসিদ্ধ করবে। দূরে ভারত মহাসমুদ্রের পারে জননী জন্মভূমি পুণ্যভূমি ভারতবর্ষের জন্ম এখন মন তার চঞ্চল হয়ে উঠেচে। তার মনটী উৎস্থক হয়ে আছে, কবে দূর থেকে ·দৃশ্যমান বোম্বাইয়ের রাজাবাই টাওয়ারের উচু চূড়োটা মাতৃভূমির উপকৃলের সান্নিধ্য ঘোষণা করবে....তারপর বাউলকীর্ত্তনগান মুখরিত বাংলাদেশ্বের প্রান্থে তাদের শ্রামল ছোট্রপল্লী....সামনে আসচে বসম্ভ কাল....পল্লীপথে যথন একদিন সজ্নে ফুলের দল পথ বিছিয়ে পড়ে থাকবে, বৌ-কথা-ক ডাকবে ওদের বড় বকুল -গাছটায়....নদীর ঘাটে গিয়ে লাগবে ওর ডিঙি।

বিদায়! আলভারেজ বন্ধু!....সদেশে ফিরে যাওয়ার এই আনন্দের মৃহুর্ত্তে তোমার কথাই আজ মনে হচ্চে। তুমি সেই দলের মানুষ, সারা আকাশ যাদের ঘরের ছাদ, সারা পৃথিবী যাদের পায়ে চলার পথ—আশীর্কাদ কোরো তোমার মহারণ্যের নির্জ্জন সমাধি থেকে, যেন তোমার মত হতে পারি জীবনে, অমনি স্রথ-তঃথে নিস্পত্ত, অমনি নির্ভীক।

বিদায় বন্ধু আতিলিও গান্তি। অনেক জন্মের বন্ধু ছিলে তুমি।

তোমরা সবাই মিলে শিখিয়েছ চীন দেশে প্রচলিত সেই প্রাচীন ছডাটীর সত্যতা—

ছাদের আল্সের দিব্যি চৌরস একখানা টালি হয়ে অনড় অবস্থায় সুখে-স্বচ্ছন্দে থাকার চেয়ে স্ফটিক প্রস্তর হয়ে ভেঙে যাওয়াও ভালো, ভেঙে যাওয়াও ভালো, ভেঙে যাওয়াও ভালো।

* * * *

আবার তাকে আফ্রিকায় ফিরতে হবে। এখন জন্মভূমির টান বড় টান। জন্মভূমির কোলে এখন সে কিছুদিন কাটাবে। তাবপর দেশেই সে কোম্পানী গঠন করবার চেষ্টা করবে— আবার স্তদূর রিখটারস্ভেল্ড পর্বতে ফিরবে রত্নখনির পুনর্বার অনুসন্ধানে—খুঁজে সে বার করবেই।

ততদিন —বিদায়!

পরিশিষ্ট

সল্প্বেরি থাকতে সে সাউথ রোডেসিয়ান মিউজিয়ামেক কিউরেটর প্রসিদ্ধ জবতর্বিদ্ ডাঃ ফিট্জেরাল্ডের সঙ্গে দেখা করেছিল, বিশেষ করে বুনিপের কথাটা তাঁকে বলবার জ্বত্যে। দেশে আসবার কিছুদিন পবে ডাঃ ফিট্জেরাল্ডএর কাছ থেকে শঙ্কব নিম্নলিখিত পত্রথানা পায়।

> The South Rhodesian Museum Salisbury, Rhodesia South Africa January 12, 1911

Dear Mr. Choudhuri

I am writing this letter to fulfil my promise to you to let you know what I thought about your report of a strange three-toed monster in the wilds of the Richtersveldt Mountains. On looking up my files I find other similar accounts by explorers who had been to the region before you, specially by Sir Robert Mc Culloch, the famous naturalist, whose report has not yet been published, owing to his sudden and untimely death last year. On thinking the matter over, I am inclined to believe that the monster you saw was

related to the gorilla, but much bigger in size and more savage than the specimens found in the Ruwenzori and Virunga Mountains. This species is becoming rarer and rarer every day, and such numbers as do exist are not easily to be got at on account of their shyness and the habit of hiding themselves in the depths of the high-altitude rain forests of the Richtersveldt. It is only the very fortunate traveller who gets glimpses of shem, and I should think that in meeting them he runs risks proportionate to his good luck.

Congratulating you on both your luck and pluck:

I remain Yours Sincerely J. G. Fltzgerald